১৯৫২ সাল। আমি তখন আমার পিতার চাকরিসূত্রে তদানীন্তন বৃহত্তর ঢাকা জেলার মহকুমা শহর মুন্সিগঞ্জে ছিলাম। তখন সেখানে তিনটি শিক্ষা প্রতিষ্ঠান খুবই নামকরা ছিল। যথা হরগঙ্গা কলেজ, মুন্সিগঞ্জ হাইস্কুল ও ভিভিএস পার্লস হাই স্কুল। ছিল ইদ্রাকপুর ফোর্ট। তিন মাইল দূরে বদলাল সেনের রামপাল। তখন রামপালের সাগর কলা খুবই বিখ্যাত ছিল ও ছিল বদলাল সেনের দীঘি। সেখানে ছিল বাবা আদমের মাজার ও মসজিদ। যদিও শহর কয়েকটি পাড়ায় বিভক্ত ছিল কিন্তু শহরটি ছিল একটি রাস্তার শহর। সঙ্গে ছিল ধলেশ্বরী নদী থেকে বয়ে যাওয়া একটি প্রশস্ত খাল, যা মাউক্কাহাটি, দিঘির পাড়ে পদ্মা নদীতে মিশেছিল। বর্তমানে খালটি ভরাট করে প্রশস্ত রাস্তা করা হয়েছে। খালের ওপার যাওয়ার জন্য ছিল চারটা কার্টের মজবুত পুল। আমরা প্রথমে দেওভোগ নামে একটি পাড়ার একতলা দালানে থাকতাম পরে এলাম খালের পাড়ে একটি পাড়ায়। অনেক জায়গা নিয়ে ছিল বাড়িটি। আমি ১৯৫২ সালে ক্লাস ত্রিতে ভর্তি হলাম। ক’দিন পরেই বাংলা ভাষার আন্দোলন শুরু হয়ে গেল। আমার পিতা চাকরিসূত্রে মাঝে মাঝে ঢাকায় যেতেন। তার মুখে আন্দোলনের কথা শুনতাম। শুনতাম স্কুলে ছাত্রবন্ধু ও বড় ভাইদের মুখে। তখন শহরটি শিল্প সাহিত্য ও কৃষ্টিতে খুব নামকরা ছিল। ফেব্রুয়ারি মাসে শহরটি ছাত্র-যুবাদের একটি আন্দোলনের শহর হিসেবে তৎপর হয়ে উঠল। সারা শহরটি তখন ফেস্টুন, ব্যানার ও কার্টুনসহ প্রাকার্তে ছেয়ে গেল। প্রত্যেক দিন সকালে-বিকালে কলেজ গ্রাঙ্গণ ও স্কুলগুলো আন্দোলনে মেতে থাকত। কলেজ গ্রাঙ্গণ ছিল আন্দোলনের মূল কেন্দ্র। তিনতলা হোস্টেল ও অন্যান্য হোস্টেলে গ্রুচর ছাত্র থাকত, কেননা কলেজের পরিবেশটি ছিল অপরিমিত সুন্দর ও প্রাকৃতিক সৌন্দর্যে ভরপুর। তিনটি বড় খেলার মাঠ ছিল। আন্দোলনে গ্রাঙ্গণপারা ছাত্র জনতা সারাদিন উবেলিত থাকত। আমরাও বড়দের নির্দেশমতো তাদের সঙ্গে যোগ দিতাম। থানা খেরাও করে প্রোগান দেয়া ও কোর্টের সামনে পিকেটিং করা ইত্যাদি। আমাদের স্কুল ও কোর্টের মধ্যে ছোট্ট একটি খাল ছিল। পার হওয়ার জন্য ছিল দুটি পুল। খাল দিয়ে নৌকা চলত। তখন ছাত্র নেতাদের মধ্যে ছিল কাজী ভাইয়েরা। যেমন কাজী গওহর, কাজী ফারুক ও কাজী ইকবাল। আরো ছিল খসরু সিনহারা দুই ভাই, শিল্পী আব্দুল হাই ও শিল্পী নুরুল ইসলাম (তিনি আত্মহত্যা করেছিলেন) ও জনাব মাহবুবুল আলম (সাংবাদিক ও রাষ্ট্রদূত) ছিলেন।

আমাদের স্কুলের সহকারী প্রধান শিক্ষক ছিলেন মোয়াজ্জেম স্যার। কলেজ ছাত্রাবাসের ১০০% ছাত্রই আন্দোলনে জড়িত ছিলেন কিন্তু আমার শুধু মাদারীপুরের ছামাদ ভাইয়ের কথাই মনে আছে। মুন্সিগঞ্জ হাইস্কুলের অনেকের নাম মনে করতে পারি, যারা আমার বড় ভাই সৈয়দ শহিদুল হাসান (১৯৭১ সালের ২৬ মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক ১২-এফ এ পাকিস্তান ক্যাপ্টেন কর্তৃক নৃশংসভাবে নিহত) তার স্কুলের সহপাঠী ও অন্য ছাত্ররা। তবে আমার মনে আছে অনেক শিক্ষক ও গ্রুচর সাধারণ ছাত্র ছাড়াও স্কুলের সর্বস্তরের ছাত্রছাত্রী এই ভাষা আন্দোলনের প্রত্যক্ষভাবে জড়িত ছিলেন।

ছোট শহর দিনরাত প্রোগানে মুখরিত থাকত। যাদের কথা মনে আছে তাদের মধ্যে জনাব ইমরুল চৌধুরী, নুরুল ইসলাম (অনু), তার বোন (বর্তমান এমপি)। তিনি খুব তেজস্বী ছাত্রী ছিলেন ও তার সঙ্গীরা, সুশান্ত ঘোষাল, প্রশান্ত ঘোষাল, মহিউদ্দীন, আব্দুস সামাদ (টেলিসামাদ), গজারিয়ার বাতেন ভাইয়েরা, কলেজ পাড়ার আকরাম ভাই ও তার সঙ্গীরা, শ্রীপল্লীর চক্রবর্তী ও গাঙ্গুলী পরিবারের ছেলে-মেয়েরা ও রায় বাহাদুর গুহ পরিবারের দু-একজন সদস্য। আরো ছিল আমাদের বাংলার শিক্ষক ইসরাইল স্যারের ছেলেরা। আমার সঙ্গে ছিল ক্লাসের সঙ্গী বাজু, ঘনা, অন্যান্য নিচের ক্লাসের ছাত্ররা ও মুকুল ফৌজের আশেক ভাই এবং তার সঙ্গীরা। আজ এবং জীবনের শেষ দিকে এসে অনেকের কথা মনে নেই। যাদের কথা শিখলাম, তারা ১৯৫২ সালের ভাষা আন্দোলনে প্রচুর অবদান রেখেছিলেন। অনেক আন্দোলনরত কলেজ ছাত্র ব্যক্তিগতভাবে ঢাকার কেন্দ্রীয় কমিটির সঙ্গে যোগাযোগ রক্ষা ও আন্দোলনের ধারা বজায় রাখতেন। ঢাকা থেকেও ছাত্রনেতারা এখানে আসতেন ভবিষ্যৎ কর্মসূচী ও আলোচনার উদ্দেশ্যে। এছাড়াও বড়দের মুখে শুনতে পেতাম যে, ঢাকার কেন্দ্রীয় কমিটিতে আন্দোলনে বড় অবদান রেখেছিলেন যে সব ছাত্রবৃন্দ তাদের মধ্যে মতিন, জনাব আলীউদ্দিন, জনাব তোহা, জনাব গাজীউল হক, জনাব আবুল কাশেম ও জনাব গোলাম আজম, জনাব অলি আহাদ, যিনি এস.এম. হলে ছাত্র ইউনিয়নের সম্পাদক ছিলেন। পরবর্তীতে জনাব গোলাম আজম জামায়াতে ইসলাম আন্দোলনের প্রধান নেতা হন ও ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনের বিরোধিতা করে লক্ষ মুক্তিযোদ্ধা ও বাঙালী হত্বক হিসাবে পরিচিত লাভ করেন। এছাড়াও খেলাফত ও তমদ্দুন মজলিসের সদস্যপণও ভাষা আন্দোলনে প্রত্যক্ষ ভূমিকা পালন করেছিলেন। এছাড়াও ছিল হাজী দানের গণতন্ত্রী পার্টি। একদিন এলেন আমার মামা রত্নিভাষা আন্দোলনের সর্বদলীয় কনভেনর কাজী গোলাম মাহবুব। তখন অনেক কিছু বুঝতে পারতাম না কিন্তু এখন যখন টিভি চ্যানেলে আন্দোলন সম্পর্কে বক্তব্য শুনি তখন পুরনো দিনের কথাগুলো মনে পড়ে যায়, সবটুকু না হলেও। তবে এখন অনুধাবন করতে পারি যে, তখন আন্দোলনের দুটি ধারা বজায় ছিল। একটি পুঁজিবাদী ধারা ও অন্যটি সাধারণ মানুষের কথা বলা সাম্যবাদী বা বামধারা। বর্তমানে বাংলাদেশসহ সারা পৃথিবীতে পুঁজিবাদী ধারা অব্যাহত আছে, যা ভবিষ্যতেও চলবে। এখানেই পক্ষিমাদের সার্থকতা।

এছাড়া আমার মনে আছে পরবর্তীতে যেমন ১৯৫৪ সালে মুন্সিগঞ্জ হাইস্কুল নুরুল ইসলাম (অনু) ও আকরাম ভাইদের নেতৃত্বে সমগ্র পূর্ব পাকিস্তানে ফুটবল খেলার আন্তঃস্কুল চ্যাম্পিয়ন হয়ে প্রচুর সুনাম অর্জন করেছিল।

লেখক : মুক্তিযোদ্ধা ও শহীদ পরিবার সদস্য, প্রাক্তন উপ-মহাব্যবস্থাপক



কথার মাহাত্ম্য

রবিউল হোসেন

মানুষকে পটাতে অথবা চটাতে কথার প্রয়োজন অতীব গুরুত্বপূর্ণ এবং তা নির্দিধায় অপরিহার্য। অপরদিকে, নিজেকে প্রকাশ করার একটি শক্তিশালী মাধ্যম হচ্ছে এই কথা। আবার অন্যের উপর নিজের কল্পিত খাটাতে বা প্রভাব বিস্তার করতে অথবা কাউকে বাধ্যনুপিত করে রাখতে মানুষ কথাকেই বিশেষভাবে ব্যবহার করে থাকে যদিও টাকার ভূমিকাকে খাট করা যায় না। কথা একটি আর্ট বা বলা যায় 'কলা'। তাইতো কথাকে কখনও ভাষা-কখনও বাণী, কখনও বক্তৃতা, কখনও ভাষণ, কখনও কথন, কখনও আওয়াজ-কখনও ব্যান, কখনও প্রবাদ-কখনও উক্তি, কখনও বুলি- কখনও আলাপ বা সংলাপ, কখনও প্রলাপ, কখনও শলা কখনও পরামর্শ- কখনও আদেশ, কখনও উপদেশ, কখনও নিষেধ, ইত্যাদি বহুবিধ নামে ডাকা হয়ে থাকে। এক কথায়, কথা বহুরূপী- যেন একই অঙ্গে এত রূপ।

কথাতাই মানুষ কখনও তুট আবার কখনও রুট হয়। কথার কারণে একজনের সাথে অপরজনের বন্ধুত্ব হয় আবার কখনও বন্ধুত্ব ভেঙ্গে তা শত্রুতায় রূপ নেয়। এক এক ভাবের কথা যেমন চাপা কথা, খোলা কথা, গোপন কথা, কানে কানে কথা, ইত্যাদি এক এক সময়ে এক এক ভাবে কাজে লাগে। সময়ের ফেরে অথবা প্রকাশের ঘেরে কথার গুরুত্ব বাড়ে বা কমে। তবে কথা বলতে পারা খুশীর বিষয়। কিন্তু না বলতে পারা অনেক কষ্টের। মুক বা বোবা ছাড়া আর কেউ এমন চরম সত্যটিকে সঠিকভাবে উপলব্ধিতে নিতে পারবে না। কথা চালাচালি এবং কানাকানি করা ভাল কাজ নয়। কারণ তা অনেক সময় অনেক বিপত্তি ঘটাতে পারে। কথা বিভিন্ন ভাবে বলা যায়। যেমন- সরাসরি মুখে, গোপে আড়াআড়ি, হাতে বাড়াবাড়ি, ইশারায়, কলামের খোঁচায়, দুতের মাধ্যমে, ভায়ে-বেতানে, টিকির সাহায্যে কথা বলা হয়ে থাকে। এছাড়াও ডিজিটাল পদ্ধতি যেমন- মুঠো ফোনে, ফুসে বার্তায়, ই-মেইল, সুইফট, ভাইবার, ওয়াটসআপ, অ্যাপস, ইত্যাদির সাহায্যে কথা বলা হয়ে থাকে। কথা ছাড়া কোন কাজ হয় না। আবার অনেক সময় কথার কারণেই অনেক কাজ বিগড়ে যায়। বিয়ে-সাদীর সংলাপে বা অনুষ্ঠানে এমন হয়ে অনেক সময় অনেক অপ্র্যাচিত দুর্ঘটনা ঘটে থাকে। সার্বিকভাবে বলা যায় যে, ভাল কথা বলা ভাল। তবে দুই লোকের মিষ্টি কথা ভাল নয়, মন্দ। তাই তাঁতে ভোলা যাবে না। সেটা বিপদজনক। সরাসরি মৌখিক, দুরালাপনীর বা ডিজিটাল পদ্ধতিতে কথা বললে সময় ও শ্রম দুটোই বাচবে। ফলে সর্বশ্রী সংস্থার খরচও কমে। এমন সাধারণী সময়ে অন্য কাজ করে নিজেকে, পরিবারকে, সমাজকে, তথা দেশ, সমাজ এবং দুনিয়াকে এগিয়ে নেওয়া যায়। এমনটি হচ্ছে বলেই বিশ্ব দুর্বীর পতিতে এগিয়ে চলেছে বিরামহীন শ্রোতের মত নিত্য-নতুন আবিষ্কার এবং উদ্ভাবনের ফসলকে মাথায় নিয়ে।

কথা বনাম গুলি

মানুষের মুখের কথা বা বুলি এবং বন্দুকের গুলি এক অর্থে সমার্থক এবং সমপর্যায়ভুক্ত। কারণ কথা একবার মুখ ফুটে বের হয়ে গেলে সেটা আর ফেরত আনা যায় না। বন্দুকের গুলির মত সোজা গিয়ে তা টার্গেটকে ভেদ করে। গুলি যেমন টার্গেটের বস্তুরকে আঘাত করে অনেক কিছু তছনছ করে গুড়িয়ে দেয় তেমনি কথাও অনেক সময় মানুষের অন্তরকে জ্বালিয়ে পুড়িয়ে ছাই করে দেয়। বন্দুকের গুলির আঘাতে জীবের প্রত্যক্ষ প্রাণনাশ হতে পারে। তবে বুলির আঘাতে সরাসরি প্রাণ নাশ না হলেও তা মানুষের জীবনকে বিনাশ বা তছনছ করে দিতে পারে। যেমন স্বভিত্তিক পদ্ধি বা কুমারী মেয়েদের চরিত্রের/স্বভিত্তিকের উপর মিথ্যা কলঙ্কের কথার কারণে অনেক সময় অসহ্য হয়ে তাদের অনেকে আত্মহত্যার পথ বেছে নেয়।

গুলীর আঘাত কখনও কখনও মেরামতযোগ্য হলেও বুলির আঘাত অধিকাংশ ক্ষেত্রে মেরামতযোগ্যতা খোঁয়ায়। আবার গুলীর আঘাতে ভাঙ্গা বস্তুর অংশবিশেষ অনেক সময় নিখুঁত মেরামতের সাহায্যে জোড়া লাগানো গেলেও তার উপর জোড়ার দাগ থেকেই যায় সেলাইয়ের দাগের মত। কিন্তু বুলির আঘাতে মন একবার ভাঙ্গলে তা কাঁচের বা মাটির ভাঙ্গা পাত্রের মত খাঁ খাঁ হয়ে যায়। তথাপি কখনও কখনও সেই ভাঙ্গা মনের জ্বরদন্তি বা আপস-মীমাংসার জোড়ার দাগ ছেড়া কাপড়ের সেলাইয়ের দাগের মত অদৃশ্যভাবে মানুষকে তার পুনানো চাপা ব্যাখার স্তম্ভ ক্ষতের কথা নিতৃত করে সরণ করিয়ে দিয়ে তার মনকে কষ্ট দিতে কসূর করে না। বড় নিষ্ঠুর এবং নির্মম সেই বেদনা।

আবার কথার সাথে ভাবের বা সুরের মধু-মিলন হয় ঐশ্বরীভাবে। এ-দুয়ের এক মিলনে ছন্দ গড়ে যা মানুষের উত্থান ঘটায় আবার অপর মিলনে ছন্দ পড়ে যা হ্রোথ ও হৃদয়ের খোলসে মানুষের পতন ঘটায়। কথিত মিলন দুভাবে হয়ে থাকে। যেমন-(ক) নরমে; আর (খ) গরমে। অর্থাৎ, একই শব্দ তথা ভাষা কিছু কিছু জমজ সত্ত্বানের মত অংশে বা বর্ণে অবিকল এক রকম দেখা গেলেও তার সাথে নরম সুর মিললে বা গরম স্বর

ভাজালে সেই শব্দের ভাব বা মর্মার্থ পৃথক রূপ ধারণ করে বসতে পারে।। অর্থাৎ বলা যায় একই শব্দ মোলায়েম সুরে বলা হলে স্বাগতম বা অভ্যর্থনা বোঝাতে পারে আবার সেই শব্দটিই পরম মেজাজের রূপ স্বরে বা সুরে বলা হলে নিষ্ঠুর অর্থচন্দ্র বা গলা ধাক্কা দেওয়া বোঝাতে পারে। সংক্ষেপে বলা যায়, একই শব্দ কখনও মানুষকে পটিয়ে সহজ করে দেয় আবার কখনও চটিয়ে কঠিন করে দেয়। অর্থাৎ ভাষা বা কথা ভাল সুরের শুনে বা মন্দ স্বরের শোনে একে-অপরের মধ্যে পরম মধুর নরম অথবা চরম শঙ্কতার পরম সম্পর্ক সৃষ্টি করতে পারে। আবারও বলা যায়, সন্তসোষে পক্ষপাল সেজে কেতের ফসল নষ্ট করার মত একাধিক বর্ষ সম্মিলিত নির্বাক ভাষা বা সরল দিবীহ শব্দ দুই মানুষের রূঢ় ব্যবহারের কর্কষ স্বরের সাথে মিশে মানুষের মনোকার বিদ্যমান ভাল সম্পর্কও ভেঙ্গে গুড়ে তা জীবন নাশের মত মহা যাতকী শঙ্কতায় পরিণত হতে পারে।

কথার বা ভাবার এমন বিচারী আচরণকে একটি উপমা হলে আর একটু খোলসা করে বলা যায়। যেমন- বিয়ের আগের রোমাঞ্চিক যৌবন কালে প্রেমিক যুগলের সরস এবং আবেগী গোপন আলাপন সেই যুগলের বিবাহউত্তর সংসার জীবনের বাস্তব আলাপনের সংশ্লিষ্ট মিল না থেকে সেখানে বিস্তর তফাত বা ব্যবধান দেখিয়ে দিতে পারে। অর্থাৎ, বিয়ের কিছুদিন পর নানান বাস্তব চাপে জীবনের হ্রং কমলে এবং চং ফুরালে অনেক স্বামী-স্ত্রীর সম্পর্কের মধ্যে এমন অবস্থার সৃষ্টি হতে পারে যখন একজনের কথা অপর জনের ভাল লাগা তো দূরের কথা, সহ্যই হয় না। একপক্ষ ভালভাবেও কোন কথা জিজ্ঞেস করলে অপর পক্ষের কাছ থেকে তার সরল জবাব আসেনা। প্রত্যাশিত নরম জবাবের বদলে আসে ঝাঁকালো স্বরের কড়া সপ্রশ্ন উত্তর। যেমন, সাহেব যদি ভাল মনে করে নরম সুরে বিবিকে জিজ্ঞেস করে, 'তুমি খেয়েছ?' স্ত্রীর কষ্ট মেজাজ হতে কর্কষ জবাব আসে, 'দেখতে পাও না, খেয়েছি কিনা? সংসারের ঘানি টানতে টানতে আমার জীবন শেষ, মরার সময় নেই, আমার আবার খাওয়া!' তখন স্ত্রীর মনে ভাবতে সাহেব আদরের ছলে একটু কাছে এগিয়ে গেলে হয়তো রাম ধাক্কা খেয়ে তাকে কনতে হয় 'সরে যাও; বুড়ো কালে জুয়ানকি ঠাঁট।' এটা রোমাঞ্চের ছলা বা ভালবাসার সূত্র 'কলা' ও হতে পারে। কিন্তু সাহেবের মনে তখন তা প্রশান্তির বদলে অশান্তি চড়ায়। স্বামী বেচারী, অবিকাংশ সময় নানান কামেলায় থাকে বলে সহধর্মিনী স্ত্রীর উপর তার আচরণ সকল সময়ে হয়তো রোমাঞ্চিক হয় না। কিন্তু বেগম/স্ত্রী জ্বল বুঝে প্রায় সকল সময়েই সাহেবের প্রতি বিতুল্ল আবেগ দেখিয়ে থাকেন। এমন বিষয়টি পাল্লা বদলে, পট পাল্টে উল্টোটাও ঘটতে পারে অর্থাৎ নিরস স্বামীর নিকষ ব্যবহারে সরস স্ত্রীকে অবাক্তিত গঞ্জনা পোহাতে হতে পারে।

যাহোক, স্ত্রীর এমন প্রায়শ কড়া কাড়ী এবং ঝড়ো অপমানের বিতুল্ল বেড়ে দিনে দিনে দুজনের মধ্যে গ্যাপ বা ফাঁক তৈরি করে সংসারে তা অশান্তির পথ খুলে দেয়। সমান্তরাল রেললাইনের বিতুল্ল পথের মত সেই গ্যাপ গোপনে সূত্র অধেবের হাত ধরে অসহায় স্বামীর জীবনে একটু শান্তির পরশ বুলিয়ে দিতে ধীরে ধীরে তাকে টেনে নিয়ে দাড় করাতে পারে পারকিয়ায় দ্বারে। স্বামী তখন সেখানের নতুন মজার স্বাদের জোয়ারে ভাসতে নিয়ে বিবিধ দুর্নীতিতে জড়িয়ে পড়তে পারে। এমনটি হলে সংসারের উপর তার আন্তরিক টানে ভাটা পড়তে বাধ্য। স্ত্রী পরে তা টের গেলেও তার যৌক্তিক আক্রমণী স্বভাব পাশ্চাত্য স্বামীকে ফেরাতে ব্যর্থ হতে পারে। তখন গোপন ক্যাসাদ প্রকাশ্য ঝগড়ায় রূপ নিয়ে সন্তানদের মনে তা বিরূপ প্রভাব ফেলতে পারে। পিতার এমন অতত কুকর্মের দোষনীয় আচরণ সন্তানদেরকে ভিতরে ভিতরে আক্রমণ করে তুললে তাদের কেউ জীবন রাখারী হয়ে উঠতে পারে। ফলে অসহায়ের চাপা অশান্তি ভিতরে পুখে দিনে দিনে সে মারমুখী হতে উঠে এবং একসময় কোন অবিষায়া দুর্ঘটনা ঘটলে সকলকে হতভম্ব করে দিতে পারে। এমনটি হলে এর দায়িত্ব সেই নরানাম পিতা-মাতার উপরই বর্তাবে। কারণ তারা সন্তানদেরকে পর্যাপ্ত সময় এবং পরিমিত সোহাগ দিতে পারেনি মাঝেমাঝে সাময়িক কিছু মন-জেলান শিফট দেওয়া ছাড়া। তাইতো আপন সন্তান পর হয়ে বিপড়ে যায়। সে কারণে এখন বলতেই হয় যে, চলমান জীবন প্রক্রিয়ায় স্বয়ংক্রিয়ভাবে সহজে পাওয়া বায়োজিক্যাল পিতা-মাতার অধিকার এবং কৃতিত্বের চেয়ে প্রকৃত বাবা-মা বা অভিভাবক হওয়ার দায়িত্ব এবং কর্তব্য অনেক বেশি এবং অধিক কঠিন। আসলে দায়িত্বই মানুষকে কর্তব্য শেখায়। উপরের উপমাটি অভিজ্ঞ সংসারী অভিভাবকদের কাছে সহজবোধ্য হবে। তবে অবিবাহিত এবং সদ্য বিবাহিত দম্পতির পদ্যায় জীবনের কাছে তা গদ্য হয়ে যথার্থ মুলা বা গুরুত্ব কুড়াতে ব্যর্থ হতে পারে। কারণ বিবাহপূর্ব বাধনহারা ছন্দময় যৌবন যুগলের অস্থির রোমাঞ্চের তীব্র গতি নিয়ন্ত্রিত হয়ে থাকে সেই বেনামাল উঠতি বয়সের আবেগী শ্রোতের প্রবল টানে। সেখানের কমঅভিজ্ঞ তরুণ সাতালকরা প্রকৃত সাতারের প্রতিযোগিতায় নয় বরং তারা তখন চরম অকর্মণীয় দৈহিক মিলনের বাঁধভাঙ্গা জোয়ারে ভাসতে থাকে। এর বিশুল শিহরনের অনাবিল উন্মত্ততায় মত্ত হয়ে তারা হাবু-ডুবু-সাতারে মগ্ন হয়ে যায় প্রেম সাগরে। দুপক্ষের কেউই হারে না সেখানে, উভয়েই উইনার হয়। বলা যায়, উইন উইন শিচুশোশান। তবে উঠতি বয়সে লেখাপড়ার মত প্রধান কাজ ছেড়ে খেলাধুলা বা এমন কোন নির্বোধ দুই কাজের মিষ্টি মোহে জড়িয়ে পড়লে তরুণদের জীবনের মূল গীত দুর্বল হতে তা তাদের কর্মজীবনের সবল প্রতিষ্ঠার পথে কঠিন আঘাত হানে। সেই আঘাতের বোঝা সারাজীবন টানতে হয় কলুর বলদের মত। তখন না পারা যায় বলতে আর না পারা যায় ভালভাবে চলতে। মুখ বুজে সয়ে যেতে হয়। তখন চোখের সামনে হয়তো দেখতে হয় নিজের পরিবারের ধ্বংসাত্মক আদরের পরিবর্তে কড়া শাসন তথা সংযমের শৃঙ্খলে যে সব অপেক্ষাকৃত কম-মেধাবী সমবয়সী পড়মী/বিদুয়া একসঙ্গে বড় হয়েছে তাদের অনেকের জীবনের মান তুলনামূলক ভাল হয়েছে। তখন তাদের সেই উত্তম অবস্থান দেখে স্ত্রী এবং সন্তানদের সন্তুখে মধ্যম বা অধম সহধর্মীদের মন খুব ছেঁটি হয়ে যাওয়া অস্বাভাবিক নয়। কারণ, তখন হয়তো তাদের অনুশোচনা হয় মা-বাবার অতি আদরে বা প্রচণ্ডে কিবা উপযোগী শাসনের অভাবে অথবা উদাসীনতার কারণে হেলোবেলায় নিজেকে সংহত রাখতে পারেনি বলেই এমনটি হয়েছে। কিন্তু তখন অনেক সেরী হয়ে যায়। সেই ক্ষতি সামাল দেওয়া বা পুরা করার আর কোন সুযোগ থাকে না। তাই বলতেই হয়, অপরিণত বয়সে কষ্ট করে নিজেদেরকে সংহত রেখে পরিণত বয়সে নিশ্চিত কেউ পেতে সকলেরই যত্নবান হওয়া উচিত। সকল মা-বাবারও উচিত এই বিষয়টির দিকে বিশেষ খেয়াল দেওয়া।

অবিধাস্য হলেও পরম দুঃখের সাথে একটি সত্য বিষয় বলতেই হয় যে, বিবাহতোর প্রেমিক যুগলের কাছে মা-বাবার চেয়ে সম্বয়সী বন্ধু-বান্ধব বেশি আপন, অধিক বিশ্বাসী এবং সর্বাধিক নির্ভরযোগ্য হয়ে দাঁড়ায়। অপরিণামদর্শী নিরীহ মেয়েরা যখন দুই ছেলেনের খল প্রেমের মোহনীয় ছলের ফাঁদে পড়ে তাদের অড়মরী মিষ্টি কথাব জালে আটকে গিয়ে নির্বোধ প্রেমের শিহরণে হানু-ভুবু খায় তখন মা-বাবা তাদের কাছে শত্রু হয়ে যায়। তাদের মঙ্গলের জন্য হলেও আপন মা-বাবার প্রকৃত ভালবাসাশ্রুত বাস্তব বুঝ বা হিতোপদেশ তাদের (নিরীহ/গোড়া মেয়ে) ভাল লাগে না, বলা যায় তাদের কাছে তা পাত্তা পায় না। মা-বাবার সকল কথাই তারা অবোধ বিদ্রোহী হয়ে উঠে। অপেক্ষাকৃত ধনী ঘরের মেয়ে এবং গরীব ঘরের ছেলেনের অসম-প্রেমের ক্ষেত্রেই এমনটি বেশি হয়। আবার সম্বয়সী বন্ধু-বান্ধবদের অশ্রু-প্রশ্রুয়ে এমন সব অসম প্রেমের দুর্ঘটনা বেশি বিগড়ে যায়। এমন সম্পর্ক অনেক সময় পিতা-মাতা মেনে নেয় না। মেয়েরা তখন দ্বেহময়ী মা-বাবার আজন্ম অকৃত্রিম দ্বেহ-ভালবাসাকে নিষ্টির রোষে শিষে পৈত্রিক নিবাসের আবহ নিরাপদ আর্থিক সহ সার্বিক স্বাচ্ছন্দ ছেড়ে শুধু মোহের বসে কদিনের পরিচিত এক আগন্তকের ভাসমান ভরসার উপর ভুল করে নির্ভর করে জীবনের কুকি নিয়ে তার হাত ধরে বেরিয়ে পড়তে উদ্বৃত হয়। এমন বেইজ্জতি পরিস্থিতিতে লোক-সম্ভার ভয়ে কখনও কখনও মা-বাবা এমন মেয়েকে লোক-দেখানো বিদায় দেয় সীমাহীন কষ্ট মনে চেপে। তবে পরস্পরের মধ্যকার সেই অনাবিল সম্পর্ক আর থাকে না। মা-বাবার দ্বেহের সমর্থন হারিয়ে কঠিন বাস্তব জীবনের রুঢ় রঙ্গমঞ্চে পা দিয়ে অচিরেই মোহ কাটার পর নিদারুন অসহায়ত্বের বহুমুখী চাপে পিষ্ট হয়ে মেয়েরা তখন দিশেহারা হয়ে পড়ে। সেই কষ্ট তখন তারা না পারে সহ্যেতে, না পারে কইতে এবং না পারে তার ভীষন তার বইতে। অপরদিকে, 'মেয়েকে আর দেখবে না' বলে নেওয়া মা-বাবার দৃঢ় প্রতিজ্ঞা তাদের সেই আদুরে মেয়ের নতুন সংসারের কঠিন কষ্টের কাছে পরাস্ত হয় অবশেষে। তাই তারা (মা-বাবা) নিজেনের মনের কষ্ট চেপে সব মান ভুলে মেয়ের জান বাচাতে বা তার কষ্ট মেটাতে সংসোগে হলেও মেয়ে-জামাইয়ের প্রতি তাদের দ্বেহতুর সমর্থনের হাত বাড়িয়ে দেয় সংসোগে। তখন জামাইবাবুর জয় আর স্বভরের পরাজয় হয়। সেই ট্যাগেট-খেলার পুরস্কার হিসাবে চতুর জামাই নিজের হাতের নাগালে পায় রাজ্য এবং রাজকন্যা দুটোই। তার পোয়াবারো হয়।

অপরদিকে, ধনী ঘরের উচ্ছৃঙ্খল ছেলের সাথে অপেক্ষাকৃত গরীব ঘরের সুন্দরী এবং মেধাবী মেয়ের অসম প্রেমও কদাচিত্ টিকে। তাই ধনী-গরীব উভয় ক্ষেত্রের অসম প্রেম মারাত্মক কুকিপূর্ণ হয়। এমন ভালবাসা অবশেষে প্রেম নয়, জ্বালা হয়ে দাঁড়ায়। তাই এ জ্বালার পাল্লা থেকে দূরে থাকাই ভাল।

একটি আতঙ্কের বিষয় এই যে, অধিকাংশ ক্ষেত্রে প্রেমঘটিত অসম-বিয়োগে মা-বাবার সংগে প্রথমে টানাটানি আবার পরে মানামানি হয় বলে সেই নিশিড়িত সন্ধির উপমা উন্মাদ কুমারী মেয়েদের মনে মিশ্রিত নিরাপত্তার বিশ্বাস এবং প্রত্যাশী আশ্বাস হয়ে কাজ করে। ফলে তারা বিয়ের আগে অনেক চাপের মুখেও তাদের সেই ঝিল্লি প্রেমিকের সাথে প্রেমোত্তর বিয়ে করার অটল সিদ্ধান্ত না বদলাতে অনড় হয়ে যায়। তারা ভাবে বাবা-মা পরে ঠিকই মেনে নেবে, ক'দিন আর রাগ করে থাকবে? বন্ধু-বান্ধব এবং ছদ্মবেশি পরশীকাতর আত্মীয়রা ভিতরে ভিতরে দুতালী উস্কানি দেয়। একারণেই কথিত অসম প্রেমের সংযানুপাতের ধারা নিদ্রশামী হয় না। ফলে পরে সেই সব ছেলে-মেয়েরা বিয়ের পর যখন তাদের বিবাহযোগ্য কন্যার অভিভাবক/মাতা-পিতা হয়ে দাঁড়ায় তখন তারাও একই প্রথার ছুঁটিচক্রে পড়ে বেমানম মার খায় এবং তাতে অনেক কষ্ট পায়। পুনরাবৃত্তি হলেও বলতে হয় যে, অনেক সময় অনেক শিক্ষিত অথচ অর্বাচীন/কুমারী এবং নির্বোধ-গোয়ার মেয়েরা আপন মা-বাবার সেই কষ্ট সময় থাকতে বুকে না। তবে মোহমগ্ন বিয়ের পর অচিরে মোহ কাটলে তাদের সংসারের অবধারিত আর্থিক অনটনে অথবা অপ্রত্যাশিত বিবাহ বিচ্ছেদে তারাও কষ্ট পায়। তখন তাকে আবার বাবার ঘাড়ুই এসে পড়তে হয়। এটি চিরস্থায়ী সংক্রামক বাধি হিসাবে সকলকে ভোগায় বংশানুক্রেমে। তখন একইভাবে সেই নব্য বাবা-মায়েদের প্রতিরোধও কাজ করে না তাদের সন্তানের উপর। আসলে প্রেম খারাপ নয়। তবে বিবাহপূর্ব প্রেম অধিকাংশ ক্ষেত্রেই ভাল হয় না। তাই এমন প্রেম থেকে দূরে সরে থাকাই ভাল। অপেক্ষাকৃত গরীব ছেলেনেরও উচিত নিজের এবং পরিবারের আত্মসম্মানের কথা ভেবে ধনী ঘরের প্রেমিকা-স্ত্রীর পৈতৃক সাহায্যের প্রত্যাশা এবং তার নির্ভর না করা। এতে স্ত্রীর কাছে ছোট হয়ে যেতে হয়। আবার স্ত্রীর ও তার আত্মীয়স্বজনের কাছে স্বামীকে ছোট করান হয়। কারও Self respect থাকে না। তাই বিয়ের আগে নয় বিয়ের পর প্রেম করাই ভাল এবং বুদ্ধিমত্তার কাজ।

'কথার মাহেছোর' উপর বলতে গিয়ে প্রেমের উপর চড়ে বসা হয়ে গেছে বলে মনে হচ্ছে। যাহোক গুরুকে খেঁদিয়ে নদীতে নামিয়ে নদীর রচনা প্রব্দের উত্তর লেখা শেষ করতে সংক্ষেপে বলা যায় যে 'কথা' একেবারে না বলে পারা যায় না। তবে বলার আগে ভেবে চিন্তে, মনকে শান্ত করে এবং মেজাজকে ঠান্ডা রেখে বুকে-তনে কথা বলা উচিত যাতে তা ওলির মত বিধ্বংসী না হয়ে ভাল বুদ্ধির মত সৃজনশীল হয়ে অন্যের উপকারে লাগতে পারে।

ভাষণ বনাম শাসন ও শোষণ

পুনরাবৃত্তি হলে মায় করবেন। গঠনমূলক কথা, বুদ্ধিনিষ্ঠ বক্তব্য, আবেগহীন ওয়াদা, বিবেকবান বাণী, ইত্যাদি বেশি ভাল কাজ করে যখন শ্রোতার বক্তার বক্তব্যের সাথে বক্তার চরিত্র, আচার-আচরণ এবং তার বড়ি-ল্যাঙ্গুয়েজের মিল বুজে পায়। তখন বক্তার কথায় বিশ্বাস করে মানুষ তার উপর ভরসা করতে পারে। কিন্তু অপর দিকে মানুষের আড়ম্বরী ভাষণ যখন শাসন ও শোষণের ইংগিত দেয় বা পথ বেছে নেয় তখন তা অপাতেয় হয়ে দাঁড়ায়। তবুও মানুষ কামেলা এড়াতে অনেকসময় ভয়ে তা মুখ বুজে সহ্য করে নেয় যদিও চাপাঙ্কষ্ট পায় মনে। ধর্মে বলে

মানুষের মনে কষ্ট দেওয়া আর মসজিদ ভাঙ্গা সমান অপরাধ। তাই তার ফল ভাল হয় না। প্রমানস্বরূপ বলা যায় যে, যুগে যুগে কুখ্যাত সন্ত্রাসীদের জীবনের করুণ পরিনতি ছাড়া সুখের পরিসমাপ্তি ঘটেছে এমন একটি উদাহরণ কোথায়ও খুঁজে পাওয়া যাবে না। কারণ সন্ত্রাসীরা নিজের স্বার্থে অন্যকে অনেক কষ্ট দেয়। তবে তার শাস্তিও তারা পায় বংশানুক্রমে। যেমন সেই পরিবারের সাথে কেউ আত্মীয়তার সম্পর্ক করতে চায় না। চোখ মেললে, ইতিহাসের পাতা খুললে, নাটক/সিনেমা-ধিগেটার দেখলে বর্ণিত অভিমতের সপক্ষে ভূরি ভূরি নজীর পাওয়া যাবে। তাই ভাব-ভাষায়, আচার-আচরণে এবং সর্বপরি কথায় সনাতন সতর্ক হয়ে চলা উচিত। মানুষের মনে আঘাত দিয়ে, মিথ্যা বলে, মানুষকে প্রলোভিত করে, ভয় দেখিয়ে, কথার প্যাঁচে ফেলে তাদের কাজে ব্যাঘাত ঘটিয়ে, স্বার্থে আঘাত দিয়ে তাদের হুক মেরে শুধু নিজের লাভে কোন কিছু করা যাবে না। হাতির কঁদায় পড়ার মত অন্যের দুর্ভাগ্য সৃষ্টি করে তাদের ক্ষতি করে নিজের লাভ করা বা ফায়দা বুটা যাবে না। এমন সন্ত্রাসী এবং স্বার্থপর কাজের ফল অস্থায়ী চমকের হলেও তা দীর্ঘস্থায়ী হয় না। বরং তার কুফল নিজের জীবনে না হলেও পরবর্তী প্রজন্মের জীবনে অনেক বড় ক্ষতি ডেকে আনে। আমাদের কোন অধিকার নেই নিজেদের স্বার্থে অকাম/কুকাম করে তার প্রায়শ্চিত্তের বোকা সন্তানদের ঘাড়ের উপর চাপিয়ে দেওয়া। তাদের শাস্তি বিনষ্ট করে তাদের ভবিষ্যত নষ্ট করা অনুচিত।

মনে রাখতে হবে 'পাপের ধন প্রায়শ্চিত্তে যায়'। তাই লাঠি দিয়ে মেরে সম্পদ বানিয়ে ভুত দিয়ে তা খাওয়ানোর মত বেওকুফি করা উচিত নয়। কারণ, অবৈধ বৈধয়িক সম্পদ বেশি দিন টেকে না। আবার তা রক্ষা করতেও পাহারা দিতে হয়। কিন্তু 'জ্ঞানের অমূল্য সম্পদ' মানুষকে পাহারা দেয়, খারাপ পথে যেতে দেয় না। অর্থাৎ পরকালে ভাল থাকার জন্য ইহকালে ভাল কাজ করতে জ্ঞান যথেষ্ট সাহায্য করে। তাই স্থায়ী স্বর্গীয় সুখের কথা ভেবে অস্থায়ী বৈধয়িক সম্পদের মোহ ছেড়ে 'তোমার সুখ নয় তাগে সুখ' এর মহিমায় উজ্জাসিত হয়ে প্রকৃত জ্ঞানের সম্পদ অহরনের জন্য আমাদেরকে নির্ভেজালভাবে সচেষ্ট থাকতে হবে। তাতেই শান্তি তাতেই স্বস্তি।

তাই আমাদের ভাষণ, কথন, প্রতিশ্রুতি/ওয়াদা যেন শাসনের পথ ধরে শোষণের কাজ না করে ত্যাগের মানসে সেবার কাজ করতে পারে সে দিকে সনাতন সজাগ দৃষ্টি রাখতে হবে।

কথা বলা বা শোনার প্রতিক্রিয়া

যে কথা বলার উদ্দেশ্যে এতদূর ধরে অনেক ব্যয়ন শোনা বা বলা হলো এখন এই লেখার সেই শিরনামের খাতিরে সেই টার্গেটের মূল কথায় ফিরে আসা যাক। মানুষ কথা বলে কেন?

এই প্রশ্নের সহজ উত্তর এমন হতে পারে যে, মানুষ কথা বলে হয় নিজের মনের ভাব প্রকাশ করতে; না হয় কোন প্রশ্ন করতে, আর না হয় কোন প্রশ্নের জবাব দিতে। অর্থাৎ হয় কিছু জানতে, না হয় কিছু জানাতে। তবে এ সব-গুলির পিছনেই মূলতম একটি উদ্দেশ্য কাজ করে থাকে। এবং সেটা হচ্ছে নিজেকে প্রকাশ করা বা নিজের মতামতকে প্রতিষ্ঠা করা। মানুষ যখন কোন একটি পরিবেশে কথা বলেন তখন তিনি নিজের মতামতকে যুক্তি দিয়ে উপমা দিয়ে গ্রহণ করিয়ে নিজেকে সেখানে প্রতিষ্ঠিত করতে চান। তাইতো তিনি মেকি হলেও সাহস করে আত্মবিশ্বাস দেখিয়ে অনেক জোরে পোরে সেখানে কথা বলে থাকেন। তিনি বিশ্বাস করেন এবং করতে চান যে তারটাই সঠিক। আসলে, পৃথিবীতে সামগ্রিক স্বার্থপরতার কারণে মানুষের স্বভাবজাত স্বাভাবিক প্রবৃত্তি অনুযায়ী কন্যাটিং কেউ অন্যেরটা গ্রহণ করে, মেনে নিতে চায় বা নেয়। অর্থাৎ সবাই সব জায়গায় নিজেকে বড় বা শ্রেষ্ঠ প্রমান করতে চায়।

সে কারণেই মিটিং/সিটিং বা সালিসে বসে কোণ বিষয়ের উপর একমত হতে না পারলেও বিরোধী মতামতের সংখ্যাগরিষ্ঠতা দেখে তিনি কৌশলী সংকোচে চুপ থাকেন অর্থাৎ চেপে যান প্রকাশ্যে হেরে কোনঠায়া হওয়ার ভয়ে। সবল বিরোধীরা তখন এমন সঠিক বক্তার দুহু মৌনতাকে সম্মতির লক্ষণ হিসাবে ভেবে তাদের অপেক্ষাকৃত অন্যায়া অথচ সংখ্যাগরিষ্ঠ সমর্থনের সপক্ষে সিদ্ধান্ত চূড়ান্ত করে ফেলে। এমন পরিস্থিতিতে সঠিক হলেও সমর্থনে সংখ্যালঘিষ্ট হওয়ার কারণে সেই সঠিক মতামতের সবল কাজ দুর্বল হয়ে তা ভুল বা অন্যায়া কাজের সংখ্যাগরিষ্ঠ সমর্থনের কাছে হেরে যায়। শুধু ব্যক্তি স্বার্থের এবং 'ইগোর' কারণে এমনটি হয়। পুনরায় বন্দি, স্বকীয় বিশিষ্টতার কারণে বিরোধিতা করা মানুষের জন্মগত অধিকার। কারণ মানুষ কোন দিক দিয়েই অতিল্প নয় বলে তাদের মতাদর্শে ভিন্নতাসুলভ বিরোধিতা থাকবেই। মূলতঃ সৃষ্টিকর্তা সকল মানুষকে সব দিক দিয়ে সমান করে সৃষ্টি করেন নি এবং এটি তিনি মানুষের হাতের পাঁচটি আঙ্গুলের দৈর্ঘ্যের অসমতায় প্রকাশ্যে দেখিয়ে দিচ্ছেন প্রতি নিয়ত। তাছাড়া মানুষের আকৃতি এবং প্রকৃতির ভিন্নতা, রুটির ধরণে বেধমা এর অপর দৃশ্যমান প্রমান। ভিন্নতর বলে মানুষের মতামত, চিন্তা-চেতনা, পছন্দ-অপছন্দও ভিন্ন বা পৃথক হয়ে থাকে। এটাই মহান স্রষ্টার ঐন্দ্রজালিক সৃষ্টির বিধান। এমন বিধানের 'মযেজা' হচ্ছে একে-অপরের প্রতি নির্ভরতা সৃষ্টি করে সমাজ-সংসারে ঐক্যবদ্ধতার শৃঙ্খলা আনা এবং তারই নিয়ন্ত্রনে পরস্পরের জন্য কাজ করিয়ে 'স্ব স্ব কটি-রুজির সংস্থানের ব্যবস্থা' করানো। তাইতো আত্মাহুঁপাক বলেছেন আমরা ১৮০০০ হাজার মনুলকাতকে আমিই খাওয়াই। এটাই তার অপূর্ব কারিশমা এবং শ্রেষ্ঠত্বের উজ্জ্বল মহিমা।

আবার আল্লাহ্‌তায়ালার মানুষকে তার শ্রেষ্ঠ সৃষ্টির 'দরবা' বা মর্যাদার সৃষ্টি করে তাদেরকে তিনটি অলঙ্ঘনীয় অধিকার দিয়ে দুনিয়ায় পাঠিয়েছেন। যেমন-(১) 'জীবন', (২) 'স্বাধীনতা' এবং (৩) 'সুখের অধ্বখন'। এই তিনটি অধিকার প্রতিষ্ঠা বা কায়ম করতে সরকারের জন্ম হয় যে সরকার শাসিতদের কাছ থেকে বৈধ ক্ষমতা লাভ করে। একারণেই চিরন্তন প্রবাদ বলে, 'সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই'। তাই মানুষকে সমাজ-সংসারে ঔদ্ধত্য ছেড়ে নত হয়ে চলতে হবে, তবেই আল্লাহর নৈকট্য লাভ করা যাবে। জোগ ছেড়ে ত্যাগের মহিমায় উদ্ভাসিত হতে পারলে

ইহকাল, পরকাল দুই কালেই শান্তি পাওয়া যাবে। জাগতিক পরিমন্ডলে কোন দফতরের বা প্রতিষ্ঠানের নিয়ন্ত্রনের দায়িত্বে কাজ পেলে নিজেকে শাসক নয় সেবক হিসাবে ভাবতে হবে। নিরহংকারী হয়ে নিঃস্বার্থভাবে নিরপেক্ষতা এবং স্বচ্ছতার সাথে সেই কাজ করতে হবে। তা হলে শান্তি এবং সুখ পাওয়া যাবে অন্যথায় অশান্তির অনলে পুড়তে হবে অহর্নিশ।

স্বার্থপর মানুষ সমাজে Give & Take গণতন্ত্রের বদলে দেওয়ার চেয়ে নেওয়ার প্রবণতা প্রবল হওয়ার কারণে সমস্যা, মারামারি, হানাহানি, কাটাকাটি বেশি হয়। ফলে তার জন্য সংশ্লিষ্ট সকলকেই অশান্তি পোহাতে হয়। কাজের মিটিংয়ে বসে প্রাতিষ্ঠানিক বা সার্বজনীন স্বার্থে নিজের এজেন্ডা ছেড়ে জোগের পরিবর্তে ত্যাগের কথা ভাবতে পারলে সিদ্ধান্ত দেওয়ার/নেওয়ার কাজ সহজ হয়ে যেতে বাধ্য। এমনটি না করতে পারার অহেতুক বিতর্কের কোন সুযোগ নেই। এবং এমনটি করা কোন কঠিন ব্যাপার নয়। কারণ সভা সমাজ/পরিবার, প্রতিষ্ঠান তথা দেশ চালাতে সর্বসম্মত বিধি-বিধান, নিয়ম-কানুন বা আইন থাকে বা আছে। আমরা প্রত্যেকে যদি সকল বিদ্যমান আইন-কানুন এবং নিয়মের প্রতি অনুগত হয়ে তার ছাচে ফেলে নিজেদের ন্যায্য পাওয়ার দাবী মেটাতে সংশ্লিষ্ট হয়ে কাজ করি তাহলে সকলের অন্যায্য দাবী সহজে সরে যেতে বাধ্য হবে। শুধু '৬ কে ৯ না ভেবে ৬ কে ৬ ভাবতে পারলেই সব সমস্যা, দন্দ কলহ দূর হয়ে যাবে। এমনটি হলে ন্যায্যটি প্রতিষ্ঠা পাবে আর অন্যায্যটি সরে গিয়ে ন্যায্যকে সেখানে স্থান করে দেবে। ফলে সিদ্ধান্ত নিরপেক্ষ হবে এবং এমন নিরপেক্ষ সিদ্ধান্তকে সকলে সঠিক হিসাবে সহজে মেনে নিয়ে সম্মান জানাবে।

তবে ব্যতিক্রমী ক্ষেত্রে কাজ করতে গিয়ে, বিদ্যমান বিধির অস্পষ্টতার কারণে কোন বিতর্ক সৃষ্টি হলে এবং সে কারণে সঠিক সিদ্ধান্ত নিতে সমস্যা দেখা দিলে সেই কাজ স্থগিত রেখে সংশ্লিষ্ট ক্রটিপূর্ণ বিধির প্রয়োজনীয় সংশোধন/সংশোধন/পরিবর্তন যথাযথ কতৃপক্ষের সর্বসম্মত সিদ্ধান্তে সমর্থিত হয়ে তা সূচু পরিবর্তিত বিধি/প্রবিধি হিসাবে গৃহীত হতে হবে। অর্থাৎ বিধিতে কোন ক্রটি থাকলে প্রতিষ্ঠানের স্বার্থে এর পঠনতন্ত্র বা আইন প্রথমে সংশোধন হতে হবে এবং পরে সে মোতাবেক কাজ করতে হবে।

তবেই সঠিক কাজ সহজে সূচুভাবে করে অন্যায়সে বামেলা এড়ানো যাবে। তা না হলে সংখ্যা লঘিষ্ঠের পরপক্রমশালী আয়েসী স্বার্থ সংখ্যাগরিষ্ঠের বেচে থাকার ন্যূনতম অধিকারকে হেনন করবে এবং তখন সেটা পাপের কাজ হবে। অতএব বলা যায় যে, সকল সমস্যার সূচু সমাধান হচ্ছে স্বচ্ছ তথা সার্বজনীন নীতিমালা প্রণয়ন এবং শক্তহাতে তার নিরপেক্ষ বাস্তবায়ন। এতদসত্ত্বেও কোন বিষয়ে বিতর্ক দেখা দিলে সভার সভাপতিকে অথবা প্রতিষ্ঠানের দায়িত্বশীল কর্ম কর্তাকে দায়িত্ব নিয়ে বিধান অনুযায়ী তার উপর নিরপেক্ষ রুপিং দিতে হবে।

অপরদিকে, কোন বিষয়ের নিয়মকানুন, আইন, ইত্যাদি সম্পর্কে ভাল জানা না থাকলে সে ব্যাপারে কথা না বলাই শ্রেয়। কারণ অস্বা, অযৌক্তিক অনিয়মিত বা বেআইনী কথা জটিলতা বাড়াতে পারে। তবে হাস্যামা সৃষ্টি হলে বা হওয়ার আশংকা দেখা দিলে পক্ষপাতিত্বহীন ভাবে নিরপেক্ষ সালিশের ব্যবস্থা করতে হবে। কোন পক্ষ অবলম্বন করে, একতরফা গুনে এবং অন্ধভাবে তা বিবাস করে অথবা কারও কথায় মুগ্ধ হয়ে অথবা কাউকে ভয় করে অথবা কোন অন্যায় চাপে পড়ে কোন অসত্য বা অসং বিষয়ের উপর লাফ দিয়ে পড়া যাবে না। ভুল হয়ে গেলে উদারভাবে তা স্বীকার করে নিয়ে তার সংশোধন করতে হবে। এতে সম্মান কমবে না বরং বাড়বে। ভুল সংশোধন না করে মেকি সম্মান বাচাতে তার উপর চড়ে বসলে অগ্নিফুলিস হয়ে তা সকলকে পুড়িয়ে মারবে। সং ভাবা এবং সংপথে চলার দৈনন্দিন কর্মকে ধর্ম হিসাবে নিয়ে "পরের কারণে স্বার্থ দিয়া বলি এ জীবন মন সকলি দাও, তার মত সুখ কোথায়ও কি আছে আপনার কথা ভুলিয়া যাও" এর মত অপরের মঙ্গলের জন্য নিরপেক্ষ হয়ে কাজ করলেই অন্যেরা আপনার জন্য কাজ করবে এবং তাতেই আপনার মঙ্গল হবে। তখন এই দুনিয়াতেই সকলে স্বর্গসুখ জোগ করতে পারবে।

পরিশেষে বলি, 'One who talks more talks rubbish' এর কারণে পরিমিত কথা প্রয়োজনে বলার অভ্যাসই মানুষকে ভাল রাখতে পারে। নিজের কোন অসত্য কথাকে প্রতিষ্ঠা করার অথুহু মানসিকতা পরিহার করা বাঞ্ছনীয়। সঠিক কথা নমনীয়তার সাথে বলতে হবে যাতে অহংকার প্রকাশ না পায়। সঠিক শব্দ সহনীয় সুরে এবং স্বরে পরিবেশন করলে সুফল প্রাপ্তি অনিবার্য।

লেখক বিন্দু: সোনালী ব্যাংক লিমিটেড সহ একাধিক ব্যাংকের সাবেক এমভি ছাড়াও আমেরিকার নিউর্জর্ক্স সাপ্তাহিক 'টিকানা' সহ দেশী-বিদেশী দৈনিক এবং সাময়িকীর নৈমিত্তিক লিপিকার।



রূপালী ভবনে সোনালী দিন

মোঃ এনামুল ইসলাম খান

আমি সোনালী পরিবারের সন্তান। সোনালীর আবহতেই আমার বেড়ে ওঠা। সুদীর্ঘ সাতাশ বছর সেখানে কাটে আমার ব্যাংকিং জীবন। ২০০৫ সালে মহাব্যবস্থাপক হিসাবে পদোন্নতি পেয়ে বদলি হয়ে চলে আসি রূপালীতে। হঠাৎ এমন বদলির আদেশ পেয়ে হতচকিত হয়ে যাই। এতদিনের পরিচিত ভুবন ছেড়ে অচেনা জায়গায় যেতে মনটা সায় দিচ্ছিল না; কিন্তু যেতে তো হবেই। অগত্যা চলে এলাম। রূপালী ব্যাংকের এমডি তখন হামিদ স্যার, যিনি একসময় সোনালীতে ছিলেন। তার সাথে আমার কাজ করার সৌভাগ্য হয়েছে। তাকে পেয়ে সব ভয় শংকা দূর হয়ে গেল এবং শুরু হয়ে গেল আমার রূপালী জীবন। বন্ধু-বান্ধব সুন্দরা জেনে গেল আমি এখন রূপালীতে। তারা ধরে নিল আমার পদাবনতি হয়েছে কিংবা অন্য কোন কারণে আমাকে সোনালী থেকে রূপালীতে বদলি করা হয়েছে। কিন্তু তাদের জানা ছিল না মহাব্যবস্থাপক হিসাবে সরকার যে কাউকে রট্টায়ত্ত যে কোন ব্যাংকে বদলি করতে পারে।

যা হোক নতুন পরিবেশ, নতুন কর্মক্ষেত্রে কিছুটা বিচলিত বোধ করলেও অল্প সময়ে সবাই আমাকে আপন করা নিল। তখন রূপালীতে মাত্র চারজন মহাব্যবস্থাপক ছিলেন এবং কোন ডিএমডি ছিলেন না। স্বভাবতই মহাব্যবস্থাপকের অনেক ক্ষমতা, অনেক সন্ধান। সব জিএমের সাথে এমডি স্যার পরিচয় করিয়ে দিলেন। কিছু সময়ের মধ্যেই সবার সাথে বন্ধুত্ব হয়ে গেল। অনেক ব্যাংকে দেখেছি উপরে ওঠার জন্য জিএমদের মধ্যে দলাদলি কোন্দল লেগে থাকে। কিন্তু এখানকার পরিবেশটা ছিল সত্যিই তিন্তর। সবাই সবাইকে সহযোগিতা করতেন, কারো সাথে কখনো মনোমলিন্য হয়নি। সবার সাথে ছিল সৌহাদ্যপূর্ণ সম্পর্ক। যে কোন অনুষ্ঠানে আমরা সবাই একসাথে যেতাম; বিশেষ করে রূপালীর পিকনিক। আমার মনে হয় না অন্য কোন ব্যাংকে এ রকম পিকনিকের আয়োজন করা হয়। প্রায় প্রতিটি বিভাগই পৃথক পৃথকভাবে পিকনিকের আয়োজন করত এবং সেখানে আমরা সবাই অংশগ্রহণ করতাম। প্রতিটি বিভাগের পিকনিক তিন্ত তিন্ত লোকেশনে হতো। এজন্য হেলমেয়েরা উৎসুক হয়ে থাকত পিকনিকের জন্য।

সবচেয়ে বড় পিকনিকের আয়োজন করত লোকাল অফিস। সেটা অনেকটা ভ্রমণের মত। বড় একটি লঞ্চ করে আমরা সদরঘাট থেকে উঠতাম। লঞ্চ চলছে খানাপিনা চলছে, চলছে সাংস্কৃতিক অনুষ্ঠান। মাঝে মাঝে কোন সুন্দর জায়গায় লঞ্চ থামছে। হেলমেয়েরা হৈ ছত্রভঙ্গ করে লঞ্চ থেকে নেমে নদীতে গিয়ে বাঁপাৰ্বাপি করছে। আহা সেকি আনন্দ, এর মধ্যে সবচেয়ে আকর্ষণীয় ছিল হাউজি ও র্যাফেল ড্র। হাউজির আয়োজন করা কল দেয়া এ সব কাজে ডিজিএম অতিক খুব পারদর্শী ছিলেন। তার সুদক্ষ ব্যবস্থাপনায় প্রতিটি পিকনিকই ছিল অফুরন্ত আনন্দের উৎস। এছাড়া প্রায় প্রতিটি বিভাগ থেকেই পিকনিকের আয়োজন করা হতো। কখনো গাজীপুরের শালবন, কখনো পদ্মার তীরের কোন এক সুন্দর রিসোর্ট কিংবা বান্দরবনের গহিন জঙ্গলে।

চাকরি শেষ করে সিনিয়র কনসালটেন্ট হিসাবে যোগ দেয়ার পর, হেড অফিস থেকে পর পর দু বছর বড় করে পিকনিকের আয়োজন করা হয়। এর মধ্যে একটি ছিল নন্দন পার্কে অন্যটি নাহার গার্ডেন মানিকগঞ্জে। দুটি পিকনিকের আমি হিলাম আহবায়ক। অনেক বড় আয়োজন, প্রায় ১৫০০ জন লোকের অংশগ্রহণ। প্রথম দিকে প্রায় যাবড়ে গিয়েছিলাম। কিন্তু আতিক, সায়েদুল এদের সহযোগিতায় পিকনিকগুলি খুব সুন্দরভাবে সম্পন্ন হয়েছিল। নাহার গার্ডেনের পিকনিকে বিখ্যাত গায়িকা মমতাজকে আমন্ত্রণ জানানো হয়েছিল গান শোনার জন্য। চারদিক থেকে লোকজন আসা শুরু করল। তাদের সামলানো ও অনুষ্ঠান ভালোভাবে পরিচালনা করতে অনেক বেগ পেতে হয়েছিল। আমি মমতাজের একজন ভক্ত। আমার কাছে মনে হয় তার গানের গলাটি আল্লাহ প্রদত্ত। আমার নানার বাড়ি মানিকগঞ্জ। মমতাজের অনেক গল্প অনেক দিন ধরে শুনে আসছি কিন্তু কোন দিন সামনাসামনি দেখার সুযোগ হয়নি। ঐদিনই তাকে প্রথম দেখলাম। সত্যি যেমন তার গানের কণ্ঠ তেমন উপস্থাপনা। শ্রোতার মস্ত মুহুর মত তার গান শুনছে-এতটুকু হৈ চৈ নেই। মমতাজের ২টি ফুটফুটে মেয়েও অনুষ্ঠানে এসেছিল। বড় মেয়েটির গানের কণ্ঠ এবং ভঙ্গিমা মায়ের মতই। আমার মনে হয় বড় হলে সেও একদিন গানের বড় শিল্পী হবে। গানের ফাঁকে ফাঁকে কৌতুক পরিবেশিত হতো। কৌতুকাতিনেতাদের মধ্যে কাজলের পরিবেশনা ছিল চমৎকার। তার পরিবেশনা ক্ষণিকের জন্য হলেও আমাদের ক্রান্তি, সব অবসাদ মুছে দিত।

রূপালী ব্যাংকের আরেকটি বিষয় না বললেই নয়। তা হলো, রমজানের ইফতার পার্টির আয়োজন। ঢাকার প্রায় সব শাখাই ইফতার পার্টির আয়োজন করত এবং আমরা প্রতিটি ইফতার পার্টিতে যাওয়ার চেষ্টা করতাম। যেতে না পারলে আমাদের ইফতার পাঠিয়ে দিত। এতে করে বাসায় আর ইফতার করা হয়ে উঠত না।

রূপালী ব্যাংকে রক্তদাতাদের একটি সংগঠনও আছে। কারো যদি জরুরি রক্তের প্রয়োজন হতো, এখানে যোগাযোগ করলেই রক্ত পাওয়া যেত। আমার শালিকার জন্য বেশ কয়েকবার রক্তের প্রয়োজন হওয়ায় আমি তাদের সাথে যোগাযোগ করি এবং তারা ত্বরিত রক্তের ব্যবস্থা করে দেয়। তাদের সহযোগিতা, আন্তরিকতার কথা কোন দিন ভোলার নয়। আমার মনে হয় এরকম সংগঠন প্রতিটি প্রতিষ্ঠানে থাকা প্রয়োজন।

আরো ছিল রূপালী ব্যাংকের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা। প্রতি বছরই শীতকালে অনুষ্ঠিত হতো। সারা দেশ থেকে বিভিন্ন ইভেন্টে অংশগ্রহণের জন্য প্রতিযোগীরা আসত। আমরা সবাই একসঙ্গে অনুষ্ঠানে যেতাম এবং আমাদের জন্য নির্ধারিত ইভেন্টে অংশগ্রহণ করতাম। কিছু না কিছু প্রাইজ প্রতি বছরই পেতাম। আমার মেয়েরা এতে খুব খুশি হতো।

দেখতে দেখতে রূপালীতে আমার সুদীর্ঘ আট বছরের জীবন শেষ হয়ে গেল। মনে হয়, এই তো সেদিন সেখানে যোগদান করেছিলাম। আসলে জীবন খুবই ছোট, খুবই তাড়াতাড়ি শেষ হয়ে যায়। এমনি করে একদিন চলে যাব সুন্দর পৃথিবী থেকে। সবকিছুই হয়তো ঠিকঠাক থাকবে, থাকবে না শুধু আমি।

লেখক : রূপালী ব্যাংকের প্রাক্তন মহাব্যবস্থাপক

Growth Comes Step by Step...

Area of Lease / Loan Financing

SME Finance, Agro Based Finance, Garments and Textiles, Capital Machineries,
Syndication of Loan, Bridge Finance, Short Term Loan, Construction Equipments
Real Estate Loan, Home Loan, All Types of Motor Vehicle, Loan for Shares.



Deposit Schemes

Term Deposit- Monthly, Quarterly, Half Yearly, Yearly, **Double Money Scheme-** 5 Years 6 Months
Triple Money Scheme- 9 Years 6 Months, **Monthly Deposit Scheme-** 5 Years, 8 Years, 10 Years
Fixed Deposit- 1 Year, 2 Years, 3 Years.



Together We Advance

PEOPLE'S LEASING
And Financial Services Ltd.

Head Office: Paramount Heights, 12 & 13 Floor, 65/2/1 Box Culvert Road, Parama Paltan, Dhaka-1000. Ph: 7170900, 7175151 Fax: 88 02 9562780
Branch Office: Rupayan Golden Age (G-4), Level-4, 99 Gulshan Avenue, Road # 37, Gulshan, Dhaka-1212. Ph: 8812239, 8812283, Fax: 88 02 8819519

স্ম

র

নি

কা

স্ম

র

নি

কা

২০১৬

পাঠশালা

Modhumoti

আপনার হাতেই নিশ্চিত হোক সফলের সম্ভাবনা-সমৃদ্ধি।

Nothing Succeeds Like Success

MODHUMOTI

গেটস

A Savings Account for Young Stars

MODHUMOTI Talent Source

Student File Service

HEAD OFFICE:
 15/11 Building 19th & 4th Floor
 85-89 Motijheel, C/A, Dhaka-1000, Bangladesh
 Phone: +88 02 9883000, +88 02 9883001
 Fax: +88 02 9883002, +88 02 7170492
 Web: www.modhumotibank.com

MAJOR BRANCHES:
 MOTIJHEEL | GULSHAN | UTTARA | MITFORD
 AGRABAD | AMBERKHANA | KANAIPUR | RAJSHAHI

Modhumoti Bank Limited
 Your Access to Success



IIDFC

Industrial and Infrastructure Development Finance Company Limited
Financial Solutions Under one Umbrella

Corporate Finance

Dream Big...

And make it real without
consuming financial resources...



SME Finance

**Small Business...
Big Success...**

Expand your business
with our SME Finance ...



Structured Finance

You Think...

We Do Together...
IIDFC Structured Finance Solutions...



Fixed Deposit

Open a Fixed Deposit account today

**See your
money grow
in safe custody...**



Home Loan

**Our friendship
can open doors
to your dream home...**



নারী উদ্যোক্তা

স্বাধীনতা
স্বাধীনতার অঙ্গ



HEAD OFFICE
Chamber Building (6th & 7th Floor)
122-124 Motiheel C/A, Dhaka-1000
Phone : +880-2-9559311
Fax : +880-2-9568997
Email : info@iidfc.com

IIDFC SECURITIES LIMITED (ISL) (Brokerage House)
IIDFC CAPITAL LIMITED (ICL) (Merchant Banking)
Sunoush Trade Center (Level-7)
52-53 Dilkusha, Dhaka-1000
Phone : +880-2-956 0526 (ISL), 9514637-38 (ICL)
Fax : +880-2-957 0756 (ISL), 95147641 (ICL)
Email (ISL) : info@iidfcsecurities.com
Email (ICL) : icl@iidfc.com

CHITTAGONG BRANCH
C & F Tower (4th Floor)
1222 Sheikh Mujib Road,
Agrabad C/A, Chittagong
Phone : +880-31-2516695
Fax : +880-31-2516694

ISL - GULSHAN BRANCH
Progress Tower (4th Floor)
House # 1, Road # 23,
Gulshan-1
Phone : +880-2-8824090
Fax : +880-2-8824073

STRUCTURED FINANCE DEPARTMENT
B-SUNAN CENTER (4th Floor)
69 Dilkusha C/A Dhaka-1000
Phone : +880-2-7122330, 7122570
Fax : +880-2-9513887
Email : +info@iidfc.com

RETAIL & SALES CENTER
B-SUNAN CENTER (4th Floor)
69 Dilkusha C/A Dhaka-1000
Phone : +880-2-7122330, 7122570
Fax : +880-2-7119478, 7119526
Email : +deposit@iidfc.com

স্ম

র

নি

কা

স্ম

র

ণি

কা

২০১৬

অভিনন্দন স্বাগত

IFIC হোম লোন

অফুরান সম্ভাবনার চাবি



আপনাদের
বিপুল সাড়া পেয়ে
আমরা আনন্দিত

এখন আমরা আছি আপনার পাশে আরও কম রেটে

ইন্টারেস্ট রেট

৯.৯৯%

 থেকে শুরু

◆ নির্দিষ্ট সময়ের আগে লোন পরিশোধে কোনো
ফি এবং বিধি-নিষেধ নেই


- ◆ হোম লোন টেক-ওভার ও বাড়তি লোন প্রাপ্তিতে কোনো প্রসেসিং ফি নেই
- ◆ সর্বশেষ সময়ে লোন প্রসেসিং ◆ নতুন লোন প্রাপ্তির ক্ষেত্রে ন্যূনতম প্রসেসিং ফি

আই.এফ.আইসি হোম লোন সেবাসমূহ:

। **গ্রুপ হোম লোন** - বাড়ি কেনা, নির্মাণ ও সংস্কার । **মটলোজ লোন** - বাড়ি মটলোজ রেখে লোন গ্রহণ ও প্রাপ্ত অর্থ নিজ প্রয়োজনে ব্যবহার । **হোম লোন টেক-ওভার** - অন্য ব্যাংক থেকে চলমান হোম লোন স্থানান্তর (টেক-ওভার) ও প্রয়োজনে বাড়তি লোন গ্রহণ

- ◆ স্থপ প্রদানের ফরাম্ব শর্তাবলি প্রযোজ্য

বিস্তারিত জানতে ডিকটবু আই.এফ.আইসি ব্যাংক-এর
সমাচ অফিস বা ফোন করুন :

 ১৬২০০ অথবা ০৯৬৬৬৭ ১৬২০০

www.ificbankbd.com

IFIC BANK



আতিথেয়তা : আমাদের ঐতিহ্য

মোঃ আবুল হাসানাত

আমার সরকারি চাকরির কারণে পাকিস্তানের করাচী শহরে বেশ কিছু সময় অবস্থান করতে হয়েছিল। আর তাই সেই দেশের সামাজিক আচার, ব্যবহার, চালচলন এবং রীতিনীতির সঙ্গে পরিচিত হবার সুযোগ হয়েছিল। প্রাসঙ্গিকভাবে এখানে আমার অভিজ্ঞতার কিছু অংশ তুলে ধরার প্রয়াস করছি :

২০০১ সাল। করাচী শহরে আমার সরকারি আবাসস্থলটি ছিল শহরের সবচেয়ে দামী অংশ দূতাবাস অঞ্চলে ((Diplomatic Zone/Area)। আমার আশপাশে সব প্রতিবেশীই বিশাল বিস্তারিত, অর্থশীল এবং শিক্ষিত রুচিশীল ঘরানার। বলা চলে সরকারি কর্মকর্তা হিসাবে তাদের কাছে আমি বরং নিম্নবিত্তের চাকরিজীবী।

আমার বাসার কাছে একজন প্রতিবেশী PIA (পাকিস্তান ইন্টারন্যাশনাল এয়ারলাইন্স)-এর সবচেয়ে সিনিয়রমাস্ট পাইলট, যিনি তৎকালীন সময়ে পৃথিবীর সর্ববৃহৎ যাত্রীবাহী বিমান বোয়িং-৭৪৭ এর চালক ছিলেন এবং সর্বাধিক বেতনভুক্ত কর্মকর্তা ছিলেন। বলার উদ্দেশ্য, তিনি উঁচু ঘরের, উচ্চ বেতনের, আর্থিকভাবে বিস্তারিত ও রুচিশীল মানুষ ছিলেন। আমার স্ত্রী স্বভাবসুলভভাবে একটু বেশি মিস্তক এবং প্রাণবন্ত মানুষ। তাই স্বল্প সময়ে অন্য সবার সঙ্গে বেশ ভাল জমিয়ে নিতে তার দেরি হতো না। আমরা বাংলাদেশী হলেও যে কোন ধর্মের, বর্ণের, জাতির, ভাষাভাষীর বা উঁচু নিচু ভেদাভেদে সে সবার সঙ্গে বেশ ভাল জমিয়ে নিতে পারে আর তাই আমার আবাসস্থলের আশপাশের প্রায় সবার কাছে সে স্বল্প সময়ে খ্রিয়পাত্রে পরিণত হয়ে উঠল।

আমাদের আবাসের নিকটে ছোট একটা পার্ক ছিল। সেখানে আমরা ওই অঞ্চলের যুবা-বৃদ্ধ প্রায় সবাই প্রায় দিনেই গেলে দেখা হতো সবার সঙ্গে। পার্কটির ভিতরে হাঁটার জন্য এক কিলোমিটার বৃত্তাকার আলোচনা চলার পথ থাকায় আমরা সন্ধ্যায় সবাই মিলিত হতাম। সামাজিক কারণে, বাংলাদেশী আতিথেয়তার তাগিদে আর অতি মিস্তক প্রকৃতির সহজ স্বভাবের কারণে আমার স্ত্রী প্রায় দিনই আমাদের প্রতিবেশী পাকিস্তানীদের দাওয়াত করত। পরদিন আমার স্ত্রীর ব্যস্ততা আর তার আতিথেয়তায় স্বভাবের জন্য তার প্রাণচাঞ্চল্যতা দেখে খুব তৃপ্তি অনুভব করতাম। অতিথিদের কী খাওয়াবে, কিভাবে পরিবেশন করবে, খাবার টেবিলের সৌন্দর্যের আকর্ষণ কিভাবে আরো বৃদ্ধি করবে তার কার্যদি দেখে এবং অতিথি সেবার শ্রদ্ধতি দেখে মুগ্ধ হতাম, বাংলাদেশী হিসাবে তৃপ্তি ও পূর্ণ অনুভব করতাম। আমার স্ত্রী হিসাবে তার গুণকীর্তন নয় বরং তার স্বভাবের পরিচয়টি এখানে মুখ্য বিষয় বলে পাঠকের কাছে ধারণা দিলাম। কিছু দিনেই প্রায় সবাইকে সে নিমন্ত্রণ করে খাওয়ালো, সে এক রীতিমতো দাওয়াতই বলব আমি। সন্ধ্যায় শুধু চায়ের দাওয়াতে সে প্রায়শই রাত্রির খাবারের আয়োজন করত।

এভাবে চলছিল আমাদের দিনকাল। আমাদের প্রতিবেশীরা দেখা হলেই বলত তোমরা আমাদের বাসায় বেড়াতে এসো, অথচ দিনক্ষণ বা কখনোই সময় উল্লেখ করে নিশ্চিত করত না: অর্থাৎ ভ্রমতার জন্য 'বেড়াতে এসো' ঐ পর্যন্তই। যা হোক আমরাও তাদের উক্ত কালচারের সঙ্গে বুঝে উঠছিলাম। হঠাৎ একদিন উক্ত PIA এর চালকের স্ত্রী এখা ভেঙ্গে জানাল, কালকে সন্ধ্যায় তোমরা আমাদের বাসায় বেড়াতে এসো। যথারীতি আমরা দুজনে সন্ধ্যায় তাদের বাড়িতে গেলাম। বিরতি অট্টালিকা, উচ্চবিত্ত বা মিলিটার হলে যা হয়। ভালো লাগল তাদের কথাবার্তা, উভয় দেশের আলোচনা, সামাজিক আচার আচরণের কথা-তাদের দুজনার সঙ্গে। পাইলট মহোদয়ের স্ত্রী বললেন : 'তোমরা কিন্তু চা খেয়ে তবেই যাবে'। ঘন্টা পার হলো, দেড় ঘন্টাও শেষ হলো। রাত্রির কারণে আমরা উঠি উঠি করছি, তখন তারা বললেন, "চা খাবে না, তাহলে অন্তত কোন্ড ড্রিংকস খেয়ে যাও"। অপর্যায় আবার অবস্থান, প্রায় ঘন্টা দুয়েক পর ঘরের কাজের আয়া টুলিতে গেলে দুটো বড় গ্লাসের ১/৪ অংশের কম কোকাকোলা নিয়ে (যার পরিমাণ খুব বেশি হলে ১০০ মিলি লিটার হতে পারে) আমাদের সম্মুখে আনলো। পাইলট ও তার স্ত্রীর বারবার অনুরোধে আমরা তা পান করে বাসায় ফিরিলাম। ঐ দেশীয় আতিথেয়তার পরিচয় হলো এভাবেই।

২০১৪ সাল : ইদানীং ভারতীয় প্রায় সব TV চ্যানেলেই কোকাকোলার ব্যবসায়িক একটা বিজ্ঞাপন দেখি। বিষয়টা এ রকম "এক বাসায় স্বামী-স্ত্রী দুজন বয়স্ক মেহমান/আত্মীয় (মামা ও মামী) এসেছেন। ঘরের স্বল্প বয়স্কা গৃহকর্মী ঘরের দরজা খুলে তাদের গভীরভাবে স্বাগত জানিয়ে তার স্বামীকে মধুর স্বরে ভেঁকে বলছেন : এই দেখ, দেখ, কে এসেছেন। তারপর অতিথিদের তিনি



আতিথেয়তা : আমাদের ঐতিহ্য

মোঃ আবুল হাসনাত

আমার সরকারি চাকরির কারণে পাকিস্তানের করাচী শহরে বেশ কিছু সময় অবস্থান করতে হয়েছিল। আর তাই সেই দেশের সামাজিক আচার, ব্যবহার, চালচলন এবং রীতিনীতির সঙ্গে পরিচিত হবার সুযোগ হয়েছিল। প্রাসঙ্গিকভাবে এখানে আমার অভিজ্ঞতার কিছু অংশ তুলে ধরার প্রয়াস করছি :

২০০১ সাল। করাচী শহরে আমার সরকারি আবাসস্থলটি ছিল শহরের সবচেয়ে দামী অংশ দূতাবাস অঞ্চলে ((Diplomatic Zone/Area)। আমার আশপাশে সব প্রতিবেশীই বিশাল বিস্তারিত, অর্থশীল এবং শিক্ষিত রুচিশীল ঘরানার। বলা চলে সরকারি কর্মকর্তা হিসাবে তাদের কাছে আমি বরং নিম্নবিত্তের চাকরিজীবী।

আমার বাসার কাছে একজন প্রতিবেশী PIA (পাকিস্তান ইন্টারন্যাশনাল এয়ারলাইন্স)-এর সবচেয়ে সিনিয়রমাস্ট পাইলট, যিনি তৎকালীন সময়ে পৃথিবীর সর্ববৃহৎ যাত্রীবাহী বিমান বোয়িং-৭৪৭ এর চালক ছিলেন এবং সর্বাধিক বেতনভুক্ত কর্মকর্তা ছিলেন। বলার উদ্দেশ্য, তিনি উঁচু ঘরের, উচ্চ বেতনের, আর্থিকভাবে বিস্তারিত ও রুচিশীল মানুষ ছিলেন। আমার স্ত্রী স্বভাবসুলভভাবে একটু বেশি মিতক এবং প্রাণবন্ত মানুষ। তাই স্বল্প সময়ে অন্য সবার সঙ্গে বেশ ভাল জমিয়ে নিতে তার দেরি হতো না। আমরা বাংলাদেশী হলেও যে কোন ধর্মের, বর্ণের, জাতির, ভাষাভাষীর বা উঁচু নিচু ভেদাভেদে সে সবার সঙ্গে বেশ ভাল জমিয়ে নিতে পারে আর তাই আমার আবাসস্থলের আশপাশের প্রায় সবার কাছে সে স্বল্প সময়ে খ্রিয়পাত্রে পরিণত হয়ে উঠল।

আমাদের আবাসের নিকটে ছোট একটা পার্ক ছিল। সেখানে আমরা ওই অঞ্চলের যুবা-যুধ প্রায় সবাই প্রায় দিনেই গেলে দেখা হতো সবার সঙ্গে। পার্কটির ভিতরে হাঁটার জন্য এক কিলোমিটার বৃত্তাকার আলোচনা চলার পথ থাকায় আমরা সন্ধ্যায় সবাই মিলিত হতাম। সামাজিক কারণে, বাংলাদেশী আতিথেয়তার তাগিদে আর অতি মিতক প্রকৃতির সহজ স্বভাবের কারণে আমার স্ত্রী প্রায় দিনই আমাদের প্রতিবেশী পাকিস্তানীদের দাওয়াত করত। পরদিন আমার স্ত্রীর ব্যস্ততা আর তার আতিথেয়তায় স্বভাবের জন্য তার প্রাণচাঞ্চল্যতা দেখে খুব তৃপ্তি অনুভব করতাম। অতিথিদের কী খাওয়াবে, কিভাবে পরিবেশন করবে, খাবার টেবিলের সৌন্দর্যের আকর্ষণ কিভাবে আরো বৃদ্ধি করবে তার কার্যদি দেখে এবং অতিথি সেবার প্রস্তুতি দেখে খুশি হতাম, বাংলাদেশী হিসাবে তৃপ্তি ও গর্ব অনুভব করতাম। আমার স্ত্রী হিসাবে তার গুণকীর্তন নয় বরং তার স্বভাবের পরিচয়টি এখানে মুখ্য বিষয় বলে পাঠকের কাছে ধারণা দিলাম। কিছু দিনেই প্রায় সবাইকে সে নিমন্ত্রণ করে খাওয়ালো, সে এক রীতিমতো দাওয়াতই বলব আমি। সন্ধ্যায় শুধু চায়ের দাওয়াতে সে প্রায়শই রাত্রির খাবারের আয়োজন করত।

এভাবে চলছিল আমাদের দিনকাল। আমাদের প্রতিবেশীরা দেখা হলেই বলত তোমরা আমাদের বাসায় বেড়াতে এসো, অথচ দিনক্ষণ বা কখনোই সময় উল্লেখ করে নিশ্চিত করত না: অর্থাৎ ভ্রমতার জন্য 'বেড়াতে এসো' ঐ পর্যন্তই। যা হোক আমরাও তাদের উক্ত কালচারের সঙ্গে বুঝে উঠছিলাম। হঠাৎ একদিন উক্ত PIA এর চালকের স্ত্রী প্রথা ভেঙ্গে জানাল, কালকে সন্ধ্যায় তোমরা আমাদের বাসায় বেড়াতে এসো। যথারীতি আমরা দুজনে সন্ধ্যায় তাদের বাড়িতে গেলাম। বিরাট অস্ট্রালিকা, উচ্চবিত্ত বা মিলিওনার হলে যা হয়। ভালো লাগল তাদের কথাবার্তা, উভয় দেশের আলোচনা, সামাজিক আচার আচরণের কথা-তাদের দুজনার সঙ্গে। পাইলট মহোদয়ের স্ত্রী বললেন : 'তোমরা কিন্তু চা খেয়ে তবেই বাবে'। ঘন্টা পার হলো, দেড় ঘন্টাও শেষ হলো। রাত্রির কারণে আমরা উঠি উঠি করছি, তখন তারা বললেন, "চা খাবে না, তাহলে অন্তত কোন্ড্রিৎস খেয়ে যাও"। অগত্যা আবার অবস্থান, প্রায় ঘন্টা দুয়েক পর ঘরের কাজের আয়া ট্রলিতে ঠেলে দুটো বড় গ্লাসের ১/৪ অংশের কম কোকাকোলা নিয়ে (যার পরিমাণ খুব বেশি হলে ১০০ মিলি লিটার হতে পারে) আমাদের সম্মুখে আনলো। পাইলট ও তার স্ত্রীর বারবার অনুরোধে আমরা তা পান করে বাসায় ফিরলাম। ঐ দেশীয় আতিথেয়তার পরিচয় হলো এভাবেই।

২০১৪ সাল : ইদানীং ভারতীয় প্রায় সব TV চ্যানেলেই কোকাকোলার ব্যবসায়িক একটা বিজ্ঞাপন দেখি। বিষয়টা এ রকম "এক বাসার স্বামী-স্ত্রী দুজন বয়স্ক মেহমান/আত্মীয় (মামা ও মামী) এসেছেন। ঘরের স্বল্প বয়স্ক গৃহকর্ত্রী ঘরের নরজা পুলে তাদের গভীরভাবে স্বাগত জানিয়ে তার স্বামীকে মধুর স্বরে ভেঁকে বলছেন : এই দেখ, দেখ, কে এসেছেন। তারপর অতিথিদের তিনি

বলছেন আপনারা বসুন, আমি আপনাদের জন্য কিছু খাবার বানিয়ে আনি। ঐ সময়ে উক্ত বয়স্ক অতিথি আত্মীয়স্বজন গৃহকর্তীকে বললেন : আরে তোমাকে দেখতে এসেছি, খেতেতো আসিনি, বসেই তাদের নিজেদের কোর্টের ভিতর থেকে সিটার ভর্তি কোকাকোলা বোতল বের করে গৃহকর্তীকে আপ্যায়নের ব্যবস্থা করলেন।" ব্যবসায়ীকে বিজ্ঞাপন কোকাকোলা বহুজাতিক প্রতিষ্ঠানের : সুন্দর বৈ কী! বহুজাতিক প্রতিষ্ঠানটি ভারতীয় আতিথেয়তার সুন্দর রূপ এবং বাস্তবতাকে তুলে ধরে বর্তমান অবস্থাকে ফুটিয়ে তুলেছে। বিশ্বটি আমার মন লাগেনি- উপভোগ্য বটে। পঞ্চাশের ২০০১ সালের পবিত্রতানের আতিথেয়তার কথা স্মরণ করিয়ে দিলো বারবার।

২০০১ সালে বিদেশে যাবার আগে ভারতের কোলকাতার আতিথেয়তার কিছু রসাত্মক প্রচলিত গল্প শুনলাম, তখন বাংলাদেশী আতিথেয়তার তুলনায় তা আমাদের সমাজে হাস্যরস জোগাত। যেমন তাদের বাসায় কোন মেহমান, আত্মীয় স্বজন এলে তারা নাকি অতিথিকে আপ্যায়নের জন্য জিজ্ঞেস করতেন : "দাদা চা যদি খান, তবে চুলোয় জল চড়িয়ে দেই।" অথবা "দাদা রাতে যদি খেয়ে যান তবে জানান, দুটো চাল বেশি করে চুলোয় তুলে দেবো খন।" স্বাভাবিক কারণেই অতিথি কেউই এরূপ আমন্ত্রণে রাজি হবার জন্য অস্বাভাবিক হবেন না। পার্ক, আমাকে ক্ষমা করবেন আমি কাউকেই আঘাত করার জন্য লিখছি না। এগুলি অঞ্চলভিত্তিক চাল-চলন, সামাজিক আচার-আচরণ, স্বভাব এবং মানসিক উদারতার কথার উল্লেখ করছি মাত্র। এবার আসি বাংলাদেশীদের প্রসঙ্গে। ঐতিহ্যগত, তৌগোলিক এবং সংস্কৃত জাতীয় কারণেই আমরা নন্দ, অন্ন, সহজ, সাদাসিধা ও ধর্মীয় বৈশিষ্ট্যও বটে এবং বংশমর্যাদার হ্রাস মনে করা হয়, যা আমাদের সামাজিক গৌরবেরও প্রতীক।

১৯৮৫ সাল। আমি তখন রূপালী ব্যাংকের নাটোর জেলা শাখার ব্যবস্থাপক। সামাজিকভাবে কিছুটা সম্মানের স্থানে অধিষ্ঠিত। নাটোর জেলার অনেকের বাসাতেই আমার এবং আমার স্ত্রীর বাতায়নের/দাওয়ারের সুযোগ হয়। সরকারি চাকুরের এটাই মর্যাদার এবং প্রতি। জেলার অন্যতম একজন ব্যক্তিত্ব আমি, সঙ্গে আমার স্ত্রীও উক্ত মর্যাদার অংশীদার হন সব সামাজিক অনুষ্ঠানে। আমার স্ত্রী মিত্রক প্রকৃতির হওয়ায় আমরা প্রায়ই বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ করার সুযোগ পেতাম। মহান সৃষ্টিকর্তার কাছে এজন্য সর্বদা কৃতজ্ঞতা জ্ঞাপন করি। আমার কর্মস্থলের অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের বাসায়ও আমরা মাঝে মাঝেই সামাজিকতার কারণে সহজভাবে বেড়াতে যেতাম। আমরা এবং তাঁরা স্ব স্ব সাধ্য মতো আন্তরিকতার সঙ্গে অতিথি আপ্যায়ন করতাম ও করতেন।

একদিন আমার স্ত্রী বলল, তোমার কার্যালয়ের প্রায় সব কর্মকর্তা/কর্মচারীর বাসায় যাওয়া হয়েছে, আজ চলো, রহিমের বাসায় যাই। রহিম আমার কার্যালয়ের সর্বনিম্ন স্তরের পিয়ন পদে কার্যরত। যথা প্রস্তাব, তথা আজ্ঞা। সম্ভবত ঐদিন সাপ্তাহিক ছুটির দিন ছিল। রহিমকে কিছু না জানিয়েই আমরা দুজনে তার বাসায় হঠাৎ উপস্থিত হই। বাসা বলতে যা বোঝায় তা নয়। সে তার পরিবার ও ছেলে-মেয়েদের নিয়ে শহর থেকে একটু দূরের গ্রামের একটা ভাড়া করা (তৎকালীন সময়ে টাকা = ৩০/- মাত্র) কুঁড়েঘরে অতিকষ্টে দিনাতিপাত করত। হঠাৎ আমরা তার বাসায় যাওয়ায় তার আনন্দ সেদিন যা দেখেছি, তা ভাষায় প্রকাশ করা সম্ভব নয়। তার কার্যালয়ের সর্বময়/সর্বোচ্চ কর্মকর্তা তার উঠানে অতিথি হয়েছে-এটা তার জন্য ছিলো বিস্ময়কর। তার ছোট এক কামরাসর্ব্ব কুঁড়েঘরে আমাদের আগমনে গর্বে তার চোখে যে আনন্দাঙ্গ দেখেছি তার অনুভব শুধু অস্তরই বলতে পারবে। সে তার কুঁড়েঘরে কোথায় আমাকে বসাবে, কোথায় আমার স্ত্রীকে বসাবে, কিভাবে আমাদের সমাদর করবে, কাকে ডাকবে অর্থাৎ ঐ সময় সে কিছুক্ষণের জন্য হতভম্ব, বাকহারা হয়ে পড়েছিল। তার বাসায় কোন চেয়ার, টুল বা বসার কিছুই ছিল না। সে তার প্রতিবেশীদের বাসা থেকে চেয়ার আনার ব্যবস্থা করতে লাগল। আমি তাকে বললাম, আমিতো তোমার মেহমান হিসাবে তোমার বাসায় আসিনি, এসেছি আমার এক ছোট ভাইয়ের বাসায় বেড়াতে। আমার স্ত্রী তার স্ত্রীকে নিয়ে তার বাসার আসিনায় তাদের অতি পুরাতন জীর্ণ মানুসে সবাইকে নিয়ে বসে গেল। আমিও রহিমকে নিয়ে তাদের সঙ্গে মাটিতে বসে গল্প শুরু করলাম। রহিম আমাদের কী নিয়ে আপ্যায়ন করবে। গ্রামের আশপাশে কোন দোকান নেই যে সেখানে সে যাবে। তাদের এই অবস্থায় আমার স্ত্রী, তাকে আর তার স্ত্রীকে বললঃ বাসায় মুড়ি আছে, থাকলে তাই নাও, পিয়াজ আর সরিষার তেলে মাখিয়ে। আমরা তোমাদের বাসায় তাই খেতেই এসেছি। তার স্ত্রী অবাক হয়ে তাই করল। আমরা সবাই মিলে আনন্দের সঙ্গে খেলাম। কী যে তৃপ্তি ঐ আপ্যায়নে, ঐ আতিথেয়তায়। তা শুধু বাংলাদেশীরাই জানে, উপলব্ধি করতে পারে। আমাদের সহজসুলভ ব্যবহারে তারাও সহসই সহজ, অতি আপনে পরিণত হলো। সেদিন মনে হয়নি আমি কে আর আমাদের রহিম ও তার পরিবার কে? আমরা বাংলাদেশী, আমরা মানুষ, সর্বপ্রথমে জাতি।

আমাদের খাবার সময় হলো। রহিম এবং তার স্ত্রীর আবার তাবী আমাদের পরিবরণে এসেছেন, কী উপহার আমরা দেবো? আমার স্ত্রীর লাউ গাছের ফটি আপা-ভগার শাক খুব পছন্দের ছিল। সে বলল, কিছু যদি দিতেই চাও তবে দুটো লাউ-ভগা উপহার দিতে পারো। রহিম ও তার স্ত্রীর আনন্দ দেখে কে? তাবীর আবার, পারেতো পুরো লাউগাছটাই কেটে দিতে চায়। পরে তাদের অনুরোধ করি ২/১টা লাউ ভগার জন্য। তাদের সেদিনের ঐ উপহার পেয়ে কতটা তৃপ্তি পেয়েছি, কতটা আনন্দ লেগেছে, সে কৃতজ্ঞতা শুধু মহান সৃষ্টিকর্তাই জানেন। রুদরে আজ্ঞা সেদিনের স্মৃতি ক্ষণে ক্ষণে উদয় হয়। মনে হয়, "এটাই আমাদের অহংকার। বাংলাদেশীদের আতিথেয়তার গৌরব-আমাদের পিতা-প্রতিভামহদের শিক্ষা, যা আমাদের যুগ যুগান্তরের ঐতিহ্য।

লেখক : প্রাজ্ঞ উপ-মহাব্যবস্থাপক। করাচী শাখার কান্ট্রি ম্যানেজার ছিলেন।



খেলাধুলা সম্প্রচারে বাংলাদেশ বেতার আলফাজ উদ্দিন আহমেদ

বাংলাদেশ বেতার দেশের সাধারণ মানুষের কাছে একটি অতি পরিচিত শ্রিয় নাম। প্রায় প্রজন্ম অনুক্রমে এদেশের মানুষ বেতারের বিভিন্ন অনুষ্ঠান উপভোগ করে আসছে। দেশের শিল্প, সংস্কৃতি, রাজনীতি, খেলাধুলা সম্পর্কে অবহিত হয়ে আসছে এই বেতারের মাধ্যমেই। অথচ এই বেতার কবে তার যাত্রা শুরু করেছিল তা হয়তো অধিকাংশ মানুষেরই অজানা। ক'দিন আগেই বেতারের ৭৫ বছর পূর্তি অর্থাৎ হীরকজয়ন্তী অনুষ্ঠান হয়ে গেল।

সময়ের বিবর্তনের সাথে মানুষের দৈনন্দিন জীবনে অনেক কিছুই নতুন এসেছে। যেমন: টেলিভিশন, ইন্টারনেট, ক্লাইপি, ভাইবার, ওয়ার্ল্ডস অ্যাপ, ইমো, ম্যাসেঞ্জার, ওয়াইফাই প্রি-জি, ফোর জি, সেলফি, সেলফি ইত্যাদি। মানুষের ব্যস্ততাও বেড়েছে বহুগুণ। তবু বিশেষ করে গ্রাম-গঞ্জে, এমনকি মফস্বল শহরগুলোতে বেতারের সাথে মানুষের সম্পৃক্ততা কিন্তু আজও অটুট রয়েছে।

বেতারের মাধ্যমে সাধারণ মানুষের কাছে আমার পরিচয় একজন ভাষ্যকার হিসেবেই বেশি। যদিও আমি অনেক বেতার নাটকে অভিনয় করেছি। বহুদিন খেলাধুলার খবর পাঠ করেছি। তাই একজন ভাষ্যকার হিসেবেই বেতারের এই হীরকজয়ন্তী উৎসাপন উপলক্ষে খেলাধুলার ক্ষেত্রে বেতারের ভূমিকা নিয়ে কিছু কথা বলতে চাই।

সামাজিক জীবনে খেলাধুলা একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। খেলাধুলার মাধ্যমে দেশের তরুণ সমাজের চরিত্র গঠন হয়। আর খেলাধুলার মাধ্যমেই একটি দেশের পরিচয় ঘটে। সাম্প্রতিক সময়ে ক্রিকেটের সফলতাই বাংলাদেশের পতাকা বিশ্ববাসীকে চিনিয়েছে। আর এই খেলাধুলাকে দেশবাসীর কাছে প্রায় নিয়মিতভাবে পৌঁছে দিয়ে ক্রিকেট, ফুটবলকে জনপ্রিয় করেছে বাংলাদেশ বেতার।

বাংলায় খেলার ধারা বর্ণনা শুরু করেন আমাদের সবার শ্রিয় যিনি, তিনি আজ বেতারে আর আমাদের মাঝে নেই, তিনি হামিদ ভাই। যাটের দশকে অল্প পরিসরে তৎকালীন রেডিওতে খেলাধুলার সরাসরি সম্প্রচার শুরু হলেও বাংলায় খেলার ধারা বর্ণনার পালে বাতাস লাগে দেশ স্বাধীন হওয়ার পর। বেতার, ফুটবল এবং ক্রিকেট খেলার ধারাবর্ণনা প্রায় নিয়মিতভাবে সম্প্রচার শুরু করে বাংলাদেশ স্বাধীন হওয়ার পর। তখন আমরা নিয়মিতভাবেই সুনতন হামিদ ভাই, তওফিক আলিজ ভাই, শাহজাহান ভাই এবং মিস্টু ভাইদের কণ্ঠ। আজ এদের কেউই জীবিত নেই। এদের পরপর আসেন খোদাবল্ল মুখা, নূর আহমেদ, মুসা ভাই ও আতাউল হক মল্লিক। আজ আর এদেরও কেউ বেঁচে নেই। এরপর শুরু করি আমি (আলফাজউদ্দিন আহমেদ) আর ক'দিন পর চৌধুরী জাফরউল্লাহ শারায়ত। এরপর কিছুদিন বিরতির পর আমাদের প্রচেষ্টায় বেশ ক'জন একসাথে আসেন ভাষ্যকার হিসেবে। এই নতুনদের মধ্যে আজ অনেকেই বেশ ভাল করছেন তাদের কাজে। যারা চলে গেছেন তারা তাদের দক্ষতায় একে গেছেন নিজস্ব চিত্র শ্রোতাদের মনে।

বাংলাদেশ ক্রিকেট দলের আন্তর্জাতিক অঙ্গনে স্বীকৃতির কারণে দেশে এবং বিদেশে খেলার সংখ্যা বৃদ্ধি পেয়েছে বহুগুণ আর বাংলাদেশ বেতার যেখানে দেশের খেলা সেখানে থেকেই ক্রিকেট এবং ফুটবল খেলার সরাসরি সম্প্রচারের পদক্ষেপ গ্রহণ করে সাধারণ শ্রোতাদের মন জয় করেছে। আজ বেতারে খেলাধুলা সম্প্রচারের সংখ্যাও বেশ বৃদ্ধি পেয়েছে। তাই খেলাধুলার ক্ষেত্রে বাংলাদেশ বেতারের ভূমিকা সত্যি প্রশংসারযোগ্য। বাংলাদেশ বেতারের অগ্রযাত্রায় তাই খেলাধুলার অধ্যায়টি সত্যি উল্লেখযোগ্য এবং প্রশংসনীয়। আর বাংলাদেশ বেতারের খেলাধুলার সম্প্রচারের একটি ক্ষুদ্র অংশ হিসেবে স্মৃতি ধাক্কাতে পেরে আমি নিজেকে ভাগ্যবান মনে করছি। আগামীতে বাংলাদেশ বেতারের অগ্রযাত্রা আরো বেগবান হোক সেই কামনা করছি।

লেখক : রূপালী ব্যাংকের প্রাক্তন সহকারী মহাব্যবস্থাপক



শিরক

এল. আর. চৌধুরী



ইসলাম একমাত্র পরিপূর্ণ জীবন ব্যবস্থা। এখানে কোন ভ্রান্ত ধারণা ও মতবাদের স্থান নেই। এই ভ্রান্ত ধারণা ও মতবাদের থেকে শিরক-এর সৃষ্টি হয়। আর এই শিরকের কারণেই ইহুদি ও নাসারায়ণ মহান আল্লাহতায়ালার কাছে অতিশয় জাতিতে পরিণত হয়েছে।

মানব জীবনের সর্বাপেক্ষা বড় গুনাহ হচ্ছে আল্লাহর সাথে শিরক করা। অথচ আল্লাহতায়ালার মানুষকে সৃষ্টি করেছেন শুধু তাঁর ইবাদত করার জন্য। আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেছেন : "আমি ক্বিন ও মানব জাতিকে কেবলমাত্র আমার ইবাদত করার জন্য সৃষ্টি করেছি।"-সূরা আযযারিয়াত : ৫৬

আল্লাহপাকের ইবাদত করা অর্থাৎ নিঃশেষে তাঁর উপর পূর্ণ বিশ্বাস স্থাপন করে শুধু তাঁর ইবাদত করা। অন্য কারো ইবাদত না করা এবং ইবাদতের মধ্যে কোন প্রকার গাফিলতি বা লোক দেখানো দৃশ্য না থাকা। আল্লাহপাকের আদেশ-নিষেধ যথাযথভাবে পালন করে তাঁর উপর নির্ভরশীল হওয়া এবং আল্লাহপাকের রহমত পাওয়ার আশাও করা।

পবিত্র কুরআনে আহলে কিতাবধারীদের লক্ষ্য করে নবী করীম (সাঃ)-কে বলা হয়েছে :

"-----বন্দু, আমরা আল্লাহ ছাড়া অন্য কারও ইবাদাত করবো না, তাঁর সাথে কোন শরিক করবো না

এবং একমাত্র আল্লাহ ছাড়া কাউকে নিজেদের রব বলে গ্রহণ করবো না।"-সূরা আলে-ইমরান : ৬৪

আল্লাহ এ পৃথিবীতে মানুষকে পাঠিয়েছেন তাঁর বিলাফত প্রতিষ্ঠার দায়িত্ব পালন করার জন্য। তিনি প্রতিটি মানুষকে তাওহীদের বিশ্বাস নিয়েই পৃথিবীতে পাঠিয়ে থাকেন। আর তাওহীদ হল বিলাফত প্রতিষ্ঠার মূল ভিত্তি।

শিরক না করাই মানুষের স্বভাবজাত ধর্ম। আল্লাহর নিকট একমাত্র ধীন হচ্ছে ইসলাম। এ ইসলামের মূল ভিত্তি তাওহীদ কিন্তু মানব সৃষ্টির সূচনালগ্ন থেকে বনী আদমের চিরশত্রু শয়তান তার কূটকৌশল বাস্তবায়নের জন্য বেছে নিল গোমরাহির অন্যতম পথ শিরক। কারণ শিরকই চুরমার করে দিতে পারে বনী আদমের স্বপ্নসাধকে। খান খান করে দিতে পারে তার ইমানকে। শয়তান প্রতারকের মত বিভিন্ন সময়ে বিভিন্নরূপে বিভিন্ন কায়দায় বনী আদমের সবচেয়ে মূল্যবান সম্পদ ইমানকে শিরকের আবর্জনার কলুষিত করে দিচ্ছে। এর ফলে নিঃশেষ হয়ে যাচ্ছে তার মহামূল্যবান আমল। কিলীন হয়ে যাচ্ছে তার সর্বশ্রেষ্ঠ নিয়ামত ইমান। তাই বনী আদমের চিরশত্রু শয়তানের খোঁকাবাঞ্জি থেকে সতর্ক করে শিরকমুক্ত আমলের মাধ্যমে তাওহীদের ভিত্তকে মজবুত করে বিলাফতি দায়িত্বের আহ্বান জানাতে মানুষের নিকট যুগে যুগে আল্লাহ নবী-রাসূলগণকে পাঠিয়েছেন। একই ধারাবাহিকতায় এসেছেন সর্বশেষ নবী মুহাম্মদ রাসূলুল্লাহ (সাঃ)।

শিরক কী? শিরক হলো তাওহীদের বিপরীত। শিরক আরবি শব্দ, অর্থ বহুত্ববাদ-আল্লাহর অংশীদার সাব্যস্ত করা, কাউকে বা কোন কিছুকে আল্লাহর অংশীদার বা সমকক্ষ তুলনা করা বা সমতুল্য মনে করা আল্লাহর স্ত্রী-পুত্র সাব্যস্ত করা ঐতিহ্যবাহী বিশ্বাস করা অর্থাৎ আল্লাহর জাত, দিফাত, ক্ষমতা, গুণাবলী ও কর্মের সম্পর্কে যেসব বিশ্বাসের কথা কুরআন ও হাদিসে বলা হয়েছে এই সব বিশ্বাস অন্য কোন মাখনুকের সাথে তুলনা করা বা শরিক মনে করা শিরকের অন্তর্ভুক্ত। এ ধরনের বিশ্বাস অস্তরে ধারণ করা, মুখে বলা এবং কার্যে পরিণত করা সবই হারাম।

আমরা শিরককে সাধারণত শেরেকি বলে থাকি। যে শেরেকি করে সে মুশরিক, সে আর মুশলমান থাকে না, সে কাফের হয়ে যায়। রাসূল (সাঃ) বলেছেন, প্রতিটি সন্তান তার সহজাত প্রকৃতি অর্থাৎ ফিতরাতের উপর তথা তাওহীদের উপর জন্মগ্রহণ করে। অতঃপর পিতা-মাতা তাকে ইহুদি, খ্রিস্টান অথবা অগ্নিপূজক বানায়। অর্থাৎ পিতা-মাতা যে ধর্মের অনুসারী সে ধর্মের অনুসারী বানায়। বস্তুত প্রতিটি মানুষ পৃথিবীতে তাওহীদের বিশ্বাস নিয়েই জন্মগ্রহণ করে। ফলে তাওহীদি চেতনা তার স্বভাবের মধ্যে মিশে যায়। তাই দেখা যায়, একজন মুশরিক, একজন নাস্তিকও বিপদের মুহুর্তে বা সংকটকালে একমাত্র শক্তিময় সৃষ্টিকর্তা আল্লাহর দিকে ফিরে আসে, কায়মনোবাক্যে, তাঁর নিকট সাহায্য প্রার্থনা করে। কিন্তু পরবর্তী পর্যায়ে বিভিন্ন পারিপার্শ্বিকতায় তাওহীদের বিশ্বাস থেকে কারো বিচ্যুতি ঘটে যায়।

মুইন কী করে মুশরিক হয়? আল্লাহতায়ালার বলেছেন :

"ওহাম্মা ইয়ুমিনু আকছাক হম বিয়াহি ইত্তা ওয়াহম মুশরিকুন।"

অর্থ : তাদের অধিকাংশ লোক এমন অবস্থায় ইমান আনে যে, তারা অন্যকে আল্লাহর সাথে শরিক করে।

অধিকাংশ লোক একদিকে আল্লাহকেও বিশ্বাস করে অন্যদিকে পেরেকি কাজও করে। আর এ কথা যেহেতু আল্লাহ বলেছেন,

সেহেতু এর মধ্যে কোন 'যদি' নেই। এটা অবশ্যই সত্যি যে, ইমানদানের একটা বড় অংশ মুশরিক। তা সত্যি না হলে আল্লাহ কেন বললেন যে, অধিকাংশ ইমানদারই ইমানও আনে এবং মুশরিকও থাকে। এটা কি আল্লাহ বেরিক বলেছেন? অবশ্যই নয়। আল্লাহ বলেছেন, ঠিক-ই, কিন্তু মুসলিম সমাজের দুর্ভাগ্য যে, আমরা বহু কিছু বুঝার চেষ্টা করি, কিন্তু চেষ্টা করি না শুধু আল্লাহর কথাকে বুঝার। এ বুঝার চেষ্টা ও বুঝানের চেষ্টা যদি কায়ম থাকিত তাহলে আমরা নামাজ, রোজা, হজ্ব করে, জাকাত দিয়ে অনেক বেক কাজ করেও মুশরিক হতাম না। সেই সাথে এসব বেক আমল নষ্ট করে দিয়ে চির জাহান্নামের পথ ধরতাম না।

আমাদের মধ্যে খুব কম লোক আছেন যারা সত্যিকার অর্থে বুকেন যে, কোন কাজ করলে শিরেকি হয়। একজন মুমিন বান্দাহ এমন কাজ করতে পারে না, যা করলে শিরেকি হয়।

সহজ কথায় বলা হয়, আল্লাহর সঙ্গে আউকে অশীদার করলেই শিরেকি হয়। যেমন-আল্লাহর জ্ঞাত তথা সত্তার সাথে অন্য কাউকে শরিক করা, আল্লাহর কর্তৃত্বের, ক্ষমতার, গণাবলীর ও কাজের সাথে অন্য কাউকে শরিক করা, ইবাদতে আল্লাহর সাথে অন্যকে শরিক করা ইত্যাদি। এ ছাড়া কেউ কেউ মনে করেন অমুক গীর বা ফকির যদি গ্রামের উপর দিয়ে হেঁটে যায় তবে গ্রাম থেকে কলেরা-ডায়রিয়া রোগ দূর হয়ে যাবে। ওমুক মাজারে মাল্লত করলে নিঃসন্তান দম্পতির সন্তান লাভ করা সম্ভব হবে। এ ধরনের শিরেকি ব্যাপক সংখ্যক মুসলমান করে থাকে। তা না হলে এই সংখ্যাকে আল্লাহ 'আকছার' শব্দ দ্বারা অবশ্যই বলতেন না। এদের কথা বললে 'কালিল' শব্দ হয়তো ব্যবহার করতেন। কিন্তু তা না বলে বলেছেন 'আকছার' বা অধিকাংশ লোক।

তাইতো আল্লাহ বললেন, অধিকাংশ ইমানদার এমন অবস্থায় ইমান আনে যে সে অন্যকে আল্লাহর সঙ্গে শরিকও করে।

পবিত্র কুরআনে অন্য আয়াতে ইরশাদ হয়েছে :

"—আল্লাহর সাথে তোমরা অন্য কাউকে সমকক্ষ করো না।"—সূরা আল বাকারাহ : ২২

শিরক হচ্ছে সবচেয়ে বড় জুলাম এবং সবচেয়ে জঘন্য ও নিকৃষ্ট জুলাম। কুরআন মাজিদে তাই ইরশাদ হচ্ছে :

"—শিরক হচ্ছে সবচেয়ে বড় জুলাম।"—সূরা শোকমান : ১৩

বুখারি ও মুসলিম শরিফে হযরত আবদুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) থেকে বর্ণিত আছে, তিনি বলেন, আমি বললাম, ইয়া রাসুল্লাহ (সাঃ) কোন গুনাহ সবচেয়ে বড়? তিনি বললেন, আল্লাহর সাথে কাউকে শরিক বা সমকক্ষ সাব্যস্ত করা অথচ আল্লাহতায়ালাই তোমাদেরকে সৃষ্টি করেছেন।

হযরত আবদুল্লাহ ইবনে আব্বাস (রাঃ) বলেন, আল্লাহতায়ালার ছাড়া অন্য কোন সত্তাকে আল্লাহর বিকল্প ও সমকক্ষ হিসাবে গ্রহণ করা এত গোপনীয় ধরনের শিরক যে, তা রাতের অন্ধকারে কোন কালে বস্তুর উপর দিয়ে পিঁপড়ের চলাফেলার চেয়ে গোপনীয়। যেমন, সে বলতে পারে আল্লাহর কসম এবং তোমার ও আমার জীবনের কসম অথবা এ কুকুরটা না থাকলে গাভি রাতে আমাদের বাড়িতে চোর আসত, ডাক্তার ঠিকমত আসতো রোগীটা বেঁচে গেছে, কেউ বাড়ি থেকে কাউকে নিয়ে কোথাও রওনা হওয়ার সময় আশীর্বাদস্বরূপ বলে 'আগে আল্লাহ পিছনে আপনি' ইত্যাদি শিরকের অন্তর্ভুক্ত। অথবা আল্লাহতায়ালার চান এবং তুমি যা চাও অথবা আল্লাহ এবং অমুক যদি না থাকত, এ সব শিরকের অন্তর্ভুক্ত।

শিরকের কারণ ?

শিরক করার অনেক কারণ রয়েছে। যেমন,

১. আল্লাহ সম্পর্কে সঠিক ধারণার অভাব

আল্লাহ যে কত বড়, কত মহান, কত ক্ষমতাবান, তাঁর কর্তৃত্ব যে কত ব্যাপক, এ ধারণা অনেকেরই নেই। আল্লাহ যে কত মহাপরাক্রমশালী, এ মূল্যায়ন অনেকেরই করতে পারে না, তাই তারা শিরকে লিপ্ত হয়ে যায়।

২. কারও ব্যাপারে অতিরিক্ত করা কারও মান, মর্যাদার ভক্তিপ্রদা ও ক্ষমতার ক্ষেত্রে অতিরিক্ত করা, বাড়াবাড়ি করা।

৩. শিরকের আর একটি বড় কারণ হচ্ছে ওয়াসিলায় ভুল ব্যাখ্যা

অনেকে এ ধারণা পোষণ করে যে, আমরা সরাসরি আল্লাহর নৈকট্য লাভ করতে সক্ষম হব না, অথবা আমাদের আমল সরাসরি আল্লাহর নিকট পৌঁছাবে না, এর জন্য প্রয়োজন কোন মাধ্যম বা ওয়াসিলা অবলম্বন করা। এই ধারণা নিয়ে লোকেরা বিভিন্ন বৃহদুর্ণ ব্যক্তির নিকট ধরনা দেয় এবং বিশ্বাস করে যে, এদের মাধ্যমেই আমাদের আমলকে আল্লাহর নিকট পৌঁছাতে হবে। শুধু জীবিত নয় মৃত ব্যক্তিকেও ওয়াসিলা হিসেবে গ্রহণ করে থাকে। তারা মনে করে এরা তাদের মনোবাঞ্ছা পূরণ করে নিতে সক্ষম হবে। এ সব লোক কিন্তু আল্লাহকে অস্বীকার করে না বরং এদের বিশ্বাস ঐ সব ব্যক্তির ওয়াসিলায়ই এরা আল্লাহর নৈকট্য লাভ করতে সক্ষম হবে এবং পরকালেও এরা তাদের পার করিয়ে নিয়ে যেতে পারবে।

বস্তত: আল্লাহর নিকট আমল পৌঁছাতে হলে অন্যের মাধ্যমে প্রয়োজন বা দু'আ করতে হলে অন্য কোন ব্যক্তিকে মাধ্যমে অবলম্বন করে আল্লাহর নিকট দু'আ পৌঁছাতে হবে, এ ধরনের 'আকিদা' পোষণ করা শিরকের অন্তর্ভুক্ত। আমল সরাসরি আল্লাহর দরবারে পৌঁছে যায়, কোন মাধ্যমের প্রয়োজন হয় না। এমনিভাবে দু'আও।

৪. শিরকের আরেকটি কারণ হলো পূর্বপুরুষদের অন্ধ অনুসরণ:

যখনই নবী-রাসুলগণ বা তাঁদের ওয়ারিশ আলিমগণ হিদায়াতের পথে আহ্বান জানায়, তখনই মুশরিকরা বলে, আমরা আমাদের বাপ-দাদা, চৌদ্দপুরুষের পথ ছাড়তে রাজি নই। আমরা আমাদের পূর্ব পুরুষদেরকে যে পথে চলতে দেখেছি, আমরা সে পথেই চলব।

৫. শিরকের আরেকটি কারণ হলো শাফা'আতের ভুল ব্যাখ্যা:

শাফা'আতের মালিক একমাত্র আল্লাহ। তিনি যাকে যার জন্য সুপারিশ করার অনুমতি দেবেন, একমাত্র তিনিই এবং একমাত্র তাঁর জন্যই সুপারিশ করতে পারবে। হাশরের ময়দানে আল্লাহতায়ালার নবী, রাসুল, আলিম, শহীদ, হাকিম এমন অনেককে সুপারিশ করার অনুমতি দেবেন।

৬. শিরকের আরেকটি কারণ হচ্ছে অজ্ঞতা, মুর্খতা :

যারা আল্লাহর সাথে শরিক করে, তার একটি বড় কারণ হলো, শিরক-ইমানের পার্থক্য করতে না পারা, তারা বুঝতে পারে না যে এ সব কাজের দ্বারা একজন মুমিন মুশরিক হয়ে যায়। যেমন : যারা মাজারে টাকা পরস দেয়, গরু-ছাগল দেয়, তারা কোন দিন ভাবে না যে, তারা ইমান থেকে বের হয়ে যাচ্ছে। আল্লাহ বলেন :

"বল, হে অজ্ঞ ব্যক্তির, তোমরা কি আমাকে আল্লাহ ব্যতীত অন্যের ইবাদত করতে বলছো?"- সূরা আফ-যুমার : ৬৪

৭. শিরকের আরেকটি কারণ অতিরিক্ত ভক্তি ও আবেগ :

কারো প্রতি অতিরিক্ত ভক্তি ও আবেগের বশবর্তী হয়ে মাথা নুইয়ে ফেলে, কোন কোন ক্ষেত্রে সিজদাও করা, কবরের দেয়ালে চুমু খাওয়া, ধূলা শরীরে মাখা, সাহায্য প্রার্থনা করা, এমন কিছু বিশ্বাস পোষণ করা যে, যাবতীয় অবস্থা সম্পর্কে তিনি সর্বদা অবহিত হন অর্থাৎ গ্যারেবি জানেন। প্রয়োজন মিটানো বা বিপদ মুক্তির জন্য আল্লাহ ব্যতীত অন্য কারো নিকট দু'আ চাওয়াও শিরক।

শিরক মূলত : চার প্রকার

১. শিরক ফিন্‌যাত : আল্লাহর জাত তথা সত্তার সাথে অন্য কাউকে শরিক করা। আল্লাহ এক ও একক। তাঁর শরিক নেই, তাঁর কোন স্ত্রী ও সন্তান নেই। আল্লাহ ব্যতীত আরো ইলাহ; রব আছে বলে 'আকিদা' পোষণ করা, আল্লাহর সত্তার ক্ষেত্রে শিরক করার অন্তর্ভুক্ত।

২. শিরক ফিরক্বুবিয়্যাত : আল্লাহর কর্তৃত্বের, ক্ষমতার, গুণাবলীর ও কাজের সাথে অন্য কাউকে শরিক করা। যেমন সৃষ্টি করা, রিজক দেয়া, জীবন মৃত্যু দেয়া, রোগমুক্ত করা, বিপদ থেকে উদ্ধার করা ইত্যাদি একমাত্র আল্লাহর জন্য নির্ধারিত। এ বিষয়ে অন্য কাউকে আল্লাহর সাথে শরিক করা হলো আল্লাহর রক্বুবিয়্যাতের ক্ষেত্রে শিরক।

৩. শিরক ফিল উলূহিয়্যাত : ইবাদতে আল্লাহর সাথে অন্যকে শরিক করার নাম হচ্ছে শিরক ফিল উলূহিয়্যাত। এটাকে শিরকে ফিল উলূহিয়্যাত বা শিরক ফিল ইবাদাতও বলা হয়। এটাই হলো মূল শিরক। আল্লাহ বলেন :

"আল্লাহর ইবাদত করা ও তাওতকে বার্নি করার নির্দেশ দেয়ার জন্য আমি তো প্রত্যেক জাতির মধ্যেই রাসূল প্রেরণ করেছি।" সূরা-আন নাহল : ৩৬
আল্লাহকে বাদ দিয়ে যতই ইবাদত করা হয় অথবা ইবাদতে আল্লাহর সাথে বাকেরই শরিক করবে সে হবে তাওত।

আমরা আল্লাহকে খুশি করার জন্য তার নির্দেশ মত নামাজ, রোজা, হজ, ইত্যাদি পালনের মাধ্যমে তাঁর ইবাদত করি। অপর দিকে হিন্দুরা দেব-দেবীর নামে পূজা করে, মন্ত্রত করে। এভাবে যে কোন পদ্ধতিতেই আল্লাহর ইবাদতের মধ্যে অংশীদার করা শিরক ফিল উলূহিয়্যাতের মধ্যে গণ্য।

শিরকের গুনাহ আল্লাহপাক মাক করেন না। ইরশাদ হয়েছে :

"নিরসদেহে আল্লাহপাক তাকে ক্ষমা করেন না, যে তাঁর সাথে শিরক করে।"-সূরা আন নিসা:৪৮

আল্লাহ সূরা মায়দার ৭২ নং আয়াতে ইরশাদ করেন :

"নিশ্চয়ই যে ব্যক্তি আল্লাহর সাথে অংশীদার স্থির করে আল্লাহপাক তার জন্য জান্নাত হারাম করে দেন এবং তার বাসস্থান হয় জাহান্নামে।"

৪। শিরক ফিসসিফাত :

আল্লাহর নাম ও তাঁর গুণাবলীতে শিরক।

আল্লাহর নাম দুই প্রকার। সত্তাপত নাম ও গুণবাচক নাম।

সত্তাপত নাম হলো আল্লাহ। কোন মাখলুকের নাম আল্লাহ রাখা হলে তা হবে সত্তাপত নামে শিরক।

আল্লাহর নামগুলো তিন ভাগে বিভক্ত

ক. আল্লাহ নিজে নিজের নাম রেখেছেন। তিনি যার নিকট ইচ্ছা প্রকাশ করেছেন।

যেমন কোন কোন ক্ষেত্রে শিরক নিকট প্রকাশ করেছেন।

খ. তাঁর কিতাবে নাম্বিল করেছেন এবং বান্দাদেরকে জানিয়েছেন।

গ. আরেক প্রকার নাম রয়েছে, যা একমাত্র তিনিই জানেন, আর কাউকে জানানো হয়নি। যেমন আল্লাহর গুণবাচক নামগুলো থেকে কোন একটি নামে কোন মাখলুকের নামকরণ করা হচ্ছে আল্লাহর গুণবাচক নামের ক্ষেত্রে শিরক। যেমন কারো নাম ওধু রহমান, কুদ্দুল ইত্যাদি রাখা।

আল্লাহর গুণাবলীতে শিরক দুই প্রকার :

প্রথম : এমন সব গুণ যা আল্লাহর মাফেও রয়েছে, মাখলুকের মাফেও রয়েছে। যেমন- মানুষ দেখে, শুনে, আল্লাহ দেখেন, তেনে এবং অমুক বস্তুই এমন ক্ষমতা রাখেন যেমন আল্লাহ ক্ষমতা রাখেন। এ ধরনের বিশ্বাস পোষণ করা আল্লাহর গুণাবলীতে শিরক করার অন্তর্ভুক্ত।

দ্বিতীয় : যেসব গুণ আল্লাহর জন্য নির্ধারিত, সেসব গুণে অন্য কাউকে গুণাধিত করা। যেমন-গরিব জানা একমাত্র আল্লাহরই বৈশিষ্ট্য। অন্য কাউকে গায়েব জানে বলে বিশ্বাস করা আল্লাহর গুণাবলীতে শিরক করার অন্তর্ভুক্ত। উলামায়ে কেরাম শিরক দু'ভাবে ভাগ করেছেন :

১. শিরকে আকবর (বড় শিরক)

নিম্নলিখিত কাজগুলো বড় শিরকের অন্তর্ভুক্ত :

ক. কবরকে সিজদার জায়গা বানানো

খ. কবরকে সামনে রেখে ইবাদত করা, কবরে বাতি জ্বালানো, কবরকে উঁচু করা, কবরের উপর গম্বুজ বানানো, কবরের উপর চাদর জড়ানো, কবরকে কেন্দ্র করে লোক জমানো ইত্যাদি কবির গুনাহ।

গ. আল্লাহ ব্যতীত গাইক্বুল্লাহর উদ্দেশ্যে জঙ্ঘ যবেহ, মন্ত্রত করা, অদৃশ্য বিপদ থেকে বাঁচার জন্য গাইক্বুল্লাহর সাহায্য বা অস্ত্রের চাওয়া, গাইক্বুল্লাহর নামে শপথ করা। আল্লাহ ব্যতীত দেব-দেবীর নামে বা মাজারের উদ্দেশ্যে গরু, শিরনি ইত্যাদি পেশ করা, কোন পাছ, পাখর, স্থান, কবর ইত্যাদি ধরনের কোন কিছুর ছাড়া বরকত নেয়া, বালামহিবত হতে নিষ্কৃতি লাভের উদ্দেশ্যে বালা, তাগা, তাবিজ ইত্যাদি ব্যবহার করা।

ঘ. ভরসার ক্ষেত্রে শিরক। আল্লাহ ছাড়া অন্য কিছুর উপর ভরসা করা।

ঙ. আনুগত্যের ক্ষেত্রে শিরক। আল্লাহ যা হালাল করেছেন, এমন বিষয়কে হারাম করা, আবার হারামকে হালাল করার ব্যাপারে কোন আলিম, নেতা বা দলের আনুগত্য করা।

চ. জানু, গণক, জ্যোতিষ ইত্যাদির কর্মকাণ্ডে বিশ্বাস করা।

ছ. কুশফশে বিশ্বাস করা।

- জ. বিপদ আপদে আল্লাহ ছাড়া অন্য কাউকে তাকা।
 ঝ. নবী, রাসূল, ওলীগণ সর্বত্র হাজির হতে পারেন এমন বিশ্বাস করা।

২. শিরকে আসপার (ছোট শিরক)

- ক. রিযা বা লোক দেখানো কোন কাজ করা।
 খ. সুখ্যাতি, সুনাম অর্জনের লক্ষ্যে নিজ কর্মকাণ্ড প্রচার করা।
 গ. আমলের দ্বারা দুনিয়া লাভ করার উদ্দেশ্য থাকা।
 ঘ. কোন কথায় আল্লাহর ইচ্ছার সাথে অন্যের ইচ্ছাকে শরিক করা।
 ঙ. 'যদি' শব্দ ব্যবহার করে কথা বলা। যেমন-যদি ঘরে হাঁস না থাকত তাহলে ঘরে চোর আসত, ডাক্তার যদি সময় মত না আসত রোগী বাঁচানো যেত না ইত্যাদি বলা।
 শিরকের পরিণতি ও পরিণাম অতীব ভয়ানক। শিরক এমন জঘন্য অপরাধ যা পরম দয়াময় আল্লাহকে রাশাখিত করে। এটি এমন এক অপরাধ যাতে আল্লাহ সবচেয়ে বেশি অসন্তুষ্ট হন। শিরক জাহান্নামকে অবধারিত করে দেয়, বঞ্চিত করে দেয় জান্নাতের সুখ থেকে। সুবআন - সুন্নাহতে আলোচিত শিরকের কিছু পরিণতি নিম্নে আলোচনা করা হলো :

১. সবচেয়ে বড় জুলুম

জুলুম হলো ইনসাক বা আদল এর বিপরীত। আল্লাহতায়ালার আমাদেরকে সৃষ্টি করেছেন। এ সৃষ্টিতে তাঁর শরিক নেই। অতএব ইনসাক হলো এককভাবে তাঁরই ইবাদত। তাঁর সাথে শরিক করা হবে সবচেয়ে বড় জুলুম।

২. শিরকের জন্যে ক্ষমার অযোগ্য

"নিচয় আল্লাহ তাঁর সাথে শিরক করাকে ক্ষমা করেন না। এছাড়া অন্য অপরাধ তিনি যাকে ইচ্ছা ক্ষমা করে দেন।"-সূরা আন নিসা : ১১৬

৩. শিরক যাবতীয় নেক আমলকে নষ্ট করে দেয়

শিরক এত বিষাক্ত যে, একটি মানুষের জীবনের কষ্টার্জিত নেক আমলগুলোকে মুহূর্তেই বিলীন করে দেয়ার জন্য একটি শিরকই যথেষ্ট।

৪. শিরক জান্নাত থেকে বঞ্চিত করে;

৫. শিরক জঘন্যতম পাপ;

৬. শিরক হলো চরম পথভ্রষ্টতা;

৭. শিরক হচ্ছে অপকিত্ততা;

৮. শিরক ধ্বংস ও বিপর্যয়ের কারণ;

৯. শিরক এক চরম ব্যর্থতা;

১০. শিরক করা মানে আল্লাহর হুকুম নষ্ট করা;

১১. মুশরিকের তাওবা খুবই কম নসিব হয়;

১২. মুশরিকের জন্য ক্ষমা চাওয়া যাবে না;

যেহেতু শিরক ক্ষমার অযোগ্য অপরাধ তাই মুশরিকের জন্য ক্ষমা প্রার্থনা করা নিষেধ।

আল্লাহ বলেন :

"নবী ও মুমিনদের জন্য উচিত নয় যে, তারা মুশরিকদের জন্য মাগফিরাত কামনা করবে, যদিও তারা তাদের নিকট আত্মীয় হোক, এ বিষয়টি সুস্পষ্ট হওয়ার পর যে তারা জাহান্নামি।"-সূরা আত তাওবা : ১১৩

হযরত আবু হুরাইরা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সাঃ) ফরমান, আমি আমার মাতার জন্য ক্ষমা চাওয়ার উদ্দেশ্যে আমার রবের নিকট অনুমতি চাইলাম, তিনি আমাকে অনুমতি দেননি, তাঁর কবর জিয়ারতের অনুমতি চাইলাম, তিনি আমাকে অনুমতি দিলেন।-সহিহ মুসলিম, নাসায়ী, আবু দাউদ রাসূলুল্লাহ (সাঃ) তাঁর মাতার জন্য ক্ষমা চাইতে নিষেধ করার কারণ হলো তিনি কাফির ছিলেন, মুশরিক ছিলেন। কাফির, মুশরিকের জন্য ক্ষমা প্রার্থনা করা বৈধ নয়।-সহিহ মুসলিম, মুসলিম বিন হাজ্জাজ আল কুশায়রী।

বাংলাদেশে প্রচলিত কিছু শিরক

- ওলীদের কবরের উপর অথবা পার্শ্ববর্তী স্থানের গাছের শিকড়, বাকল ব্যবহারে বিবিধ কল্যাণ লাভ হবে বলে বিশ্বাস করা।
- ওলী, হুর্গাদের কবরের পার্শ্ববর্তী স্থানের গাছে মান্নত করে সুতা, তাপা ইত্যাদি বাঁধলে মান্নত পুরা হবে বলে বিশ্বাস করা।
- বিভিন্ন মাজার থেকে আনীত সুতা, তাপা হাতে বাঁধলে বা গলায় বুলালে বিপদ আপদ দূর হবে, রোগ থেকে মুক্তি পাওয়া যাবে বলে বিশ্বাস করা।
- কবরে সিজদা করা।
- মাজারের পুকুরের পানি পান করলে, পুকুরের কুমির, কাছিম, গজার মাছকে খাবার দিলে রোগ থেকে মুক্তি লাভ করবে, বিপদ-আপদ দূর হবে বলে বিশ্বাস করা।
- ছোট ছেলে মেয়েদেরকে বিপদ-আপদ, জিন-ভূত, রোগ-ব্যাদি থেকে মুক্তির জন্য তাদের গায়ে কাসিমের, গজার মাছ ইত্যাদির শেওলা মাখা, মাজারের ধূপাবালি মাখা।
- মৃত ওলীগণ সাহায্য করতে পারেন, এ বিশ্বাসের ভিত্তিতে তাদের নিকট সাহায্য চাওয়া।
- বাস, গাড়ি চালানার সময় বিপদ আপদ দুর্ঘটনা থেকে বাঁচার উদ্দেশ্যে মাজারে টাকা পরসাদ দেয়া।
- নবী রাসূলগণ (এমনকি রাসূলুল্লাহ সাঃ) ও ওলীগণ গায়েব জানেন বলে বিশ্বাস করা।

১০. জীবনকে সুখের করার জন্য ওপীসের কবর, কবরের দেয়াল, গিলাফ ইত্যাদি স্পর্শ করে, চুমু খেয়ে বরকত নেয়া।
১১. ওপীস সর্বত্র হাজির হতে পারেন, বিশ্বাস করা।
১২. ওপীসের কবর, বুখুরি ব্যক্তিসের পীরের সামনে মাথা নত করে দাঁড়িয়ে থাকা।
১৩. দু'আ গৃহীত হওয়ার জন্য বুখুরিসের মাজারের দিকে মুখ করে দু'আ করা এবং ক্ষমতার দিক থেকে মাজারস্থিত ব্যক্তিকে আল্লাহর সমকক্ষ মনে করা।
১৪. ওপীস বিভিন্ন আকৃতি ধারণ করতে পারেন বলে বিশ্বাস করা।
১৫. রাসুলুল্লাহ (সাঃ) মিলাদ মাহফিলে হাজির হন, এ ধারণা পোষণ করা।
১৬. দূর থেকে ইয়া খাজাবাবা, ইয়া শাহজাদাল বাবা ইত্যাদি বলে ডাকা।
১৭. চিয়া পাখি, বানরের মাধ্যমে ভাণ্য জানার চেষ্টা করা।
১৮. জাগা সম্পর্কীয় ব্যাপারে গনক এবং জ্যোতিষদের কথায় বিশ্বাস করা।
১৯. গাউছ, কুতুব, আবদাল দুনিয়া পরিচালনা করেন, মানুষের ভাগ্য-মন্দ নির্ধারণ করেন বলে বিশ্বাস করা এবং একই সময় একাধিক জায়গায় অবস্থান করতে পারেন বলে বিশ্বাস করা।
২০. কোন মানুষকে গাউছুল আজম বলে বিশ্বাস করা। কেননা গাউছুল আজম অর্থ বড় জ্ঞানকর্তা, আর আল্লাহ ছাড়া জ্ঞানকর্তা অন্য কেউ হতে পারে না। শিরকের পরিণতি ও পরিণাম।
২১. কোন ছবি বা মূর্তি সামনে রেখে মাথা নত করা, কুর্বিশ করা।
২২. আল্লাহ ছাড়া অন্য কাউকে আইনদাতা, বিধানদাতা বলে বিশ্বাস করা।
২৩. কবর জিয়ারতের পর কবরের সম্মানে পিছপা হয়ে আসা। কবরকে পিছু দিয়ে আসা বেয়ালবি মনে করা।
২৪. আকিফ, পান্না প্রভৃতি পাথর ও রত্ন মানুষের জীবনে প্রভাব ফেলতে পারে, মানুষের ভাগ্যের পরিবর্তন ঘটতে পারে, এরূপ বিশ্বাস পোষণ করা।
২৫. কোন সূর্যকে তিরগুন মনে করে তাকে সন্মান দেখানো।

শিরক থেকে বাঁচার উপায়

শিরকের আক্রমণ অতি গোপনে সূক্ষ্মভাবে ঘটে। সামান্য অসাবধানতার কারণে মানুষের অন্তরে শিরক চূকে যায়। তাই শিরক থেকে বাঁচার জন্য এ দোয়া পাঠ করার জন্য নবী করীম (সাঃ) বলেছেন :

“আল্লাহ্‌হু ইল্লি আউযুবিকা আন উশরিকা বিকা অআনা আ'লামু আ আহতাগ ফিককা, লিমালা আ'লামু”

অর্থ: “হে আল্লাহ! আমি আপনার নিকট পানাহ চাইছি জেনে তনে আপনার সাথে শিরক করা থেকে। আর অজান্তে শিরক হয়ে গেলে তার জন্য আপনার কাছে ক্ষমা প্রার্থনা করছি।”-মিশকাত

একদিকে উক্ত দোয়া করতে হবে, পাশাপাশি শিরকের কাজকর্ম ও বাবতীয় উপসর্গ থেকে দূরে থাকতে হবে।

উপসর্গের : আল্লাহ পৃথিবীতে মানুষ পাঠিয়েছেন একটি নির্দিষ্ট মেয়াদের জন্য। সে মেয়াদকাল কতটুকু জানা নেই, আর সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহার করেও কারো পক্ষে তা জানা সম্ভব নয়। আবার এটাও নিশ্চিত যে, মেয়াদ যখন ফুরিয়ে যাবে, তখন একটি মুহূর্তের জন্যও আর তাকে ধরে রাখা সম্ভব নয়, অনন্তকালের জন্য সে হারিয়ে যাবে। কেউ তার সন্ধান দিতে সক্ষম হবে না। আধুনিক প্রযুক্তির বদৌলতে ‘হ্যালো’ বললেই সারা দুনিয়ার খবর নেয়া সম্ভব, কিন্তু বাড়ির পাশেই একেবারেই কাছে মার সাড়ে তিন হাত মাটির নিচে মিয়ানদের রেখে আসা হলো, কিন্তু কী অবস্থায় আছে, কেমন আছে, কোন দিন জানা সম্ভব হবে না। সেই অনাদি ও অনন্তকালে নিঃসঙ্গ জীবনেও শান্তির ফলুধারা বয়ে দিতে পারে যেটি ইমান। যে ইমানে থাকবে না শিরকের কোন ছোঁয়া, দূষিত হবে না শিরকের দুর্গন্ধ বাতাসে। যে ইমানের দাওয়াত দিয়েছেন আম্বিয়া আল্লাইহিমুসসালাম।

শিরক মিশ্রিত ইমান ধরলে করে দেয় মানুষের ষণ্ড সাধ, ধুলায় মিশিয়ে দেয় কষ্টের আমলগুলো। আল্লাহ তাঁর মিয় রাসূলকে জানিয়ে দিয়েছেন, যদি তুমি শিরক কর, পাহাড়সম তোমার আমলগুলো মিটে যাবে মুহূর্তের মধ্যে। পড়ে যাবে চরম ক্ষতিগ্রস্ততায়। তাই সব নবী-রাসূলের দাওয়াতের মূল কথা ছিল একটাই। আল্লাহ ব্যতীত কোন ইলাহ নেই।

মুহাম্মদ (সাঃ) জাতির উদ্দেশে প্রথম যে কথাটি বলেছিলেন তা ছিল ‘তোমরা বল! আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই, তা হলে তোমরা সফলকাম হবে।’ কৃষক যেমন কালিক্ত মানের ফল পাওয়ার আশায় বীজ বপন করার পূর্বে জমিনকে ভালো করে কর্ষণ করে জমিন থেকে আগাছা পরগাছা দূরীভূত করে তারপর বীজ বপন করে, তেমনিভাবে ইমানের কালিক্ত মানের ফল পাওয়ার জন্য প্রয়োজন প্রথমে অন্তর থেকে শিরকি কুফরি চিন্তা চেতনাকে ধুয়ে মুছে পরিষ্কার করে অন্তরকে ইমানের উপযোগী করা। আল্লাহ বলেছেন, ‘যে তাওতকে অধীকার করল এবং আল্লাহর উপর ইমান আনয়ন করল সে এমন মজবুত রশি ধারণ করল যা কখনো ছিঁড়বার নয়।’ কৃষক অসতর্ক থাকলে পোকা মাকড় তার ফসল নষ্ট করে দেয়, ত্রিক তেমনি একজন মুমিন তার ইমানের ব্যাপারে অসতর্ক থাকলে ইমানের চির দুশমন শিরক খুব সূক্ষ্মভাবে ইমানকে ভংগ করে দেয়। তাই একজন মুমিনের সতর্কতার জন্য জানা প্রয়োজন কিভাবে মানব সমাজে শিরকের অনুপ্রবেশ ঘটে, কী কী কারণে মানুষ শিরক করতে পারে, শিরকের প্রকারভেদো কী কী, শিরকের পরিণতি কী।

রাসূল (সাঃ) বলেছেন, আমার অনুগামীদের মধ্যে যারা ‘শিরক’ বা অশৌবাদিতা হতে বিরত থাকবে, পরকালে আমার অনুরোধে তারা সবাই মুক্তিপ্রাপ্ত হবে।-সহিহ বুখারি, মুসলিম, তিরমিডি

আল্লাহ আমাদের সবাইকে শিরক থেকে বেঁচে থেকে সাজা ইমান লাভ করার তাওফিক দিন। আমীন।

নিবন্ধকার : সাবেক ডিজিএম, ব্যাংকিং বিষয়ক বহু গ্রন্থের রচনোত্তর।

ওজন নিয়ন্ত্রণ ও আমাদের খাদ্যাভ্যাস মাহমুদা হাসানাত

আমাদের যান্ত্রিক সুখাস্থ্য বজায় রেখে ওজন নিয়ন্ত্রণ করা খুব কঠিন হয়ে পড়েছে। এজন্য দায়ী আমাদের খাদ্যাভ্যাস ও সহজলভ্য কিছু খাবার। আমরা ইচ্ছা করলে খুব সহজে সুখাস্থ্য বজায় রেখে ওজন নিয়ন্ত্রণ করতে পারি। এজন্য আমাদের একটু সচেতনতাই যথেষ্ট। আর সবচেয়ে মজার বিষয় হলো সপ্তাহে মাত্র ৩ থেকে ৪ দিন, ১০ মিনিটের শরীর চর্চার মাধ্যমে আপনি আপনার শরীরে জমে থাকা মেদ খুব সহজে দূর করতে পারেন। তবে অবাক হলেন। হ্যাঁ, মাত্র ১০ মিনিটেই সম্ভব। ২০১২ সাল থেকে বেশ কিছু কঠিন ডায়েট, খাদ্যাভ্যাসের পরিবর্তন ও স্বাস্থ্যসম্মত খাদ্যাভ্যাস ত্যাগের কুফল ইত্যাদি বিষয়ে আমি নিজের উপর প্রয়োগ ও পরীক্ষা করি। প্রথমবার কঠিন ডায়েট পালন করে দ্রুত ২০ কেজি (৮১ কেজি থেকে ৬১ কেজি) ওজন কমাতে সক্ষম হই, কিন্তু পরবর্তীতে ওজন ধরে রাখার ক্ষেত্রে দীর্ঘমেয়াদে কঠিন ডায়েট পালনে আমি আহহ হারিয়ে ফেলি ও ব্যক্তিগত জীবনে হতাশার সৃষ্টি হয়। এর কুফলস্বরূপ আমার ওজন দ্রুত বৃদ্ধি পেয়ে পুনরায় ৮২ কেজি হয়ে যায়। পরবর্তীতে দ্বিতীয়বার ডায়েট ছাড়া প্রচলিত খাদ্যাভ্যাসে কিছু পরিবর্তন এনে ২২ কেজি (৮২ কেজি থেকে ৬০ কেজি) ওজন কমাতে সক্ষম হই। ফলে পূর্বের ন্যায় আমার আর হতাশা আসেনি ও দীর্ঘ মেয়াদে আনন্দের সাথে ওজন নিয়ন্ত্রণ করতে পারছি। আমি বিশ্বাস করি আমার অভিজ্ঞতা অন্যদের উপকারে আসবে। এ লেখা শুধুমাত্র পূর্ণ বয়স্কদের জন্য প্রযোজ্য; বিশেষ করে যারা অফিসে বসে চাকরি করেন, শারীরিক পরিশ্রমের চাকরি বা কাজ করেন না।

সুখাস্থ্য বজায় রাখার জন্য প্রথমে কিছু সাধারণ বিষয় আমাদের মনে রাখা জরুরি

- ক. যে কোন কঠিন ডায়েট পালন করা শরীরের জন্য অত্যন্ত ক্ষতিকর।
- খ. এমন কোন ডায়েট পালন করা উচিত নয়, যা দীর্ঘমেয়াদি করা অসম্ভব।
- গ. কঠিন ডায়েটে ফলাফল খুব স্বল্প সময়ের জন্য পাওয়া যায়। দীর্ঘমেয়াদে কোন কাজে আসে না।
- ঘ. আমরা বাংলাদেশীরা যে সব খাবার গ্রহণ করি এবং যে পদ্ধতিতে রান্না করি তা ওজন কমানোর ক্ষেত্রে ও শরীরের গঠন ধরে রাখার ক্ষেত্রে স্বাস্থ্যসম্মত নয়।
- ঙ. আমাদের প্রচলিত খাদ্যাভ্যাসের মধ্যে কিছু পরিবর্তন এনে ডায়েট করতে পারলে দীর্ঘমেয়াদি ডায়েট করা সম্ভব। এতে কঠি বজায় থাকে এবং হতাশ হওয়ার সম্ভাবনা কম।
- চ. স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস গড়ে তোলার জন্য প্রথমে আমাদের শরীরকে দূষণমুক্ত (De-toxification) করা অত্যন্ত জরুরি।
- ছ. মনে রাখতে হবে, যেটা আমরা করতে পারব সেটাই আমাদের করা উচিত।
- জ. ওজন নিয়ন্ত্রণের বিষয়টি সম্পূর্ণ নিজে ভেতর থেকে আসতে হবে। অন্যকে দেখে শখের বসে কোন কিছু না করে, নিজের সামর্থ্য অনুযায়ী চেষ্টা করা উচিত।
- ঝ. সব সমস্যার মূলে রয়েছে চিনি ও সরল শর্করা (Simple Carbohydrate) যাকে এক কথায় খারাপ শর্করা (Bad Carbohydrate) বলে। এ জাতীয় খাবার থেকে সবসময় দূরে থাকা উচিত। (উদাহরণ: চিনি, সাদা ভাত, সাদা আটা/ময়দা, সাদা পাইক্কাট, আনু ও এসব দ্রব্য দিয়ে তৈরীকৃত সব খাদ্যসামগ্রী)।
- ঞ. সুখাস্থ্য ধরে রাখার জন্য আমাদের পর্যাপ্ত স্বাস্থ্যসম্মত ও সুখম খাবার গ্রহণ করা জরুরি।
- ট. ওজন কমানো ও স্বাস্থ্য সঠিকভাবে ধরে রাখার জন্য সচেতনতা, বৈধ ও মনোবল অত্যন্ত গুরুত্বপূর্ণ।

করণীয়

ওজন কমানো ও সুখাস্থ্য ধরে রাখার ক্ষেত্রে বেশ কিছু করণীয় বিষয় আমাদের মনে রাখা প্রয়োজন:

- ক. প্রচুর শাক-সবজি (কঁচা/সিদ্ধ) খেতে হবে (ব্রকলি, বাঁধাকপি, ফুলকপি, ক্যাপসিকাম, গাজর, টমেটো, শশা, পালং শাক, কলমি শাক ইত্যাদি)।

- খ. প্রচুর ফলমূল খেতে হবে (আপেল, তরমুজ, মাঁসটা, কমলা, পেয়ারা, নাসপাতি, ডালিম, ডাব, নারিকেল ইত্যাদি)।
- গ. পর্যাপ্ত পরিমাণ আমিষ (Protein) জাতীয় খাবার খেতে হবে, বিশেষ করে ডিমের সাদা অংশ, মুরগির বুকের মাংস, গরুর মাংস (চর্বি বাদ দিয়ে) ও বিভিন্ন প্রকার মাছ ইত্যাদি। দৈনিক একজন পূর্ণবয়স্ক মানুষের প্রতি কেজি ওজনের জন্য ০.৮ গ্রাম প্রোটিন প্রয়োজন। উদাহরণস্বরূপ শরীরের ওজন ৭০ কেজি হলে দৈনিক প্রোটিন গ্রহণ করতে হবে ৭০x০.৮=৫৬ গ্রাম। উল্লেখ্য, ৫৬ গ্রাম মাছ/মাংস খাওয়ার অর্থ কিন্তু ৫৬ গ্রাম প্রোটিন গ্রহণ করা নয়। অর্থাৎ ৫৬ গ্রাম মাছ/মাংস খেলে, ৫৬ গ্রামের থেকে আরো অনেক কম পরিমাণ প্রোটিন পাওয়া যায়। (ইন্টারনেট থেকে চার্ট দেখে প্রোটিনের পরিমাণ সম্পর্কে ধারণা নেয়া যেতে পারে)।
- ঘ. জটিল শর্করা (Complex Carbohydrate) যাকে এক কথায় ভালো শর্করা (Good Carbohydrate) বলে। এ জাতীয় খাবার খেতে হবে। (উদাহরণঃ আঁশযুক্ত দাল চাল/চৈকি হাঁটা চাল, 100% Whole Grain ব্রাউন আটা, 100% Whole Grain Oatmeal, মিষ্টি আলু, বিভিন্ন প্রকার বিনস, মধু ইত্যাদি)
- ঙ. আমরা যারা সাধারণ অফিসে বসে চাকরি করি তাদের ওজন কমানো ও ধরে রাখার ক্ষেত্রে সকালের নাস্তায় চিনি ও খারাপ শর্করা জাতীয় খাবার খাওয়া উচিত নয়। সকালে চিনি ও খারাপ শর্করা গ্রহণ করলে শরীরে দ্রুত বেড়ে যায়। ফলে শরীরে প্রচুর পরিমাণ মেদ জন্মায়। নাস্তার আদর্শ উদাহরণঃ ফলমূল/শাকসবজি, ডিম, কাঠ বাদাম (Almond), 100% Whole Grain Oatmeal, Non Fat Milk, মিন টি ইত্যাদি।
- চ. ভালো চর্বি (Good Fat) জাতীয় খাবার খেতে হবে (Olive Oil, কাঠ বাদাম, অন্যান্য বাদাম Cod Liver Oil/Fish Oil - Omega-3 ইত্যাদি)।
- ছ. দারুচিনি ও রসুন (দুই কোয়া) খাওয়ার অভ্যাস করা উত্তম।
- জ. দৈনিক ২/৩ কাপ মিন টি পান করতে হবে।
- ঝ. প্রতি ২ থেকে ৩ ঘণ্টা পর পর আমাদের অবশ্যই স্বাস্থ্যসম্মত খাবার খেতে হবে। কোনভাবে পেট খালি রাখা যাবে না। আমাদের অনেকের ধারণা, না খেয়ে জায়েট করলে মেদ কম যায়। এটা সম্পূর্ণ ভুল। দীর্ঘক্ষণ না খেয়ে থাকলে শরীরে Insulin Level বেড়ে যায়, ফলে পরবর্তীতে শরীরে প্রচুর পরিমাণ মেদ জন্মায়।
- ঞ. দুপুর ও রাতের প্রধান খাবারে শাক-সবজি, প্রোটিন, ভালো, শর্করা ও ভালো চর্বি জাতীয় খাবার রাখা জরুরি (খাবারের অনুপাতিক হারঃ শাক-সবজি ৫০%, প্রোটিন ৩০%, ভালো শর্করা ২০% ও ভালো চর্বি -Olive Oil হলে উত্তম)।
- ট. দৈনিক ন্যূনতম ১২-১৪ গ্লাস পানি পান করতে হবে।
- ঠ. দৈনিক পর্যাপ্ত পরিমাণ ঘুমাতে হবে।
- ড. রান্নার জন্য শুধুমাত্র Olive Oil - Cooking Type Natural Olive Oil (রং-হলুদ/বাদামি) ব্যবহার করা উচিত। একজন দৈনিক সর্বোচ্চ এক চা চামচ বা ০৪ গ্রাম পরিমাণ Olive Oil খেতে পারবে। আমাদের অনেকের ভুল ধারণা Extra Virgin Olive Oil (রং-কালচে/সবুজ) রান্নার জন্য ব্যবহার করা যায়। Extra Virgin Olive Oil তাপে গরম হলে খারাপ চর্বিতে পরিণত হয়। তাই এ তেল রান্নার জন্য ব্যবহার করা যায় না। Extra Virgin Olive Oil শুধু রান্নার পর খাবারের উপর অথবা সালাদের উপর ড্রেসিংয়ের জন্য ব্যবহার করা যায়।
- ঢ. নিয়মিত শরীর চর্চা করতে হবে (ন্যূনতম ৩০ মিনিট করে সপ্তাহে ৩ থেকে ৪ দিন)। High Intensity Interval Training (HIIT) করলে উত্তম।

বর্জনীয়

ওজন কমানো ও সুস্বাস্থ্য ধরে রাখার ক্ষেত্রে বেশ কিছু বর্জনীয় বিষয় আমাদের মনে রাখা জরুরি

- ক. যে কোনো ধরনের চিনি জাতীয় খাবার পরিহার।
- খ. যে কোন ধরনের প্যাকেট জাতীয় খাবার সম্পূর্ণ নিষিদ্ধ (চিপস, ফ্রেন্স ফ্রাই, জুস, চকলেট ইত্যাদি)।
- গ. তেলে ভাজা ও তেলযুক্ত যে কোন ধরনের খাবার পরিহার।
- ঘ. ফাস্ট ফুড ও জাংক ফুড খাওয়া সম্পূর্ণ নিষিদ্ধ।
- ঙ. খারাপ শর্করা জাতীয় খাবার পরিহার (চিনি, সাদা ভাত, সাদা আটা/ময়দা, সাদা পাউরুটি, আলু ও এসব দ্রব্য দিয়ে তৈরীকৃত সব খাদ্যসামগ্রী)।
- চ. যে কোনো ধরনের কোমল পানীয় সম্পূর্ণ নিষিদ্ধ কোক, পেপসি, প্যাকেট ফলের জুস, এনার্জি ড্রিংস ইত্যাদি)।
- ছ. তাৎক্ষণিক তৈরি হয় এ ধরনের খাবার সম্পূর্ণ নিষিদ্ধ (Instant নুডলস, Instant পপ কর্ণ, সসেজ, Instant সুপ ইত্যাদি)।
- জ. লবণ খাওয়ার পরিমাণ কমাতে হবে। একজনের দৈনিক সর্বোচ্চ এক চিমটি বা ০২ গ্রামের বেশি লবণ খাওয়া উচিত নয়।

- খ. শাক-সবজি কোন ভাবেই ৮-৯ মিনিটের বেশি রান্না করা যাবে না এবং আতনের তাপ অবশ্যই Low/Medium রাখতে হবে (উচ্চ তাপে ও ৮-৯ মিনিটের বেশি সময় ধরে শাক-সবজি রান্না করলে এর সব পুষ্টিগুণ নষ্ট হয়ে যায়)।
- এ. কখনই ৫০ থেকে ৬০ মিনিটের বেশি সময় ধরে শরীর চর্চা করা ঠিক নয়। দীর্ঘকাল শরীর চর্চা করলে চর্বি (Fat) Burn হওয়ার পরিবর্তে পেশি (Muscle) Burn হওয়া শুরু করে, যা স্বাস্থ্যের জন্য ক্ষতিকর।

পেটের মেদ কমানোর বিশেষ পদ্ধতি

আমাদের অনেকের অভিযোগ, স্বাস্থ্যসম্মত খাবার মেনে চলি ও শরীর চর্চা করি তারপরও পেটের মেদ কমে না। মনে রাখতে হবে, শুধু শরীর চর্চা ও খাবার নিয়ন্ত্রণ করলে শরীরের মেদ কমে কিন্তু পেটের মেদ সহজে কমে না। পেটের মেদ কমানোর জন্য বিশেষ কিছু পদ্ধতি অবশ্যই মেনে চলা উচিত।

উল্লেখিত করণীয় ও বর্জনীয় বিষয়সমূহ সঠিকভাবে পালন করতে হবে।

দৈনিক ১টি বাঁধাকপির ১/২ পরিমাণ খেতে হবে। সকাল ১০/১১ টার সময় ও বিকাল-সন্ধ্যায় নাতার সময়।

দৈনিক ন্যূনতম ২০টি কাঠ বাদাম খেতে হবে (সকাল ১০-১১টার সময় ১০টি ও রাতে ঘুমানোর আগে ১০টি)।

খাবারে শুধুমাত্র Olive Oil ব্যবহার করতে হবে। দৈনিক সর্বোচ্চ এক চা চামচ বা ০৪ গ্রাম পরিমাণ খেতে হবে (খাবারের সাথে মিশিয়ে)।

পেটের মেদ কমানোর ক্ষেত্রে লবণ খাওয়া নিষিদ্ধ।

ধূমপান ও মদ্যপানের অভ্যাস ত্যাগ করতে হবে।

দৈনিক ৪-৫ কাপ মিন টি পান করতে হবে (সাথে লেবুর রস মেশালে উত্তম)।

দৈনিক ন্যূনতম ১৬ গ্লাস পানি পান করতে হবে।

দৈনিক অবশ্যই একটানা ৭ থেকে ৮ ঘণ্টা ঘুমাতে হবে।

High Intensity Interval Training (HIIT) অবশ্যই করতে হবে।

পেটের মেদ/চর্বি থাকে অবস্থায় কোনভাবেই পেটের ব্যায়াম (ABS Exercise) করা যাবে না (এতে পেটের চর্বি শক্ত হয়ে যায় ও মেদ কমানো খুব কঠিন হয়ে পড়ে)।

High Intensity Interval Training (HIIT)

শরীরের মেদ কমানোর জন্য হৃৎপিণ্ডের ব্যায়ামের বিকল্প নেই। কিন্তু এ জন্য সারা দিন বা ঘণ্টার পর ঘণ্টা শরীর চর্চা করার কোন প্রয়োজন নেই। শরীরের মেদ কমানো জন্য সপ্তাহে ন্যূনতম ৩ থেকে ৪ দিন, ৩০ মিনিট করে High Intensity Interval Training (HIIT) করাই যথেষ্ট।

- ক. HIIT এক ধরনের হৃৎপিণ্ডের ব্যায়াম (Cardio Exercise) পদ্ধতি যা হৃৎপিণ্ডকে অতি অল্প সময়ে উচ্চ গতিতে পাল্প করাবে এবং খুব অল্প সময়ের মধ্যে হৃৎপিণ্ডের উচ্চ গতিকে স্বাভাবিক গতিতে নিয়ে আসবে।
- খ. HIIT করার সহজ পদ্ধতি (সময় সর্বমোট ৩০ মিনিট-১০ মিনিট Warm up + ২০ মিনিট দৌড় ও বিশ্রাম) প্রথমে ১০ মিনিট স্বাভাবিক গতিতে হেঁটে শরীরকে পরম (Warm up) করাতে হবে। এরপর পরবর্তী ২০ থেকে ৩০ সেকেন্ডের জন্য শরীরের সর্বোচ্চ শক্তি দিয়ে দৌড়াতে হবে (১০০ মিটার পিঁশ্রুটের মত শরীরের সামর্থ্যের উপর)। এসময় হৃৎপিণ্ড অতি উচ্চ গতিতে পাল্প হতে থাকবে। এরপর পরবর্তী ৩০ সেকেন্ড থেকে ০১ মিনিট সম্পূর্ণ বিশ্রাম নিতে হবে (শরীরের সামর্থ্যের উপর - তবে ১ মিনিটের বেশি বিশ্রাম দেয়া উচিত নয়)। এসময় হৃৎপিণ্ডের গতি স্বাভাবিক হয়ে আসবে। পুনরায় ২০ থেকে ৩০ সেকেন্ডের জন্য শরীরের সর্বোচ্চ শক্তি দিয়ে দৌড়াতে হবে। এভাবে উপরে বর্ণিত নিয়ম মোতাবেক ২০ মিনিট পর্যন্ত দৌড় ও বিশ্রাম নিতে হবে। সুতরাং Warm up সময় বাদে ২০ মিনিট Cardio Exercise করতে হয়। এর মধ্যে ২০ থেকে ৩০ সেকেন্ড পরপর ৩০ সেকেন্ড থেকে ১ মিনিট বিশ্রাম রয়েছে। ফলে ২০ মিনিটের মধ্যে প্রায় অর্ধেক সময় বিশ্রামে চলে যায়। অর্থাৎ শুধু ১০ মিনিটের জন্য মূল কষ্ট করতে হয়, যা সবার পক্ষে খুব সহজে করা সম্ভব। সুতরাং আর দেরি না করে, শরীরের মেদ থেকে ফেলার জন্য আজ থেকে HIIT করা শুরু করুন।
- গ. এ পদ্ধতিতে শরীর চর্চা করলে, বিশ্রামে থাকে অবস্থাতেও শরীর থেকে পরবর্তী ৩৬ ঘণ্টা পর্যন্ত ক্যালরি ও চর্বি Burn হতে থাকে। সবার জন্য High Intensity Interval Training (HIIT) প্রযোজ্য নয়। স্বাস্থ্য, বয়স ও সামর্থ্য অনুযায়ী HIIT করা যেতে পারে। দৌড় ছাড়াও আরো অনেক পদ্ধতিতে HIIT করা যায়। HIIT করার পদ্ধতি ইন্টারনেট ও You Tube এ দেয়া আছে।

স্বাস্থ্য বিষয়ে বিশেষ কিছু কথা

ওধু খাবার নিয়ন্ত্রণ ও ভায়েট পালন না করে সচেতনতা বৃদ্ধি, খাবারের মানের উন্নতি, পারিপার্শ্বিক অবস্থা ও স্বাস্থ্য বিষয়ে জরুরি কিছু কথা মনে রাখা প্রয়োজন:

- ক. **শরীর দূষণমুক্তকরণ (Body De-toxification)** : যারা ধূমপান ও নেশা করে, তাদের ধূমপান ও নেশার প্রতি সবসময় এক ধরনের আকর্ষণ কাজ করে। ঠিক একইভাবে খারাপ খাদ্যাভ্যাসের জন্য, আমাদের শরীর চিনি ও খারাপ শর্করা জাতীয় খাবারের প্রতি এক ধরনের বিশেষ আকর্ষণ কাজ করে। এসব খাবার দেখলে সবসময় খেতে ইচ্ছা করে এবং এই ইচ্ছাকে নিয়ন্ত্রণ করা খুব কঠিন হয়ে যায়। এ আকর্ষণ থেকে বের হয়ে আসার প্রক্রিয়াকে Body De-toxification বলে। নিজেকে নিয়ন্ত্রণ করে প্রথম ৫ থেকে ৭ দিন সকল প্রকার চিনি, খারাপ শর্করা, খারাপ তেল ও খারাপ চর্বি জাতীয় খাবার খাওয়া থেকে সম্পূর্ণ বিরত থেকে ওধু ফলমূল, শাক-সবজি, ভালো প্রোটিন ও প্রচুর পরিমাণ পানি পান করে শরীর দূষণমুক্ত করা যায়। এছাড়াও শরীর দূষণমুক্ত করার অনেক পদ্ধতি ইন্টারনেটে দেয়া আছে। স্বাস্থ্য সঠিকভাবে ধরে রাখা ও ওজন নিয়ন্ত্রণ করতে চাইলে প্রথমে আমাদের শরীরকে দূষণমুক্ত করা জরুরি। শরীর দূষণমুক্ত হওয়ার পর আপনি নিজেই খেয়াল করবেন, চিনি ও খারাপ শর্করা জাতীয় খাবারের প্রতি আপনার আকর্ষণ আর আগের মত কাজ করবে না। শরীর দূষণমুক্ত করার উৎকৃষ্ট খাবার: তরমুজ, আপেল, নাসপাতি, মাশটা, পেয়ারা, ডালিম, ডাব, নারিকেল, ব্রকলি, বাঁধাকপি, ফুলকপি, শশা, টমেটো, গাজর, ক্যাপসিকাম, রসুন, পালং শাক, কলমি শাক, ভিমের সাদা অংশ, মুরগির বুকের মাংস, কাঁঠ বাদাম Olive Oil ইত্যাদি।
- খ. **Super Food (স্বাস্থ্যসম্মত খাবার)**: স্বাস্থ্য ভালো রাখার জন্য বেশ কিছু উল্লেখযোগ্য স্বাস্থ্যসম্মত খাবারের তালিকা প্রদান করা হলো :
- (1) ফল: আপেল, তরমুজ, মাশটা, কমলা, পেয়ারা, নাসপাতি, নারিকেল, ব্লু বেরি, জাম, জলপাই, আমড়া, জাম্বুবা, এভোকাডো, বরই, ডালিম ইত্যাদি।
 - (2) শাক-সবজি: ব্রকলি, বাঁধাকপি, ফুলকপি, ক্যাপসিকাম, গাজর, টমেটো, শশা, রসুন, পালং শাক, কলমি শাক ইত্যাদি।
 - (3) **আমিষ (Protien)**: ভিমের সাদা অংশ, মুরগির বুকের মাংস, তেল/চর্বি ছাড়া গরুর মাংস, দুধ, বিভিন্ন প্রকার মাছ ইত্যাদি।
 - (4) **ভালো শর্করা (Good Carbohydrate)** : আঁশ যুক্ত লাল চাল/টেকি ছাঁটা চাল, 100% Whole Grain, ব্রাউন আটা, 100% Whole Grain Oatmeal-মিষ্টি আলু, বিভিন্ন প্রকার বিনস, কিডনি বিনস (রাজমা), ছোলা, মধু ইত্যাদি।
 - (5) ভালো চর্বি **Olive Oil** : বিভিন্ন প্রকার বাদাম, (Almond), Code Liver Oil/Fish Oil (Omega-3), বিশেষ করে কাঁঠ বাদাম সূর্যমুখী ফুলের বিচি ইত্যাদি।
 - (6) **পানীয়** : পানি, ডাব, মিন টি, লেবু পানি ইত্যাদি।
- গ. **তেলবিহীন রান্না ও Olive Oil** : Olive Oil ব্যতীত অন্য সব খাবারের তেল স্বাস্থ্যসম্মত নয়। নিজ ও পরিবারের স্বাস্থ্যের কথা বিবেচনা করে Olive Oil দিয়ে রান্না করার অভ্যাস করা অত্যন্ত জরুরি। তেলবিহীন রান্না করার অভ্যাস করতে পারলে নিজ ও পরিবারের জন্য উত্তম। তেলবিহীন রান্নার পর রান্নাকৃত খাবারের Extra Virgin Olive Oil ছিটিয়ে দিলে স্বাস্থ্যের জন্য খুব উপকারী। তেলবিহীন রান্নার অনেক সহজ পদ্ধতি ইন্টারনেট ও You Tube এ দেয়া আছে।
- ঘ. **Multivitamin ও Cod Liver Oil/Fish Oil (Omega-3)** : আমাদের খাবারের মান ও রান্না পদ্ধতির জন্য খাবারের মধ্যে সব পুষ্টিগুণ ও Micronutrients পাওয়া প্রায় অসম্ভব। এ ক্ষেত্রে পূর্ণবয়স্ক মানুষের ভক্তারের পরামর্শ অনুযায়ী দৈনিক A to Z Multivitamin ও Fish Oil (Omega-3) গ্রহণ করা উচিত।
- ঙ. **কৃত্রিম চিনি (Artificial Sweeteners)** ও ভায়েট কোক/পেপসি : আমরা চিনির পরিবর্তে কৃত্রিম চিনি (Splenda, Equal, Zerocal ইত্যাদি) খেয়ে থাকি। অনেকে স্বাস্থ্য ভালো রাখার জন্য সাধারণ 'কোক/পেপসি' পরিবর্তে 'কোক/পেপসি' খেয়ে থাকে। এসব কৃত্রিম চিনি ও ভায়েট কোক/পেপসির মধ্যে মিষ্টির স্বাদ আনার জন্য বিভিন্ন ধরনের ক্ষতিকর কেমিক্যাল মেশানো হয়, যা স্বাস্থ্যের জন্য খুব ক্ষতিকর।
- চ. **খাদ্যগুণ (Nutrition Facts)** : আমরা খাবার কেনার সময় বিজ্ঞাপন দেখে আকৃষ্ট হই। এসব বিজ্ঞাপনে খাবারের বিষয়ে স্বাস্থ্যসম্মত অনেক সৌভাগ্য কথা লেখা থাকে। আমাদের মনে রাখতে হবে, এসব বিজ্ঞাপনে আকৃষ্ট না হয়ে, সবসময় খাদ্যের প্যাকেট/মোড়কের মধ্যে লিখিত খাদ্যগুণ (Nutrition Facts) সম্বলিত লেবেল দেখে কেনা উচিত।

- ছ. **সংরক্ষিত খাবার (Backup Snacks)** : আমরা প্রায় সময়ই বিভিন্ন কাজে ঘরের বাইরে যাই। বাইরে চলাচলের ক্ষেত্রে অনেক সময় ক্ষুধা লাগে। সে সময় আমরা হাতের কাছে যা পাই তা কিনে খেয়ে ফেলি। যেমন: চিপস, বিস্কুট, চকলেট, চানাচুর, বালমুড়ি, পপকর্ন, পুড়ি, সিংগারা, চটপুটি, ফুসকা, বারগার, রোল, সমুচা, মিষ্টি, আইসক্রিম, কোন্ড জিৎস, প্যাকেট জুস ইত্যাদি। কিন্তু আমরা কখনই চিন্তা করি না আমরা কী খাচ্ছি? এসব খারাপ শর্করা শরীরের জন্য শুধু খারাপই নয় বরং আমাদের অজান্তে সবসময় মেদ বাড়তে সাহায্য করছে। এ সমস্যা থেকে বের হয়ে আসার জন্য আমাদের সাথে বহনকৃত ছোট ব্যাগে সবসময় কোন না কোন স্বাস্থ্যসম্মত খাবার সংরক্ষণ করা প্রয়োজন। সংরক্ষিত খাবারকে (Backup Snacks) বলে, যা অনেক সময় অস্বাস্থ্যকর খাবার খাওয়া থেকে আমাদের রক্ষা করবে (স্বাস্থ্যসম্মত সংরক্ষিত খাবার : আপেল, নাসপাতি, পেয়ারা, কমলা, বড়ই, শশা, গাজর, কাঠ বাদাম, অন্যান্য বাদাম, পানি ইত্যাদি)।
- জ. **ফলমূল ও শাক-সবজি বিতর্ককরণ**: সুন্দর স্বাস্থ্য পঠনের জন্য ফলমূল ও শাক-সবজির বিকল্প নেই। দৈনিক আমাদের গ্রহুর পরিমাণ ফলমূল ও শাক-সবজি খাওয়া উচিত। কিন্তু বর্তমানে ফলমূল ও সবজিতে যে পরিমাণ ফরমালিন ও বিষাক্ত কেমিক্যাল প্রয়োগ করা হয় তা শরীরের জন্য খুব ক্ষতিকর। এ জন্য ফলমূল ও শাক-সবজি কেনার পর বিতর্ক করণ খুব জরুরি। সাধারণ পানি দিয়ে ফলমূল ও সবজি ধুয়ে এ ধরনের ফরমালিন ও কেমিক্যাল সহজে যায় না। লবণ ও ভিনেগার মিশ্রিত পানিতে ফলমূল ও সবজি দীর্ঘ সময় ভুবিয়ে রেখে বিতর্ককরণ করা যায়।
- ঝ. **খারাপ শর্করা ও ভালো শর্করার পার্থক্য**: আমরা জানি শর্করা (Carbohydrate) আমাদের শরীরে শক্তি জোগান দেয়। 'খারাপ শর্করা' জাতীয় খাবারে মেশিনের মাধ্যমে কৃত্রিমভাবে সব আশ (Fiber) বাদ দিয়ে দেয়া হয়। ফলে এ জাতীয় শর্করা খুব সহজে হজম হয়ে অতিদ্রুত শরীরে বিপুল পরিমাণ শক্তি জোগান দেয়। আমরা যারা শারীরিক পরিষ্কারের কাজ করি না, সাধারণত অফিসে বসে চাকরি করি তারা এই বিপুল পরিমাণ শক্তিকে কোন কাজে লাগাতে পারি না। ফলে এই শক্তি শরীরে অবশিষ্ট থেকে গিয়ে চর্বিতে পরিণত হয়। অপরপক্ষে 'ভালো শর্করা' জাতীয় খাবারের মধ্যে আঁশ থাকে, ফলে এ জাতীয় শর্করা আন্তে আন্তে হজম হয়। তাই শরীর খুব ধীরে ধীরে শক্তি পায়। আমাদের শরীর, এই অল্প পরিমাণ শক্তিকে খুব সহজে খরচ (Burn) করতে পারে। এ জন্য শরীরে চর্বি জমার সুযোগ পায় না।
- ঞ. **আমাদের খাবার** : কখনো কি চিন্তা করেছেন প্রতিদিন আপনি কী খান? সকালের নাস্তায় সাধারণত আটার রুটি, আলু ভাজি, ভিম ভাজি, পাউরুটি, জেম/জেলি, মাখন, সবজি, সুজি, পায়স ইত্যাদি দিয়ে আমরা নাস্তা করি। অনেকে আবার এ সময় ভাতও খেয়ে থাকেন। আর নাস্তার পর তো দুধ চা না হলে চলেই না। এখন চিন্তা করে দেখুন আপনার নাস্তার শতকরা কত ভাগ খারাপ শর্করা গ্রহণ করছেন? উপরে ভিম ও সবজি ছাড়া সব খাবারই খারাপ শর্করা। আর ভিম যে তেল দিয়ে ভাজা হয়, আর সবজি যে পদ্ধতিতে রান্না করা হয় এর মধ্যে কোন পুষ্টিগুণ অবশিষ্ট থাকে না। দুপুর ও রাতে আপনি সাধারণত সাদা ভাত, ভাল, মাছ, মাংস, সবজি ইত্যাদি খেয়ে থাকেন। সাদা ভাতের পরিমাণ বেশি না হলে, অনেকের পেট কখনোই ভরে না। আর সলাদ ও ফলমূল আমরা খাইনা বললেই চলে। দুপুর ও রাতের খাবারের সাথে যে পরিমাণ মাছ ও মাংস খাই অর্থাৎ দৈনিক যে মরিমাণ প্রোটিন গ্রহণ করি তা খুব অপ্রতুল। আর সবজির কথা কী বলব। যে পরিমাণ তেল ও উচ্চ তাপে দীর্ঘক্ষণ রান্না করা হয়, এতে সবজির পুষ্টিগুণ সব নষ্ট হয়ে যায়। এছাড়াও সারাদিন দুধ চা, বিস্কুট, চিপস, সমুচা, সিংগারা, বারগার, পিজা, পেটিস, ফ্রেক্স ফ্রাই ইত্যাদি খাবার তো রয়েছেই। সুতরাং দৈনিক খাদ্যের মান হিসাব করলে দেখা যাবে, আমরা প্রায় আনুমানিক ৮৫% খারাপ শর্করা প্রতিদিন গ্রহণ করছি। এ পরিস্থিতিতে কিভাবে আশা করবেন আপনি সুস্বাস্থ্য ও সুন্দর মেদহীন শরীরের অধিকারী হবেন? এর থেকে বের হয়ে আসতে না পারলে নিকট ভবিষ্যতে আমরা সব অতিশয় স্থূলতায় (Obesity) পরিণত হব। বর্তমানে ছোট শিশুদের প্রতিটি খাবারে যে পরিমাণ চিনি মেশানো হচ্ছে, তাদের শরীরের জন্য মারাত্মক ক্ষতিকর। এর ফলে ছোট শিশুরা অতিশয় স্থূলতায়, টাইপ-২ ডায়াবেটিস, অস্বাভাবিক উত্তেজনা (আচরণ) ইত্যাদি রোগে ভুগছে। যা আমাদের ভবিষ্যৎ প্রজন্মকে, মাদক দ্রব্যের মতো একইভাবে ধ্বংসের দিকে নিয়ে যাচ্ছে।
- ট. **বাড়ি সাজান স্বাস্থ্যসম্মতভাবে** : নিজের শরীর ও স্বাস্থ্য সুন্দর ও সঠিকভাবে গড়ে তোলার জন্য বাড়ি সাজান স্বাস্থ্যসম্মতভাবে। নিজের বাড়ি সবারই হিয় স্থান। কর্মক্ষেত্রে বাদ দিয়ে বাকি সময় সাধারণত আমরা বাড়িতে থাকি। বাড়িকে সুন্দর ও আকর্ষণীয় করে গড়ে তোলার জন্য দামি আসবাবপত্র, টিভি, ফ্রিজ ইত্যাদি কিনে থাকি। নিজেকে একবার প্রশ্ন করুন, আপনার স্বাস্থ্য ঠিক রাখার জন্য আপনি কয়টি জিনিস কিনেছেন? এদেশের রাজস্ব-বাট ও পার্কের যে পরিবেশ তাতে সবার পক্ষে বিশেষ করে মহিলাদের জন্য সুস্থভাবে শরীর চর্চা, ব্যায়াম, দৌড়ানো, হাঁটা প্রায় অসম্ভব। তাই আমাদের প্রতিটি ঘরে অন্যান্য আসবাবপত্র ও জিনিসের সাথে শরীর চর্চার জন্য বিশেষ করে (Cardio Exercise) করার জন্য উন্নতমানের ইলেকট্রিক্যাল ট্রেডমিল (Treadmill) বা ইলিপটিক্যাল (Elliptical) মেশিন থাকা জরুরি। যেহেতু এ ধরনের শরীর চর্চার মেশিন সরাসরি

আপনার শরীরের উপর প্রভাব ফেলে, তাই লোভনীয় বিজ্ঞাপনে আকৃষ্ট না হয়ে অবশ্যই উন্নতমানের মেশিন কেনা উচিত। কিছু উন্নতমানের ট্রেডমিল হলো (SOLE, Nordic Track, Horizon, Pro Form, Yowza, Life Span ইত্যাদি)। নিম্নমানের মেশিনে আপনি শরীর চর্চা করে কখনোই আনন্দ পাবেন না। আর যখনই শরীর চর্চা করে আনন্দ পাবেন না, তখন আপনি আপনার ক্রমকৃত মেশিনটি ব্যবহার করবেন না-এটাই স্বাভাবিক। এবার আসা যাক খাবারের বিষয়ে। কখনো কী লক্ষ করেছেন আপনার বাসা কী ধরনের খাবারে পরিপূর্ণ? লক্ষ না করে থাকলে এখনই আপনি রান্না ঘরে, খাবার টেবিল ও ফ্রিজের সামনে যান ও লক্ষ করুন। দেখবেন আপনার ঘরের সব স্থান, খারাপ শর্করা জাতীয় খাবারে পরিপূর্ণ। আমরা শুধু তিন বেলার প্রধান খাবার ছাড়াও টিভি দেখতে, গল্প/আড্ডা দিতে দিতে বা গভীর রাতে অনেক খাবার খেয়ে থাকি। আর বাসা যদি খারাপ শর্করা দিয়ে পরিপূর্ণ থাকে, তাহলে ইচ্ছা থাকলেও কোনভাবেই স্বাস্থ্যকর খাবার আপনার পক্ষে যাওয়া সম্ভব নয়। তাই চেষ্টা করুন আপনার বাড়ি আজই স্বাস্থ্যকর খাবারে পরিপূর্ণ করতে। এর ফলে আপনার সাথে সাথে আপনার পরিবারের সবার স্বাস্থ্যকর খাবার খাওয়া অভ্যাস গড়ে উঠবে।

- ঠ. **Metabolism : Metabolism** হলো শরীরের রাসায়নিক প্রক্রিয়া, যার মাধ্যমে আমাদের গ্রহণকৃত খাবার হজম হয়ে শরীরে শক্তি জোগান দেয়। সাধারণত ৩০ বছর পর্যন্ত সবার Metabolism ক্ষমতা খুব ভালো থাকে। ৩০ বছর পর থেকে সাধারণত Metabolism ক্ষমতা আন্তে আন্তে দুর্বল হতে থাকে। যে ব্যক্তির ক্ষমতা ভালো, তার শরীরের স্বাভাবিক রাসায়নিক প্রক্রিয়ার মাধ্যমে ক্যালরি খরচ (Burn) করার ক্ষমতা বেশি। আমরা অনেক সময় দেখে থাকি, কোন কোন ব্যক্তি প্রচুর পরিমাণ সাদা ভাত, ফাস্ট ফুড, জাকে ফুড, খারাপ শর্করা জাতীয় খাবার খায় ও কখনোই শরীর চর্চা করে না, তবুও তার শরীর মেটা হয় না। এটা হয়ে থাকে ওধুমান্ন ভালো Metabolism ক্ষমতার জন্য। তার শরীর স্বাভাবিক রাসায়নিক প্রক্রিয়ার মাধ্যমে অতিরিক্ত ক্যালরি খরচ করে ফেলে। কিন্তু মনে রাখতে হবে, ঐ ব্যক্তির Metabolism ক্ষমতা সারাজীবন এক রকম থাকবে না, বয়স বাড়ার সাথে সাথে Metabolism ক্ষমতার পরিবর্তন হবে। Metabolism ক্ষমতার বৃদ্ধি করার জন্য আমাদের নিয়মিত শরীর চর্চা করা প্রয়োজন।
- ড. **ক্যালরি (Calorie) হিসাব:** ওজন বাড়ানো, কমা ও ধরে রাখার ক্ষেত্রে ক্যালরির হিসাবের বিষয়ে ন্যূনতম ধারণা থাকা প্রত্যেকের জন্য খুবই গুরুত্বপূর্ণ। একজন পূর্ণ বয়স্ক পুরুষের দৈনিক আনুমানিক ২৫০০ ক্যালরি ও পূর্ণবয়স্ক মহিলাদের দৈনিক আনুমানিক ২০০০ ক্যালরি প্রয়োজন। একজন পূর্ণবয়স্ক পুরুষ যদি দৈনিক খাবারের মাধ্যমে ২৫০০ ক্যালরি গ্রহণ করে, তাহলে শরীরের স্বাভাবিক রাসায়নিক প্রক্রিয়ার মাধ্যমে ২৫০০ ক্যালরি খরচ করে ফেলে। এক্ষেত্রে শরীরের মধ্যে কোন অতিরিক্ত ক্যালরি জমতে না পারায়, শরীরের মধ্যে কোন পরিবর্তন আসে না। এখন যদি ঐ ব্যক্তি খাবারের মাধ্যমে ৩৫০০ ক্যালরি গ্রহণ করে, তার শরীর স্বাভাবিক রাসায়নিক প্রক্রিয়ায় ২৫০০ ক্যালরি খরচ করবে। অবশিষ্ট অতিরিক্ত ১০০০ ক্যালরি শরীরে জমা থাকবে যা শরীরের কোন কাজে আসবে না। অর্থাৎ অতিরিক্ত ১০০০ ক্যালরি চর্চিতে পরিণত হয়ে শরীরে জমা হবে এবং ওজন বাড়াবে। এ পরিস্থিতিতে উক্ত ব্যক্তি যদি শরীর চর্চার মাধ্যমে ১০০০ ক্যালরি খরচ করতে পারে সে ক্ষেত্রে চর্চি জমার কোন সম্ভাবনা নেই এবং ওজন অপরিবর্তিত থাকবে। একইভাবে শরীর চর্চার মাধ্যমে ১৫০০ ক্যালরি খরচ করতে পারলে ৫০০ ক্যালরি ঘাটতি হবে। অতিরিক্ত চাহিদাকৃত ৫০০ ক্যালরি শরীরে জমে থাকা চর্চি থেকে শরীর জোগান দিবে অর্থাৎ চর্চি খরচ হবে এবং ওজন কমাবে।
- অর্থাৎ আমরা দুইভাবে শরীরের ওজন নিয়ন্ত্রণ করতে পারি। প্রথমত খাবারের উপর অর্থাৎ দৈনিক ক্যালরি গ্রহণের উপর দ্বিতীয়ত শরীর চর্চা করে ক্যালরি খরচ (Burn) করার মাধ্যমে। সুতরাং আমরা যেদিন বেশি খাবার গ্রহণ করব, বিশেষ করে যেদিন আমাদের বিভিন্ন অনুষ্টানের দাওয়াত থাকে সেদিন আমাদের অবশ্যই শরীর চর্চা করে অতিরিক্ত ক্যালরি খরচ করা উচিত। তা না হলে ধীরে ধীরে অতিরিক্ত ক্যালরি আমাদের শরীরে মেদ হিসেবে জমা হয়ে ওজন বাড়তে থাকবে (উচ্চ ক্যালরিযুক্ত খাবারের উদাহরণ: বারপার, পিজা, তেলযুক্ত খাবার, কাচি, চর্বিযুক্ত মাংস, বিরিয়ানি, ফ্রেশ ফ্রাই, চিপস, আইসক্রিম, চিনি, মিষ্টি, প্যাকেট জুস, কোক/পেপসি ইত্যাদি)। আমাদের সবসময় ২ থেকে ৩ ঘণ্টা পর পর অবশ্যই কোন স্বাস্থ্যসম্মত খাবার খেতে হবে।
- ঢ. **প্রাস্টিক ও মেলামাইন :** প্রাস্টিক ও মেলামাইন এর বাটি/প্লেট ও গরম খাবার রাখা অথবা ঠাণ্ডা খাবার রেখে মাইক্রো ওয়েভ মেশিনে গরম করা স্বাস্থ্যের জন্য খুব ক্ষতিকর। প্রাস্টিক ও মেলামাইন তাপে গরম হলে এক ধরনের ক্ষতিকর কেমিক্যাল বিকিরিত হয় যা শরীরের জন্য ক্ষতিকর। গরম খাবারের ক্ষেত্রে সবসময় কাঁচের ও সিরামিকের বাটি/প্লেট ব্যবহার করা উচিত।
- ণ. **পেটের ABS Exercise মেশিন ও ঔষধ :** টিভিতে পেটের মেদ কমানোর জন্য অনেক লোভনীয় বিজ্ঞাপনের মাধ্যমে

ঔষধ ও বিভিন্ন পেটের ABS Exercise মেশিন (AB King Pro, Six Pac Twister, AB Rocket Twister ইত্যাদি) দেখানো হয়। এসব বিজ্ঞাপন এমনভাবে উপস্থাপন করা হয় যেন ৭ দিনের মধ্যে আপনার পেটের মেদ একদম দূর হয়ে যাবে। আমাদের প্রথম মনে রাখতে হবে ওজন/মেদ কমানোর ক্ষেত্রে যে কোন ধরনের ঔষধ স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। দ্বিতীয়ত যাদের পেটে মেদ আছে তাদের জন্য পেটের ABS Exercise মেশিন ব্যবহার ও পেটের ব্যায়াম করা খুব ক্ষতিকর। আপনি যখন পেটের মেদ থাকে অবস্থায় পেটের ব্যায়াম (Crunches Exercise) করবেন তখন আপনার পেটে জমে থাকা মেদ আরো বেশি শক্ত হয়ে যায়। পরবর্তীতে তা দূর করা খুব কঠিন। পেটের মেদ থাকে অবস্থায় আপনি যতই পেটের ব্যায়াম করেন না কেন, কখনই আপনার পেটের মেদ কমবে না বা দূর হবে না বরং তা আরো বেশি জমে শক্ত হতে থাকবে।

সুতরাং আমাদের সবসময় মনে রাখতে হবে, স্বাভাবিক প্রক্রিয়ায় অর্থাৎ সাধারণ শরীর চর্চার মাধ্যমে শরীরের সব স্থান থেকে সমানভাবে মেদ দূর করার পর অর্থাৎ একই সাথে পেটের মেদ দূর হওয়ার পর, পেটের গঠন আকর্ষণীয় করার জন্য পেটের ABS Exercise (Crunches Exercise) করা যেতে পারে। এজন্য পেটের ABS Exercise মেশিনের কোন প্রয়োজন নাই।

ত. ওজন ও ডায়েল দিয়ে শরীর চর্চাঃ শুধু শরীরের মেদ কমালে শরীরের গঠন সুন্দর হয় না। শরীরের গঠন সুন্দর করতে চাইলে, মেদ কমানোর পাশাপাশি পুরুষ ও মহিলা সবাই হালকা ওজন (Weight)/হালকা ডায়েল (Dumbbell) দিয়ে শরীর চর্চা করা প্রয়োজন। আমাদের অনেকের ভুল ধারণা, বিশেষ করে মহিলারা ওজন/ডায়েল দিয়ে শরীর চর্চা করলে Body Building / Muscle Man হয়ে যায়। উল্লেখ্য Body Building / Muscle Man হওয়া সম্পূর্ণ ভিন্ন বিষয়। পেশিবহুল হওয়ার জন্য পুরুষ হরমোন (Testosterone) প্রয়োজন যা শুধুমাত্র পুরুষের শরীরে বিদ্যমান। মহিলাদের শরীরে Testosterone হরমোন এর পরিমাণ খুব নগণ্য। মহিলাদের শরীরে মেয়েলি হরমোন (Estrogen) থাকে ফলে মহিলারা ওজন/ডায়েল দিয়ে শরীর চর্চা করলেও পেশিবহুল হওয়ার কোনই সম্ভাবনা নাই। বরং শরীরের গঠন সুন্দর ও আকর্ষণীয় হয়। অনেকে বলতে পারেন টিভি, সিনেমায় অনেক খ্যাতিসম্পন্ন মহিলাদের পুরুষের মত পেশিবহুল দেখেছেন, তাহলে কি তারা ওজন দিয়ে শরীর চর্চা করে না? অবশ্যই তারা ওজন দিয়ে শরীর চর্চা করে এবং ঐ সকল মহিলারা টিভি, সিনেমায় আসার জন্য ও খ্যাতি সম্পন্ন হওয়ার জন্য কৃত্রিম পুরুষ হরমোন (Testosterone) ইনজেকশন গ্রহণ করে যা স্বাভাবিক নয়, এটা শরীরের জন্য অত্যন্ত ক্ষতিকর। কৃত্রিম পুরুষ হরমোন গ্রহণের জন্য তাদের শরীর পুরুষের মত পেশি বহুল হয়।

উপসংহার

স্বাস্থ্য সকল সুখের মূল। অস্বাস্থ্যকর খাদ্যাভ্যাসের কারণে হার্ট, লিভার, কিডনি, ডায়াবেটিস ইত্যাদি রোগে অসুস্থ হয়ে ঔষধ খাওয়া ও ডাক্তারের কাছে যাওয়ার থেকে স্বাভাবিক প্রক্রিয়ায় স্বাস্থ্য ভালো রাখা উত্তম। অনেক বিভিন্ন ডায়েট মেনে চলার পরামর্শ দিয়ে থাকেন। আমি নিজে বিভিন্ন ডায়েট পালন করে উপলব্ধি করেছি যে, কোন বিশেষ ডায়েট পালন না করে আমাদের প্রচলিত খাদ্যাভ্যাসের মধ্যে কিছু পরিবর্তন এনে স্বাস্থ্যসম্মত খাবার খাওয়ার অভ্যাস করা উত্তম। এতে নিজস্ব পরিবারের সঠিক ও স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস গড়ে ওঠে। আমার এ লেখায় অনেক করণীয় ও বর্জনীয় বিষয়ে বলা হয়েছে। পারিপার্শ্বিক অবস্থা ও পরিস্থিতির কারণে, সবার পক্ষে সম্পূর্ণ সঠিকভাবে সব নিয়ম পালন করা সম্ভব নাও হতে পারে। তারপরও যতটুকু সম্ভব আমাদের চেষ্টা করা উচিত। অল্প অল্প চেষ্টার মাধ্যমে, এক সময় সঠিকভাবে সব নিয়ম মেনে চলে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস গড়ে তোলা সম্ভব। আমি কোন খাদ্যবিদ বা পুষ্টিবিদ নই। নিজের কিছু বাস্তব অভিজ্ঞতা ও ক্ষুদ্র জ্ঞানের আলোকে সবার সচেতনতা বৃদ্ধি করাই আমার মূল উদ্দেশ্য।

লেখক : শাজল-উপমহাব্যবস্থাপক আবুল হাসানাতের পুত্র। নৌবাহিনীর কর্মকর্তা



ভালবাসা
খুরশিদ জাহান

তারাশঙ্করের কবি নিতাই লিখেছেন :

ভানবেমে মিটনি না সাধ
কুন্দানি না এক জীবনে
হায়রে জীবন এক ছোট কেনে ?

আমারও মাঝে মাঝে মনে হয় জীবন এত ছোট কেন? জীবনের প্রায় শেষপ্রান্তে এসে কী পেয়েছি কী পাইনি তার হিসাব নিকাশ খুব একটা করি না। হিসেবি মানুষ আমি নই। জীবন ঝুলিতে জমে থাকা স্মৃতি কণাগুলো নাড়াচাড়া করতে ভালবাসি। অনেক স্মৃতি হীরকের দ্যুতি ছড়ায়। অনেক স্মৃতি মনকে ভারাক্রান্ত করে। সেগুলো বিস্মৃত হতে চাই।

ভালবাসার নানা রকমভেদ। কবি নিতাইয়ের একরকম ভালবাসা, আমার ভালবাসা অন্যরকম। কিন্তু আক্ষেপটা প্রায় একই। জীবনের মানচিত্রে ছড়িয়ে ছিটিয়ে থাকা নানা মানুষের সান্নিধ্য আমি উপভোগ করি। নানা জাত, ধর্ম, মত, পথের মানুষের সঙ্গ আমাকে আনন্দ দেয়। একটি মানুষ থেকে আরেকটি মানুষের মধ্যে কত বৈচিত্র্য। কত আনন্দের খোরাক পাওয়া যায় বিচিত্র সব মানুষ মনের কাছ থেকে। জীবনের প্রথম ভাগে ভালবেসেছি মা-বাবা, আত্মীয়-স্বজনকে। সোনায় মোড়া সব সম্পর্ক। ছেলেবেলার স্মৃতি মানুষের জীবনে সবসময় হীরনুয়। বিবাহিত জীবনে স্বামী সংসারকে ভালবাসলাম। ভালবাসার খনি হয়ে উঠলাম যেন। তারপর এল সন্তান। ভালবাসা যেন উছলে উঠল। দুকূল ছাপিয়ে গেল। ভাসলাম-ভাসলাম। তবুও এই সময়ে এই পরিণত বয়সে কেন মনে হচ্ছে 'ভালবেসে মিটল না সাধ'।

মানুষের জীবনে নানা রকম সাধ থাকে। আমার সাধ আর সাধনা সৃষ্টিকর্তার অপূর্ব সৃষ্টি এই পৃথিবীর নানা স্থানে ঘুরে বেড়ানো। প্রকৃতি এবং মানুষ আমাকে টানে প্রবলভাবে। তাই সুযোগ পেলেই ছুটে যাই নানা দেশে। প্রকৃতির মধ্যে নদী আর পাহাড় আমাকে ভীষণভাবে আকর্ষণ করে। ছোটবেলায় বাবার হাত ধরে প্রায়ই বুড়িগঙ্গার তীরে বেড়াতে যেতাম। সে যে কী আকর্ষণ। রহস্যময় সুন্দর একটা নদী শহরকে ঘিরে রেখেছে। শহর ঘিরে একটা নদীর অস্তিত্ব অন্য সব শহরের স্বর্গীয় বস্তু। আমার মনে হয় নদীর প্রতি আমার যে তীব্র ভালবাসা এটা, এই বুড়িগঙ্গার তীরে বেড়ানো থেকে জন্মেছিল। এই আকর্ষণ আরো তীব্র হল বঙ্গপুত্রের তীরে আমার নানার বাড়িতে গিয়ে। তখন আরো বড় হয়েছি। যখন তখন নৌকা নিয়ে ভেসে পড়া, নদীতে মাছ ধরা, নদীর তীরে বসে বড় বড় নৌকার ভেসে যাওয়া দেখতাম তন্ময় হয়ে। নানা রঙের বিচিত্র সব পালে যখন হাওয়া অটিকে ফুলে ফেঁপে উঠত, সে দৃশ্য ভুলবার নয়। নৌকার সঙ্গে সঙ্গে আমার মনটাও পাড়ি দিত অনেক অজানা পথ। এই মুহূর্ত চোখ নিয়ে যেখানে যাই কোন নদী আমার চোখ এড়ায় না। সেটা পাহাড়ি হোক অথবা সমতলের। ২০১২ সালে সুন্দর বিদেশ বিহুঁইয়ে যে নদী আমাকে মুগ্ধ করল তা হল ওয়াশিংটন ডিস্ট্রিকট অব কলম্বিয়ার পটোম্যাক নদী। কী স্বচ্ছ পানি, কী শান্ত তীর স্থির অবয়ব নিয়ে বয়ে চলছে। ভীষণ মনকাড়া নদী, চোখ ফেরানো যায় না। আমার সহযাত্রীরা নদী তীরের অনেক স্থাপনার ঘুরে বেড়াতে লাগল, আমি শান বাঁধানো



তীরে বসে মুগ্ধ চোখে চেয়ে রইলাম। সূর্য ডুবে গেল। বিরাট ধালার মত চাঁদ উঠল। নদীর পানি যেন প্রাণবন্ত হয়ে উঠল। চাঁদের আলো নদীর পানিতে পড়ে এক অগূর্ব দৃশ্যের সৃষ্টি হল। আমি চোখ ফেরাতে পারছিলাম না কিন্তু ফেরাতে হয় বহুতা নদীর পানি আর সময় কারো জন্য অপেক্ষা করে না। এই বয়সে এসে মনে হয় আরো কত কিছু দেখার বাকি জানার বাকি। দু'চোখের ফ্রেমে অনেক দৃশ্য আকা আছে। অনেক মুহূর্ত মনে গেঁথে আছে। অনেক মানুষ তাদের ভালবাসা মনের মণিকোঠায় সযত্নে ভরে রেখেছি তবু মনে হয় 'কুলাল না এক জীবন।

মুক্তিযুদ্ধ করে পাওয়া স্বাধীন দেশকে ভালবাসার প্রতিজ্ঞা করলাম। সেকি উদ্যমতা যুদ্ধ বিধ্বস্ত দেশকে পুনর্গঠন করতে হবে। মুক্তিযোদ্ধারা বুকের রক্ত দিয়ে একটি পতাকা উপহার দিয়েছেন আমরা তার মান রাখব। যুদ্ধে নিঃশ্ব হয়ে গেছি, তাতে কী? জীবন তো আছে। কত পরিবার একাধিক জীবন হারিয়েছে, যা কোন কিছুর বিনিময়ে পূরণ হবার নয়। যে মা বোনেরা সল্হম হারিয়েছেন তাদের কিতাবে সাধনা দেয়া যাবে। তারা স্বাধীনতার বলিদান। দেশের স্বাধীনতার জন্য তারা যে ত্যাগ স্বীকার করেছেন যে, আত্মত্যাগিনিতে ভুগেছেন যে অমানুষিক কষ্ট স্বীকার করেছেন তার কি কোন তুলনা হয়? বীর মুক্তিযোদ্ধা তারা। আমি তাদের ছালাম জানাই। তাদের কষ্ট বুকে লালন করি। মুক্তিযোদ্ধারা দেশকে ভালবেসে অকাতরে জীবন দিয়েছেন। তাদের স্বপ্ন শোধ হবার নয়। কিন্তু আমরা তো পারি তাদের সম্মান জানিয়ে জাতির এই গর্বিত সন্তানকে ভালবেসে প্রত্যেক স্বাধীনতাকামী মানুষের মনের মণিকোঠায় তাদের স্থান দিতে।

আমার সাধ মেটে না। আরো একটি মুক্তিযুদ্ধ দেখার সাধ হয়। দেখতে চাই দেশের প্রতি প্রকৃত ভালবাসা। কোন স্বত্তিত ভালবাসা নয়। মুক্তিযোদ্ধাদের সম্মানে দেশকে সত্বিকারে স্বাধীনতা উপহার দেয়া যায় না? তাদের প্রতি শ্রদ্ধা, কৃতজ্ঞতায় এটুকু তো করতে পারি। হীন লোভ, লালসা আমাদের তাদের থেকে আর কত দূরে নিয়ে যাবে। শোষণমুক্ত একটা সমাজের চিত্র ভেসে উঠেই মিলিয়ে যায় কেন? এই প্রজন্মকে আমরা স্বাধীনতা উপহার দিয়েছি। পরবর্তী প্রজন্ম কি আমাদের ছোট সাধকে বাস্তবায়িত করতে পারবে না? জানি পারবে, অবশ্যই পারবে। পারতে তাদের হবেই। কিন্তু আমি কি দুচোখ ভরে তা দেখে যেতে পারব? এত সময় কি আমার আছে? 'হায়রে জীবন এত ছোট কেনো?'

লেখিকা : শিক্ষাবিদ। প্রাক্তন উপমহাব্যবস্থাপক জনাব আবদুল হাইতালুকদারের স্ত্রী।

একটি চিঠি
স্মরণীয়, বরণীয় স্মৃতিময়



 Saha Sushree-Rajya Dharma
 State of Mysore Enterprise Ltd
 84, Saveribag, Fard
 Dhaka-1101
 www.srdha.com

৫.৪.২০০৯

শ্রীমতী সোফিস্টিকেশন সার্ভিস সার্ভিস,
 সোফিস্টিকেশন সার্ভিস সার্ভিস। কলিকাতা
 সোফিস্টিকেশন সার্ভিস সার্ভিস। কলিকাতা, ১১০০০১
 কলিকাতা, কলিকাতা, কলিকাতা সার্ভিস সার্ভিস সার্ভিস
 কলিকাতা সার্ভিস সার্ভিস। কলিকাতা সার্ভিস সার্ভিস।
 ২০০৯ সোফিস্টিকেশন সার্ভিস সার্ভিস সার্ভিস সার্ভিস
 কলিকাতা সার্ভিস সার্ভিস King Darling-৯০
 "Persepolis" সার্ভিস সার্ভিস। কলিকাতা সার্ভিস
 "কলিকাতা সার্ভিস" সার্ভিস সার্ভিস সার্ভিস সার্ভিস
 কলিকাতা সার্ভিস সার্ভিস Jewelry Museum
 কলিকাতা সার্ভিস সার্ভিস সার্ভিস সার্ভিস সার্ভিস
 কলিকাতা সার্ভিস সার্ভিস Double Bed সার্ভিস
 কলিকাতা সার্ভিস সার্ভিস সার্ভিস সার্ভিস সার্ভিস
 কলিকাতা সার্ভিস সার্ভিস সার্ভিস সার্ভিস সার্ভিস
 কলিকাতা সার্ভিস সার্ভিস সার্ভিস সার্ভিস সার্ভিস
 কলিকাতা সার্ভিস সার্ভিস সার্ভিস সার্ভিস সার্ভিস
 কলিকাতা সার্ভিস সার্ভিস সার্ভিস সার্ভিস সার্ভিস
 কলিকাতা সার্ভিস সার্ভিস সার্ভিস সার্ভিস সার্ভিস
 কলিকাতা সার্ভিস সার্ভিস সার্ভিস সার্ভিস সার্ভিস
 কলিকাতা সার্ভিস সার্ভিস সার্ভিস সার্ভিস সার্ভিস
 কলিকাতা সার্ভিস সার্ভিস সার্ভিস সার্ভিস সার্ভিস

Forum General Manager : Agral Tani, Rajal Bank, Kishu Kani
 Telephone : Office : ৯৯৯৯৯-৯৯৯৯৯-৯৯৯৯৯ Fax : ৯৯৯৯৯
 Tel : ৯৯৯৯৯, ৯৯৯৯৯

ଆମର କର୍ମକ୍ଷେତ୍ର (କର୍ମ) କିପରି ନିର୍ଦ୍ଧାରଣ କରାଯାଏ ?
ବିଭିନ୍ନ କର୍ମ କ୍ଷେତ୍ର ନା ! କର୍ମକ୍ଷେତ୍ର
କର୍ମକ୍ଷେତ୍ର !

କର୍ମକ୍ଷେତ୍ର, ପ୍ରମାଣ, କର୍ମକ୍ଷେତ୍ର - କର୍ମକ୍ଷେତ୍ର
(କର୍ମ) କର୍ମକ୍ଷେତ୍ର କର୍ମକ୍ଷେତ୍ର ।
କର୍ମକ୍ଷେତ୍ର କର୍ମକ୍ଷେତ୍ର - କର୍ମକ୍ଷେତ୍ର
କର୍ମକ୍ଷେତ୍ର ପ୍ରମାଣ Relation ଥିବା ।
କର୍ମ (କର୍ମ) କର୍ମକ୍ଷେତ୍ର କର୍ମକ୍ଷେତ୍ର ।
କର୍ମକ୍ଷେତ୍ର କର୍ମକ୍ଷେତ୍ର କର୍ମକ୍ଷେତ୍ର କର୍ମକ୍ଷେତ୍ର
କର୍ମକ୍ଷେତ୍ର କର୍ମକ୍ଷେତ୍ର । କର୍ମକ୍ଷେତ୍ର କର୍ମକ୍ଷେତ୍ର
କର୍ମକ୍ଷେତ୍ର କର୍ମକ୍ଷେତ୍ର 3 କର୍ମକ୍ଷେତ୍ର

Contribution - ଥିବା
2,500 (Single - no spouse)
କର୍ମକ୍ଷେତ୍ର କର୍ମକ୍ଷେତ୍ର ।
କର୍ମକ୍ଷେତ୍ର !!

କର୍ମକ୍ଷେତ୍ର 3 କର୍ମକ୍ଷେତ୍ର !!
(କର୍ମକ୍ଷେତ୍ର) କର୍ମକ୍ଷେତ୍ର



তারার মেলায় নিজেরে হারিয়ে খুঁজি

কাজী আব্দুর রাহ্মাক



বিভিন্ন ক্ষেত্রে জনীজনেরা বিখ্যাত হন, তারকা বনে যান। যদিও প্রচলিত অর্থে তারকা বলতে অনেক সময় একটা বিশেষ জগৎকে বোঝানো হয়ে থাকে কিন্তু বিশ্ব ব্রহ্মাণ্ডে বিভিন্ন ক্ষেত্রে ব্যক্তি ও শ্রেণী বিশেষে তারকা জনীজন বা Star এর আবির্ভাব হয়। প্রতি বছর দেশ বিদেশে বিভিন্ন শ্রেণী পেশায় কৃতিত্বের জন্য অনেকে পুরস্কৃত হন এ জন্য বিভিন্ন নামের বা মানের দেশীয় বা আন্তর্জাতিক ভাবে খ্যাতিমানদের জন্য পুরস্কার বিদ্যমান আছে। কিন্তু ব্যাকিং জগতে এ ধরনের ব্যক্তিদের জন্য পুরস্কার প্রধার প্রচলন খুবই কম। নেই বললেই চলে। তবে অনেক ব্যাংক প্রতিষ্ঠান অনেক সময়ে প্রাতিষ্ঠানিক কৃতিত্বের জন্য পুরস্কৃত হয়ে থাকে। অন্যদিকে Institute of Bankers, Bangladesh মাঝে মধ্যে পুরস্কার ফলাফল ভিত্তিতে কিছু কিছু পুরস্কার দিয়ে থাকে যা সমাজে অত প্রচার বা প্রসার ঘটেনা। অন্যদিকে এ সকল পুরস্কৃত ব্যক্তিগণ কর্ম জীবনে যে সাফল্য দেখিয়ে থাকেন কালান্তরে তারাও হারিয়ে যান।

দেশ বিদেশে অনেক ব্যক্তিত্ব আছেন এবং ছিলেন যারা ব্যাকিং জগতের তারকা। বাংলাদেশের ব্যাকিং জগতে এ ধরনের নাম নগন্য হলেও অনেক তারকা আছেন যারা প্রচার বিমুখ। ফলে ক্রমাশয়ে সকলের মাঝে তাঁরা বিস্মৃত হন। এখানে এমন দু'একজনের নাম উল্লেখ না করলেই নয়। যাদের মধ্যে একজন হচ্ছেন জনাব লুৎফর রহমান সরকার। যিনি যে শুধুমাত্র একাধিক ব্যাংক প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক ছিলেন তাই নয় বরঞ্চ জেল, জুলুমের পরেও তিনি বাংলাদেশ ব্যাংকের গভর্নর পদে অধিষ্ঠিত হয়েছিলেন। জনাব লুৎফর রহমান সরকার তার নিজ সৃষ্টিশীল কর্মকাণ্ডে সুখ্যাতি অর্জন করেন। স্বনির্ভরতায়, বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের খড়কাপীন চাকুরী এবং অধ্যাপনায় তিনি বিশেষ সুনাম অর্জন করেন। মরহুম মুনসুরুল আমীন এবং মরহুম রুহুল আমীন দু'জাই কৃতিত্বের সাথে দু'টি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকের দায়িত্ব পালন করেন।

সর্বশেষ একটি কথা না বললেই নয় যে, রুবী ক্লাবের প্রতিষ্ঠাতা সদস্য ও সভাপতি জনাব এ, এ, কোরেশী যিনি একাধিক ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ছিলেন, সর্বশেষ সোনালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক থাকা অবস্থায় পদত্যাগ ক্রমে বেসিক ব্যাংক প্রতিষ্ঠা করেন এবং সরকারী ও প্রাইভেট, যৌথ মালিকানাধীন ভিন্নধর্মী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক হিসেবে যোগদান করে এক অনন্য প্রতিষ্ঠান গড়ে তোলেন। স্মৃতি রোমন্থনকালে তিনি বেসিক ব্যাংকের সর্বশেষ অবস্থায় ভীষণ ব্যাথাভূর হন।

এসকল ব্যাকিং জগতের সকল নক্ষত্রের মাঝে নিজের বিচরন যেমন আনন্দদায়ক তেমনি নক্ষত্ররাজীর আলোকে হারিয়ে যাই, নিজেকে খুঁজে পাইনা এই ভেবে গর্বিত যে রুবী ক্লাবে এমন অনেক তারকারাজীর বিচরন আছে, থাকবে।


----- চলবে।



পয়লা কার্তিকে
গার্শ্বির প্রার্থনা
মোহাম্মদ এমদাদুল হক

ওগো পরম দয়ালু সৃষ্টিকর্তা,
এই দু্যলোক-ভুলোক বৃক্ষ তরুণতা,
এই সুন্দর ও নিশ্চিন্ত সৃষ্টির একমাত্র শ্রষ্টা তুমি।
তুমি আমাদের মুক্ত জ্ঞান দাও,
অন্যায় প্রতিরোধ ও প্রতিবাদের শক্তি দাও,
জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে মানুষের মর্যাদায় বাঁচতে দাও।
হিংসা-বিদ্বেষ থেকে রক্ষা কর,
আত্মীয়তার বন্ধন সুদৃঢ় কর,
প্রত্যেককে দায়িত্ববান ও নিষ্ঠাবান তৈরি কর।
আমাদের পিতা মাতার অন্তর স্নেহ মমতায় ভরে দাও,
প্রত্যেকের মনে সম্মান ও স্নেহের বসতি বানাও,
ফুলে, ফসলে, গানে ও আনন্দে ছিয় দেশকে ভরে দাও।
আমাদের সবার সংসারে সুখ ও সমৃদ্ধি এনে দাও,
আমাদের সকলকে মানুষের মত মানুষ বানাও,
সব হানাহানি ও অত্যাচার থেকে মুক্ত কর,
আমাদের সবার মানবিক মূল্যবোধ বৃদ্ধি করে দাও।
তুমি আমাদের মনের গ্লানি দূর কর,
তুমি আমাদের শান্তির পথ উন্মুক্ত কর,
আমাদের এই শুভক্ষণের প্রার্থনা কবুল কর।

লেখক: একান্তরের কলমযোদ্ধা, শিশু সাহিত্যিক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব



বর্ষামুখর রাতে সুফিয়া আমীন-

বর্ষামুখর রাতে নিঃসঙ্গ একাকী
বিছানায় জীর্ণ শরীর
কাটিছে অপেক্ষার দিন ।
শ্রাবণের বারিধারা করিছে অথোরে
নিদ্রাহীন চোখ চেয়ে থাকে,
নিঃসঙ্গতায় ছেয়ে আছে চারপাশ-
অষ্টোপাসের মত বেঁধে রেখেছে আমায় ।
আকাশে গর্জন, বিদ্যুতের ঝলকানি
ক্লাস্ত অবসন্ন মনে প্রতাব ফেলে না কোন,
এখন সময় শুধু-
সময় অতিবাহিত করার ।
কোন এক বর্ষামুখর রাতে
যমদূত এসে দাঁড়াবে শিয়রে
বলিবে চল,
তোমার অপেক্ষার দিন শেষ ।

আর নয় সমঝোতা, এক মন-এক প্রাণ,
এসো সবে গড়ে তুলি সৌহার্দ্যের সোপান ।
যেখায় নেই কোন ঘৃণ্য লোকাচার,
নেই কোন তুফান,
নব কলরবে মাতাই এ ভুবন,
দখলে নিয়ে সব-
রজনী বিজয়-আসন ॥



মাথায় কাপড় দে

সৈয়দা নিগার সুলতানা

মাথায় কাপড় দে মায়েরা
মাথায় কাপড় দে,
জীবন শ্রোত যাচ্ছে বয়ে
পাপের ভাও ভরিস নে।

নবীর কথা হাদিস লেখে
পর-পুরুষে চুল না দেখে
চুল ঢেকে চল তাইতো বলি
সময় থাকিতে।

পদ-পদবি সোনা দানা
সব কিছুই রেখে
কাছের বন্ধু মরণ কখন
ছোবল দিবে তোকে।

হয়তো তাতে শান্তি পাবি
আল্লাহ রাসূল সবই পাবি
হর্তা কর্তা যেই হওনা
মরণ থেকে মাফ পাবে না।

সেই মরণেরে কররে স্মরণ
সময় থাকিতে।
মাথায় কাপড় দে মায়েরা
মাথায় কাপড় দে।

কবি ও শিশু সাহিত্যিক : শাকুন উপ-মহাব্যবস্থাপক মোহাম্মদ এমদাদুল হকের স্ত্রী



আস্থায়ক স্মরণিকা পরিষদ

স্ম

মনের ভেতরের আকৃতিকে লিখিত ভাবে সবার সামনে প্রকাশ করা হচ্ছে সবচেয়ে দুর্লভ কাজ। যাপিত জীবন চক্রের শেষধাপে এসে অতীতটাকে সবচেয়ে বেশী মনেপড়ে। আর সবচেয়ে বেশী ভালবাসতে ইচ্ছে করে শ্রিয় পরিজন ও বন্ধুবান্ধবকে। এদের মায়াম না জড়ালে হয়তো বিরাট কিছু একটা লিখতেও পারতাম।

মনেপড়লো মির্জা গালিব'র একটি কালজয়ী অনুকবিতা বা শ্লোক :

'ইস্কনে হামে নিকম্বা কর দিয়া
অওর না হাম ভি আদমি থে কামকে'

ভাবার্থ হচ্ছে, ভালবাসা বা আসক্তি আমাকে অকম্বা করে দিয়েছে, নচেৎ আমিতো একটা কাজেরই মানুষ ছিলাম। অথবা নরেন্দ্র দেব অনুদিত ওমর খৈয়াম'র আরেকটি অনুকবিতা :

'যেদিন থেকে চাপলো মাথায় পিরিত করার বদ খেয়াল
মান অভিমান সব ভুলেছি-সেদিন থেকে এই নাকাল'

এখন শুধু মনে হয় এত বন্ধন, এত আন্তরিকতা এত স্নেহ-ভালবাসা এসব ফেলে যাব কী করে? তবুও বন্ধন তো কাটিতেই হবে। কাটিবে। বন্ধুত্বের-স্বজনের বন্ধনকে সুদৃঢ় করতে যারা সার্বিক সহযোগিতা করেছেন তাদের সবাইকে অনেক-অনেক ধন্যবাদ জানাচ্ছি।

(মোঃ শামসুজ্জোহা)

র

গি

কা

স্ম



বানী

র

পরিম করুণাময় আল্লাহ্ পাকের লাখে কোটি ভকরিয়া যে, তিনি তাঁর যাবতীয় নিয়ামতে ভরপুর করে আমাকে এখনো বাঁচিয়ে রেখেছেন। একসাথে যারা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে পড়েছিলাম, একসাথে যারা চাকুরীতে যোগ দিয়েছিলাম, যারা পাশাপাশি দীর্ঘদিন কাজ করেছিলাম, যারা দীর্ঘ চলার পথে আল্লীয়তার সম্পর্কে সম্পূর্ণ ছিলাম তাঁরা অনেকেই চিরবিদায় নিয়েছেন। সায়াহ্নের শেষ স্বর্ণরেখায় এখনো আমরা যারা আলোকিত তাদের একত্রিত হবার প্রাটফরম হচ্ছে রুব্বী ক্লাব।

১৯৯৬ সালে প্রতিষ্ঠিত হবার পর আজ এর ২০তম বর্ষপূর্তি। সংগঠনটি এখন পূর্ণ নওল কিশোর। এরপরই আসবে যৌবন। তরঙ্গায়িত ছন্দে এর সব সদস্যদের নিয়ে তরতর করে এগিয়ে যাবে রুব্বী ক্লাবের তরঙ্গী।

গি

এইতো মনে হয় সেদিনের কথা। শিক্ষাজীবন ছেড়ে চাকুরীতে যোগদান, ব্যস্তময় কর্মজীবন, কর্মজীবনের পরিসমাপ্তি এবং 'প্রাক্কনের' তালিকায় নাম লিখিয়ে বর্তমান সময়ের স্রোতে ভেসে চলার স্পন্দন। 'মরিতে চাহিনা আমি সুন্দর ভুবনে মানবের মাঝে আমি বাঁচিবারে চাই' আর্তি আমাকে গভীরভাবে আজ আকৃষ্ট করেছে 'রুব্বী ক্লাব'র মঙ্গল ও কল্যাণকর তৎপরতায়। আমি রুব্বী ক্লাবের সাথে ছিলাম, আছি এবং যতদিন বেঁচে আছি ততদিন যেন সম্পূর্ণ থাকতে পারি এই কামনা করি এবং একই সাথে রূপালী ব্যাংক থেকে যারা অবসরে গেছেন, যাচ্ছেন এবং যাবেন তাঁদেরকেও আহ্বান জানাই এর সাথে সম্পূর্ণ হয়ে একত্রে জীবনের গান গাইতে।

রুব্বী ক্লাবকে ঘিরে আমরা যারা একত্রিত হয়েছি তাঁদের স্মৃতি বিজড়িত অতীত কর্মকান্ড, মেধা ও মননের বহিঃপ্রকাশ হচ্ছে "বন্ধন"। "বন্ধন" এর ৬ষ্ঠ সংখ্যা প্রকাশের আয়োজন ও উদ্যোগকে স্বাগত জানাই।

কা

আল্লাহ্ আমাদের সহায় হোন।

শুভ্রুণা স্পন্দন ও স্পন্দন
(এম. এ. ওয়াহূহাব)
সদস্য, উপদেষ্টা পরিষদ

২০১৬

স্ম

র

নি

কা

২০১৬

বঙ্গবন্ধু


শুরু থেকে -----



সাল : ২০১৬




সাল : ২০১০



সাল : ২০০৬



সাল : ২০০৩



সাল : ২০০১



সাল : ১৯৯৮

রুবী ক্লাব'র নেতৃত্বে ছিলেন যারা :

নির্বাহী কমিটি ২০০৬ ও ২০০৭

| | |
|----------------------------|----------------------|
| ১। এ. এ. কোরেশী | সভাপতি |
| ২। এম. এ. ওয়াহাব | সহ-সভাপতি |
| ৩। এম. এ. হাশেম | সহ-সভাপতি |
| ৪। কাজী মোজাহার আলী | সাধারণ সম্পাদক |
| ৫। রফিকুল ওয়াহেদ | যুগ্ম-সাধারণ সম্পাদক |
| ৬। জি. এ. নূর-ই-আলম চৌধুরী | কোষাধ্যক্ষ |
| ৭। এল. আর. চৌধুরী | সদস্য |
| ৮। নাসিরুল হক চৌধুরী | সদস্য |
| ৯। মোঃ সিরাজুল ইসলাম | সদস্য |
| ১০। খান মোসলেম আলী | সদস্য |
| ১১। সৈয়দ এনায়েত হোসেন | সদস্য |

নির্বাহী কমিটি ২০০৪ ও ২০০৫

| | |
|----------------------------|----------------|
| ১। এ. এ. কোরেশী | সভাপতি |
| ২। নূর আহমদ | সহ-সভাপতি |
| ৩। এম. এ. ওয়াহাব | সহ-সভাপতি |
| ৪। কাজী মোজাহার আলী | সাধারণ-সম্পাদক |
| ৫। মোতাহার হোসেন পাটোয়ারী | যুগ্ম-সম্পাদক |
| ৬। জি. এ. নূর-ই-আলম চৌধুরী | কোষাধ্যক্ষ |
| ৭। এম. এ. হাশেম | সদস্য |
| ৮। নাসিরুল হক চৌধুরী | সদস্য |
| ৯। ডি. এইচ. চৌধুরী | সদস্য |
| ১০। খান মোঃ ফিরোজ কবীর | সদস্য |
| ১১। এল. আর. চৌধুরী | সদস্য |

নির্বাহী কমিটি ২০০২ ও ২০০৩

| | |
|-----------------------------|----------------|
| ১। এ. এ. কোরেশী | সভাপতি |
| ২। নূর আহমদ | সহ-সভাপতি |
| ৩। মোঃ মুসলিম | সহ-সভাপতি |
| ৪। কাজী মোজাহার আলী | সাধারণ-সম্পাদক |
| ৫। সৈয়দ সাইফুল্লাহ | যুগ্ম-সম্পাদক |
| ৬। এল. আর. চৌধুরী | কোষাধ্যক্ষ |
| ৭। এ. জে. মাসুদুল হক আহমদ | সদস্য |
| ৮। ডি. এইচ. চৌধুরী | সদস্য |
| ৯। জি. এ. নূর-ই-আলম চৌধুরী | সদস্য |
| ১০। ইউসুফ আলী হাওলাদার | সদস্য |
| ১১। মোতাহার হোসেন পাটোয়ারী | সদস্য |

নির্বাহী কমিটি ২০০০ ও ২০০১

| | |
|---------------------------|----------------|
| ১। এ. এ. কোরেশী | সভাপতি |
| ২। এম. এ. ওয়াহাব | সহ-সভাপতি |
| ৩। মোঃ মুসলিম | সহ-সভাপতি |
| ৪। কাজী মোজাহার আলী | সাধারণ-সম্পাদক |
| ৫। মোস্তাফিজুর রহমান | যুগ্ম-সম্পাদক |
| ৬। এল. আর. চৌধুরী | কোষাধ্যক্ষ |
| ৭। এ. জে. মাসুদুল হক আহমদ | সদস্য |
| ৮। কে. সি. রেজাউল হক | সদস্য |
| ৯। এম. এ. হাশেম | সদস্য |
| ১০। মোঃ আলিউজ্জামান | সদস্য |
| ১১। ডি. এইচ. চৌধুরী | সদস্য |

নির্বাহী কমিটি ১৯৯৮ ও ১৯৯৯

| | |
|--------------------------------|----------------|
| ১। এ. এ. কোরেশী | সভাপতি |
| ২। নূর আহমদ | সহ-সভাপতি |
| ৩। মোঃ মুসলিম | সহ-সভাপতি |
| ৪। কাজী মোজাহার আলী | সাধারণ-সম্পাদক |
| ৫। পাঠান এনামুল হক | যুগ্ম-সম্পাদক |
| ৬। এল. আর. চৌধুরী | কোষাধ্যক্ষ |
| ৭। গোলাম মোহাম্মদ | সদস্য |
| ৮। এ. জে. মাসুদুল হক আহমদ | সদস্য |
| ৯। কে. সি. রেজাউল হক | সদস্য |
| ১০। শাহ এ. এইচ. এম. আব্দুল হাই | সদস্য |
| ১১। ডি. এইচ. চৌধুরী | সদস্য |

এডহক নির্বাহী কমিটি (১৯৯৬ ও ১৯৯৭)

| | |
|----------------------------|------------|
| ১। এ. জে. মাসুদুল হক আহমদ | আহ্বায়ক |
| ২। এল. আর. চৌধুরী | সদস্য সচিব |
| ৩। কাজী মোজাহার আলী | সদস্য |
| ৪। শাহ মোহাম্মদ আব্দুল হাই | সদস্য |
| ৫। ডি. এইচ. চৌধুরী | সদস্য |
| ৬। আবুল হোসেন | কোষাধ্যক্ষ |

রুবী ক্লাব'র নেতৃত্বে ছিলেন যারা :

নির্বাহী কমিটি ২০১৬ ও ২০১৭

| | |
|---------------------------|----------------------|
| ১। এম. এ. হাশেম | সভাপতি |
| ২। কাজী মোজাহার আলী | সহ-সভাপতি |
| ৩। মোহাম্মদ শামসুজ্জোহা | সহ-সভাপতি |
| ৪। এল আর চৌধুরী | সহ-সভাপতি |
| ৫। জি.এ. নূর-ই আলম চৌধুরী | সহ-সভাপতি |
| ৬। কাজী আব্দুর রাজ্জাক | সাধারণ সম্পাদক |
| ৭। এস.এম. আতিকুর রহমান | সাংগঠনিক সম্পাদক |
| ৮। মোহাম্মদ এমদাদুল হক | সমাজকল্যাণ সম্পাদক |
| ৯। পেয়ার আহমেদ ভূঁইয়া | যুগ্ম সাধারণ সম্পাদক |
| ১০। লিয়াকত আলী খান | অর্থ সম্পাদক |
| ১১। সানাউল হক | সদস্য |
| ১২। খান মোসলেম আলী | সদস্য |
| ১৩। আলফাজ উদ্দিন আহমেদ | সদস্য |
| ১৪। শরীফ মোঃ মাহবুব আলম | সদস্য |
| ১৫। বেগম শরীফুন্নাহার | সদস্য |
| ১৬। আরিফুর রহমান | সদস্য |
| ১৭। এনামুল হাকিম | সদস্য |
| ১৮। খন্দকার আনিসুর রহমান | সদস্য |
| ১৯। আলী রেজা চৌধুরী | সদস্য |

নির্বাহী কমিটি ২০১৪ ও ২০১৫

| | |
|---------------------------|---------------------------------|
| ১। এম. এ. হাশেম | সভাপতি |
| ২। কাজী মোজাহার আলী | সিনিয়র সহ-সভাপতি |
| ৩। মোহাম্মদ শামসুজ্জোহা | সহ-সভাপতি |
| ৪। এল আর চৌধুরী | সহ-সভাপতি |
| ৫। কাজী আব্দুর রাজ্জাক | সাধারণ সম্পাদক |
| ৬। গাজী আমীর হোসেন | যুগ্ম-সাধারণ সম্পাদক |
| ৭। এস.এম. আতিকুর রহমান | সাংগঠনিক সম্পাদক |
| ৮। মোহাম্মদ এমদাদুল হক | সমাজকল্যাণ ও সাংস্কৃতিক সম্পাদক |
| ৯। জি.এ. নূর-ই আলম চৌধুরী | অর্থ সম্পাদক |
| ১০। মোহাম্মদ সানাউল হক | সদস্য |
| ১১। আলফাজ উদ্দিন আহমেদ | সদস্য |
| ১২। খান মোসলেম আলী | সদস্য |
| ১৩। মোঃ শহিদ উল্লাহ | সদস্য |
| ১৪। তাসনিম উদ্দিন আহমেদ | সদস্য |
| ১৫। বেগম শরীফুন্নাহার | সদস্য |
| ১৬। শরীফ মাহবুব আলম | সদস্য |
| ১৭। শামস উদ্দিন আহমেদ | সদস্য |

নির্বাহী কমিটি ২০১২ ও ২০১৩

| | |
|---------------------------|--------------------|
| ১। এম. এ. হাশেম | সভাপতি |
| ২। কাজী মোজাহার আলী | সহ-সভাপতি |
| ৩। মোহাম্মদ শামসুজ্জোহা | সহ-সভাপতি |
| ৪। এল আর চৌধুরী | সহ-সভাপতি |
| ৫। সানাউল হক | সাধারণ সম্পাদক |
| ৬। জি.এ. নূর-ই আলম চৌধুরী | অর্থ সম্পাদক |
| ৭। মোহাম্মদ এমদাদুল হক | সমাজকল্যাণ সম্পাদক |
| ৮। এস এম সলিমুল্লাহ | সদস্য |
| ৯। তাসনিম উদ্দিন আহমেদ | সদস্য |
| ১০। আলফাজ উদ্দিন আহমেদ | সদস্য |
| ১১। মিসেস লায়লা আফিয়া | সদস্য |

নির্বাহী কমিটি ২০১০ ও ২০১১

| | |
|----------------------------|----------------------|
| ১। এম. এ. ওয়াহুহাব | চেয়ারম্যান |
| ২। এম. এ. হাশেম | ভাইস-চেয়ারম্যান |
| ৩। কাজী মোজাহার আলী | ভাইস-চেয়ারম্যান |
| ৪। তাসনিম উদ্দিন আহমেদ | সাধারণ সম্পাদক |
| ৫। জিয়া উদ্দিন লস্কর | যুগ্ম-সাধারণ সম্পাদক |
| ৬। জি. এ. নূর-ই-আলম চৌধুরী | কোষাধ্যক্ষ |
| ৭। ডি. এইচ. চৌধুরী | সদস্য |
| ৮। মোহাম্মদ শামসুজ্জোহা | সদস্য |
| ৯। সৈয়দ সাইফুল্লাহ | সদস্য |
| ১০। খান মোঃ ফিরোজ কবির | সদস্য |
| ১১। মোহাম্মদ এমদাদুল হক | সদস্য |

নির্বাহী কমিটি ২০০৮ ও ২০০৯

| | |
|----------------------------|----------------------|
| ১। এ. এ. কোরেশী | চেয়ারম্যান |
| ২। এম. এ. ওয়াহুহাব | ভাইস-চেয়ারম্যান |
| ৩। এম. এ. হাশেম | ভাইস-চেয়ারম্যান |
| ৪। মোহাম্মদ শামসুজ্জোহা | সাধারণ সম্পাদক |
| ৫। মোঃ রফিকুল ওয়াহেদ | যুগ্ম-সাধারণ সম্পাদক |
| ৬। জি. এ. নূর-ই-আলম চৌধুরী | কোষাধ্যক্ষ |
| ৭। কাজী মোজাহার আলী | সদস্য |
| ৮। নাসিরুল হক চৌধুরী | সদস্য |
| ৯। তাসনিম উদ্দিন আহমেদ | সদস্য |
| ১০। হারুন রশিদ সিদ্দিকী | সদস্য |
| ১১। সৈয়দ এনায়েত হোসেন | সদস্য |

নির্বাহী কমিটি-২০১৬-২০১৭



এম. এ. হাশেম
সভাপতি



কাজী মোজাহার আলী
সহ-সভাপতি



মোঃ শামসুজ্জোহা
সহ-সভাপতি



এল আর চৌধুরী
সহ-সভাপতি



মি. এ. নূর-ই-আলম চৌধুরী
সহ-সভাপতি



কাজী আবদুর রাজ্জাক
সাধারণ সম্পাদক



এ. এম. এম. অতিকুর রহমান
সাংগঠনিক সম্পাদক



মোহাম্মদ এমদাদুল হক
সমাজ কল্যাণ ও
সাংস্কৃতিক সম্পাদক



পেয়ার আহমেদ হুইরা
যুগ্ম সাধারণ সম্পাদক



শিয়াকত আলী খান
অর্থ সম্পাদক



মোঃ সানাউল হক
সদস্য



খান মোসলেম আলী
সদস্য



আলফাজ উদ্দিন আহমেদ
সদস্য



শরীক মোঃ মাহবুব আলম
সদস্য



বেগম শরীফুল্লাহার
সদস্য



আরিফুর রহমান
সদস্য



এনামুল হাকিম
সদস্য



খন্দকার আনিসুর রহমান
সদস্য



আলী রেজা চৌধুরী
সদস্য

২০১৬

নির্বাহী কমিটির সভা



সম্পাদনা পরিষদের সভা বাম দিক থেকেঃ সর্বজনাব কাজী আব্দুর রাজ্জাক, মোঃ শামসুজ্জোহা, এল. আর চৌধুরী, হোসনে আরা বেগম ও মোহাম্মদ এমদাদুল হক।



বাম দিক থেকেঃ সর্বজনাব কাজী আব্দুর রাজ্জাক, এম.এ. হাশেম ও মোঃ শামসুজ্জোহা।

স্ম



সাধারণ সম্পাদকের কলাম

র

টাকা ক্লাবে অনুষ্ঠিত হয় বিগত ঈদ পূর্নমিলনী, যেখানে নিজেদের বয়স, পদবী সব ভুলে গিয়ে রুবী ক্লাবের সদস্যগণ একে অন্যের সাথে উৎফুল্ল এবং উজ্জ্বলিত সময় কাটিয়েছেন, সৌহার্দ, সহমর্মিতা ও কুশল বিনিময়ই শুধু নয়, গল্পচারিতায়, সকলের কলকাকলীতে কখন যে সন্ধ্যা পড়িয়ে রাত নেমে এসেছে তা বোধগম্য হল যখন রাতের খাবার গ্রহণের ঘোষণা এল। কোনও তাড়াহুড়া নেই- একে অন্যকে সুযোগ দেয়ার অপূর্ব নিদর্শন-লাইনে দাড়িয়ে সকলে খাবার নিয়ে গল্পে গল্পে আশ্বাসন। বারংবার এ রকম অনুষ্ঠানের মাধ্যমে অভূতপূর্ব মিলনমেলার আয়োজন করে সকলের সমাগমের সুযোগ করে দেয়ার জন্য রুবী ক্লাবের প্রতিষ্ঠাতা সদস্যদের সহ সকল সদস্যগণকে আমি ব্যক্তিগতভাবে কৃতজ্ঞতা জানাচ্ছি।

প্রতি বছরের মত এ বছরও শীতের শেষে বনভোজনের আয়োজন, বার্ষিক সাধারণ সভা, বার্ষিক হিসেবের খতিয়ান পর্ববেক্ষণ; মূলত এ সব অনুষ্ঠানই আমাদের কনিষ্ঠের মিলনমেলা, যেখানে সবাই বয়স ভুলে যায়, সময় ভুলে যায় সতীর্থদের সহচর্যে। গল্প বেন শেষ হবার নয়।

তদুপরি, সৃষ্টির অমোঘ নিয়মের কাছে ছন্দ পতন ঘটে। কখনও কখনও মেঘাচ্ছন্ন হয়ে যায় মন। অনেক বিদম্ভজনকে হারানোর ব্যাধা সইতে হয়। গ্রহণ করতে হয় অনেকের অসুস্থতার সংবাদ। শ্রদ্ধেয় মরহুম জনাব আবদুল হাই তালুকদার যিনি বিগত ৮ মে ২০১৬ তারিখে সিডনীতে ইন্তেকাল করেছেন (ইদ্রালিল্লাহে... .. রাজ্জেউন) তিনি সহ যাদেরকে ইতিমধ্যে হারিয়েছি সকলের বিদেহী আত্মার মাগফেরাতসহ জান্নাতুল ফেরদাউস কামনা করছি। মরহুম তালুকদার এ বছর ফেল্ডসারীর পিকনিকে সকলকে মাতিয়ে রেখেছিলেন।

নি

বর্তমান সময়ে আমাদের অনেক জ্যেষ্ঠ সদস্য অসুস্থ আছেন। অসুস্থ জনের খোঁজ খবর নেওয়া আমাদের ক্লাবের একটি সাধারণ দায়িত্ব। আমরা সব সময় তা পেরে উঠি না। আপনারা জানেন যে, আমাদের অনেক সদস্য বয়সের ভারে নুঞ্জে হয়ে পড়েছেন যার প্রেক্ষিতে সবসময় সকল কর্মসূচীতে উপস্থিত থাকতে পারেন না। বিশেষ করে সবার শ্রদ্ধাভাজন প্রতিষ্ঠাতা সভাপতি ও সদস্য জনাব এ, এ, কোরেশী, জনাব এম, এ ওয়াহাব, জনাব মীর্জা আব্দুর রশিদশহ জ্যেষ্ঠ সদস্যগণ সকলের দোয়া প্রার্থী। তাদের সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করছি। এই বয়সেও তাদের উপস্থিতি আমাদেরকে অনুপ্রাণিত করে।

বৃত্তি প্রদান, শীতবস্ত্র বিতরণ, সিআরপি'র সদস্যপদ নবায়ণ এবং ছুইল চেয়ার প্রদান অব্যাহত আছে ও থাকবে ইনশাআল্লাহ। এ বিষয়ে অনেক সদস্যগণ ব্যক্তিগতভাবে সহযোগিতা করেছেন তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন করছি। এছাড়া যারা শ্রমশীল প্রকাশে বিজ্ঞাপন দিয়েছেন এবং শুভেচ্ছা বার্তা জানিয়েছেন তাদের সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি। রুবী ক্লাব ২১ বছরে পা দিল। এ মুহুর্তে নতুন সদস্যগণকে স্বাগত জানিয়ে সকলকে শুভেচ্ছা ও শ্রদ্ধাভাবনতচিত্তে সকলের আরও সহযোগিতা কামনা করছি যাতে ক্লাবকে ক্লাবের বয়স অনুযায়ী একটি যৌক্তিক রূপরেখায় নিয়ে দাঁড়া করানো যায়। একটি কথা না বললেই নয়, চার্জড জেনিট কো-অপারেটিভ লিমিটেড কর্তৃপক্ষের নিকট এই ক্লাবের সবাই বিশেষ ভাবে কৃতজ্ঞ। দীর্ঘ দিন ক্লাবের অফিস চালানোর জন্য তারা যে সৌজন্যতা দেখিয়েছেন এজন্য প্রতিষ্ঠানের কর্ণধার খান মোহাম্মদ ফিরোজ কবিরসহ সকল পরিচালক ও নির্বাহীর নিকট আমরা কৃতজ্ঞ। বার্ষিক সহযোগিতার জন্য সকল শ্রদ্ধাভাজন সদস্যকে ধন্যবাদ।

আমি আবারও সবার সহযোগিতা ও দোয়া কামনা করছি।

বিনীত

(কাজী আব্দুর রাজ্জাক)

২০১৬

স্ম

র

ণি

কা

২০১৬



সম্পাদকের কথা

আলহামদুলিল্লাহ্। অনেক চড়াই উত্ৰাই পার হয়ে অবশেষে বন্ধন'র ৬ষ্ঠ সংখ্যা আলোর মুখ দেখলো। আমরা যখন বন্ধন'র জন্য লেখা আহ্বান করেছিলাম তখন আবদুল হাই তালুকদার সাহেব বেঁচে ছিলেন। লেখা, লেখা প্রকাশ, তা তাকে পৌঁছে দেবার পরামর্শসহ দারুণ হৃদতায় তারা সমৃদ্ধ ছিলেন। হঠাৎ করে শুনলাম তিনি নেই। চলে গেছেন চিরতরে আমাদের লোকচকুর অন্তরালে না ফেরার দেশে। এমনি করে আমরা আজ যারা কর্মচঞ্চল, প্রাণোচ্ছাল ও ব্যস্ত জীবনযাপন করছি, আত্মীয়তার বন্ধনে মধুময় সময় পার করছি তারাও এই পরপারের যাত্রী হয়ে ভবতরীতে উঠার জন্য প্রস্তুতি নিচ্ছি। এটাই বাস্তব। এটাই সত্য। আমি বা আমরা ছিলামনা- আমরা আছি এবং আমরা কেউ থাকবো না।

একান্ত ইচ্ছা, আমরা সাময়িক সময়ের জন্য যারা আছি তারা যেন একজন অপরের সুখে- দুঃখে, হাসি আনন্দের মেলবন্ধন হিসেবে যারা রুবীক্লাব সৃষ্টি করেছিলেন তাদের মধ্যে কেউ হয়তো নেই। কিন্তু তাদের মহতী উদ্যোগকে কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি।

যারা শত ব্যস্ততা ও আনন্দ-নিরানন্দময় সময় অতিবাহিত করেছেন এবং এর মধ্যেও বন্ধন'র জন্য লেখা দিয়েছেন তাদের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি। যারা বিজ্ঞাপন দিয়ে আমাদের চলমান প্রচেষ্টাকে সহায়তা করেছেন তাদের প্রতিও কৃতজ্ঞতা।

কোন প্রকাশনার সবচেয়ে বিরক্তিকর কাজ হচ্ছে গ্রুফ দেখা। তবে সম্পাদনা পরিষদের সদস্যবৃন্দ সেই বিরক্তিকর কাজকে উপেক্ষা করে বেশ কষ্ট স্বীকার করেছেন। বিশেষ করে শ্রদ্ধেয় জনাব এল. আর. চৌধুরী, জনাব মোঃ শামসুজ্জোহা এবং কাজী আবদুর রাক্কাকের অকান্ত পরিশ্রম শ্রদ্ধার সাথে স্মরণ করতে হয়। তারা না হলে এবারের বন্ধন প্রকাশনা কোনভাবেই সহজ ছিলোনা।

সকলকে আবারো শ্রদ্ধা ও শুভেচ্ছা।

(মোহাম্মদ এমদাদুল হক)



মত্নাপত্তির বার্নী

‘নস্টালজিয়া’ শব্দের শাব্দিক অর্থ গৃহকাতরতা, অতীতের প্রতি অতিমুগ্ধ এবং অতীত বিধুরতা। স্মৃতিবিধুর অতীত কাউকে হাসায় এবং দীর্ঘদিন বেঁচে থাকার অনুপ্রেরণা যোগায়। তাতে মন উজ্জীবিত ও সুন্দর থাকে। দেহ-মন-অবয়বে সতেজ স্নিগ্ধ আভার পরিষ্কৃটন ঘটে। আর কাউকে অতীত স্মৃতি বেদনাবিধুর করে তোলে, সারাঞ্চণ জ্বালা দেয়, সুন্দর পৃথিবীটাই মনে হয় নরক। তারা মরতে পারলেই যেন বাঁচে।

অনন্ত বিধে আমাদের বেঁচে থাকার সময়টাতো পলকের মতো। এতটুকু সময় নিয়েই যেহেতু আমাদের বেঁচে থাকা সেহেতু এ সময়টা নিয়ে গর্ব করার মতো কিছু নেই— হেলায়-ফেলায় একে অপচয় করাও সমীচীন নয়। যতটুকু সম্ভব একে কাজে লাগাতে হবে কল্যাণ, মঙ্গল ও সম্পৃক্ততার বন্ধনে কাটানোর। যারা এটা করতে পারেন, বলা যায় তাঁরা ভাগ্যবান। ‘রুবী ক্লাব’ গঠনের মাধ্যমে আমরা মঙ্গল প্রদীপ জ্বলেছি। অতীত বিধুর জীবনের সুখস্মৃতিতে আলোকময় করে নিকষ আঁধারকে বিদূরিত করার জন্য সম্পৃক্ত হয়েছি। আর এহেন শুভ উদ্যোগ ও সম্পৃক্ততার ফসলই হচ্ছে ‘বন্ধন’ নামক স্মরণিকা প্রকাশনা।

ইতোমধ্যে, প্রকাশিত ‘বন্ধন’র পাতায় ছাপানো অনেকেই আমাদের মাঝখান থেকে বিদায় নিয়েছেন। পুষ্টিত বন্ধন থেকে ঝরে গেছেন তাঁরা। তাঁদের পারলৌকিক শান্তি ও মুক্তি কামনা করি। আমরা যারা বেঁচে আছি আসুন তাঁরা একত্রিত হই ‘রুবী ক্লাব’র এই মহতি প্রয়াসে।

পরিশেষে ‘বন্ধন’ বর্তমান সংখ্যা প্রকাশে ‘রুবী ক্লাব’র সব সম্মানিত সদস্য, লেখকবৃন্দ, বিজ্ঞাপনদাতা ও শুভানুধ্যায়ীদের আন্তরিক ধন্যবাদ জানাই।

(এম. এ. হাশেম)

স্ম

র

নি

কা



প্রধান উপদেষ্টার বার্তা

দৈখতে দেখতে 'রুবী ক্লাব' বিশ বছর পার করে এলো। কীভাবে কেটে গেল এই বিশ বছর তা একমাত্র মহাকালই বলতে পারবে। রুপালী ব্যাংকে যারা একদিনের জন্যও চাকুরী করেছেন সেসব অবসরপ্রাপ্ত নির্বাহী কর্মকর্তাদের ঘনিষ্ঠতা, সহমর্মিতা, হৃদয়িক সম্পৃক্ততা ও পারিবারিক সম্মিলনীর প্রাটফরম হচ্ছে 'রুবী ক্লাব'।

'রুবী ক্লাব' এর প্রতিষ্ঠার ক্ষণটি ছিল এককালের সহকর্মীদের মধ্যে যোগসূত্র রক্ষার প্রতীকী শিখাটি নিরন্তর জ্বালিয়ে রাখার প্রচেষ্টা শুরু করার ক্ষণ। সেই শুভক্ষণ থেকে যারা উদ্যোগী ভূমিকা পালন করে এই কল্যাণকর ও পরম আকাজিক সংগঠনটিকে এগিয়ে নিয়ে এসেছেন তাঁরা প্রশংসা ও কৃতিত্বের দাবীদার। তাঁদের জন্য রইলো আমার আন্তরিক শুভেচ্ছা।

২০তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে প্রকাশিতব্য স্মরণিকা 'বন্ধন' এ যারা লেখা দিয়ে স্মরণিকাটি প্রকাশে সার্বিক সহায়তা করেছেন, যারা বিজ্ঞাপন এবং শ্রম দিয়ে এটিকে আলোর মুখ দেখিয়েছেন তাঁদের সকলকে ধন্যবাদ জানাই। একইসাথে ইতোমধ্যে যারা পরলোকগমন করেছেন তাঁদের বিদেহী আত্মার শান্তি কামনা করছি।

(এম. এ. কোরেশী)

উপদেষ্টা মন্ডলী



এ. এ. কোরেশী
প্রধান উপদেষ্টা



এম. এ. ওয়াহাব
উপদেষ্টা



এ. জে. মাসুদুল হক আহমেদ
উপদেষ্টা



মোঃ ইয়াছিন আলী
উপদেষ্টা



এ. এ. এম. জাকারিয়া
উপদেষ্টা

স্ব

র

নি

কা

স্ম



সম্পাদকের কথা

র

আলহামদুলিল্লাহ্। অনেক চড়াই উত্থরাই পার হয়ে অবশেষে বন্ধন'র ৬ষ্ঠ সংখ্যা আলোর মুখ দেখলো। আমরা যখন বন্ধন'র জন্য লেখা আহ্বান করেছিলাম তখন আবদুল হাই তালুকদার সাহেব বেঁচে ছিলেন। লেখা, লেখা প্রকাশ, তা তাকে পৌঁছে দেবার পরামর্শসহ দারুণ হৃদতায় তারা সমৃদ্ধ ছিলেন। হঠাৎ করে গুনলাম তিনি নেই। চলে গেছেন চিরতরে আমাদের লোকচক্ষুর অন্তরালে না ফেরার দেশে। এমনি করে আমরা আজ যারা কর্মচঞ্চল, প্রাণোচ্ছল ও ব্যস্ত জীবনযাপন করছি, আত্মীয়তার বন্ধনে মধুময় সময় পার করছি তারাও এই পরপারের যাত্রী হয়ে ভবতরীতে উঠার জন্য প্রস্তুতি নিচ্ছি। এটাই বাস্তব। এটাই সত্য। আমি বা আমরা ছিলামনা- আমরা আছি এবং আমরা কেউ থাকবো না।

একান্ত ইচ্ছা, আমরা সাময়িক সময়ের জন্য যারা আছি তারা যেন একজন অপরের সুখে- দুঃখে, হাসি আনন্দের মেলবন্ধন হিসেবে যারা রুবীক্লাব সৃষ্টি করেছিলেন তাদের মধ্যে কেউ হয়তো নেই। কিন্তু তাদের মহতী উদ্যোগকে কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি।

যারা শত ব্যস্ততা ও আনন্দ-নিরানন্দময় সময় অতিবাহিত করছেন এবং এর মধ্যেও বন্ধন'র জন্য লেখা দিয়েছেন তাদের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি। যারা বিজ্ঞাপন দিয়ে আমাদের চলমান প্রচেষ্টাকে সহায়তা করেছেন তাদের প্রতিও কৃতজ্ঞতা।

কোন প্রকাশনার সবচেয়ে বিরক্তিকর কাজ হচ্ছে গ্রুফ দেখা। তবে সম্পাদনা পরিষদের সদস্যবৃন্দ সেই বিরক্তিকর কাজকে উপেক্ষা করে বেশ কষ্ট স্বীকার করেছেন। বিশেষ করে শাজ্জেয় জনাব এল. আর. চৌধুরী, জনাব মোঃ শামসুজ্জোহা এবং কাজী আবদুর রাজ্জাকের অকান্ত পরিশ্রম শক্তির সাথে স্মরণ করতে হয়। তারা না হলে এবারের বন্ধন প্রকাশনা কোনভাবেই সহজ ছিলোনা।

সকলকে আবারো শ্রদ্ধা ও শুভেচ্ছা।

(মোহাম্মদ এমদাদুল হক)

কা

২০১৬

রুবী ক্লাব'র ওয়েলফেয়ার ফান্ড কমিটি

(রূপালী ব্যাংক এন্ড-এক্সিকিউটিভস ক্লাবের একটি সেবামূলক তহবিল)

২০১০ ও ২০১১ সালের পরিচালনা কমিটি



এল. আর. চৌধুরী
সভাপতি



মোহাম্মদ এমদাদুল হক
সম্পাদক



কাজী আবদুর রাহ্মাক
সদস্য



এস. এ. এম. সলিমউদ্দীন
সদস্য



মোঃ সাদাউল হক
সদস্য

Objectives of the Rubee Club Welfare Fund

1. To help / assist in funeral expenses
2. To arrange for emergent medical expenses
3. To help / assist in marriage expenses
4. To provide financial assistance for educational expenses
5. To help / assist in maintainance, sustenance, livelihood
6. To provide financial assistance or such other help, relief as is considered fit & proper, on humanitarian ground by the committee of Welfare fund.

PLEASE DONATE TO THE FUND